

মাকানার বিয়ে স্থগিত

বিয়ের দিনই বাবা শ্রীনিবাস হৃদরোগে আক্রান্ত। ভর্তি হাসপাতালে। ফলে বিয়ে পিছিয়ে গেল স্মৃতি মাকানার। স্মৃতির ম্যানেজার জানান, শ্রীনিবাস সম্পূর্ণ সুস্থ হওয়ার পরেই বিয়ের অনুষ্ঠান হবে



জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper : www.epaper.jagobangla.in

f /DigitalJagoBangla

o /jagobangladigital

o /jago_bangla

www.jagobangla.in

মোদিরাজ্যে স্কুলের মাঝেই ছাত্রীকে অজ্ঞান করে একাধিকবার ধর্ষণ



উত্তরাখণ্ডের নৈনিতালে সড়ক দুর্ঘটনা, মৃত তিন



বর্ষ - ২১, সংখ্যা ১৭৯ • ২৪ নভেম্বর, ২০২৫ • ৭ অগ্রহায়ণ ১৪৩২ • সোমবার • দাম - ৪ টাকা • ১৬ পাতা • Vol. 21, Issue - 179 • JAGO BANGLA • MONDAY • 24 NOVEMBER, 2025 • 16 Pages • Rs-4 • RNI NO. WBBEN/2004/14087 • KOLKATA

দৃষ্টিহীনদের ক্রিকেটেও এবার ভারতের মেয়েদের বিশ্বজয়



■ বিশ্বচ্যাম্পিয়ন। কলম্বোয় নেপালকে হারিয়ে বিশ্বকাপ হাতে অধিনায়ক দীপিকা টিসি-সহ টিম ইন্ডিয়া।

কলম্বো, ২৩ নভেম্বর : চলতি মাসের শুরুতেই মেয়েদের ক্রিকেটে প্রথমবার বিশ্বকাপ জিতে ইতিহাস গড়েছিল ভারত। হরমণপ্রীত কৌর, স্মৃতি মাকানাদের বিশ্বজয়ের ২১ দিন পর দৃষ্টিহীনদের ক্রিকেটেও বিশ্ব চ্যাম্পিয়ন হল 'উইমেন ইন ব্লু'। এবারই প্রথম দৃষ্টিহীন মহিলাদের টি-২০ বিশ্বকাপ শুরু হয়। রবিবার কলম্বোয় ফাইনালে নেপালকে ৭ উইকেটে হারিয়ে বিশ্বসেরার খেতাব জিতে নেয় ভারতের মেয়েরা। অধিনায়ক দীপিকা টিসির হাতে ওঠে চ্যাম্পিয়নের ট্রফি। মাঠেই বাঁধভাঙা উচ্ছ্বাসে ভাসেন ক্রিকেটাররা।

খেতাবি লড়াইয়ে এদিন টসে জিতে নেপালকে প্রথমে ব্যাট করতে পাঠায় তারা। ভারতীয় বোলারদের আঁটসাঁট বোলিংয়ের সামনে নেপাল ৫ উইকেটে ১১৪ রানের বেশি তুলতে পারেনি। তাদের ইনিংসে ছিল কেবল একটি



বাউন্সারি। জবাবে মাত্র ১২.১ ওভারেই রান তুলে শিরোপা জিতে নেয় ভারত। ফুলা সারেন দলের হয়ে সর্বোচ্চ ৪৪ রান করেন মাত্র ২৭ বলে। কে করুণা করেন ৪২ রান। গোটা প্রতিযোগিতায় ভাল খেলেন বাসন্তী হাঁসদা, দীপিকারা। সেমিফাইনালে অস্ট্রেলিয়াকে হারিয়ে ফাইনালে উঠেছিল ভারত। ফাইনালেও একপেশে ম্যাচ জিতে চ্যাম্পিয়ন মেয়েরা। (এরপর ১২ পাতায়)

কাল মতু্যাদের মাঝে নেত্রী



মেগা মিটিংয়ে আজ অভিষেক

প্রতিবেদন : অপরিবর্তিত এসআইআর নিয়ে এখনও ধোঁয়াশা। আতঙ্কে আত্মহত্যার পথ বেছে নিচ্ছেন অনেকে। কাজের চাপে বিএলওরাও অসুস্থ হয়ে পড়ছেন। অনেকের মৃত্যুও ঘটেছে। এই পরিস্থিতিতে মঙ্গলবার মতুয়া-মহলে চাঁদপাড়া থেকে ঠাকুরবাড়ি পর্যন্ত মহামিছিল করবেন মমতা বন্দ্যোপাধ্যায়। উত্তর ২৪ পরগনার বনগাঁয় জনসভা থেকে দেবেন বার্তা। এদিকে সোমবার ফের মেগা



ভাটুয়া বৈঠকে বসছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। এসআইআর-সংক্রান্ত রিভিউ হবে এই বৈঠকে। দলীয় সাংসদ, বিধায়ক থেকে শুরু করে সর্বস্তরের নেতা মিলিয়ে ১০ হাজারের বেশি নেতৃত্বের সঙ্গে ভাটুয়া বৈঠক করবেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক। এসআইআর আবহে এবার তৃণমূল বিশেষ নজর দিয়েছে মতুয়া-অধ্যুষিত এলাকা ও উত্তরবঙ্গে। এই বৈঠকে সাংসদ ও বিধায়কদের পারফরম্যান্সও রিভিউ করা হবে। সেইসঙ্গে পরবর্তী দিকনির্দেশিকাও দেবেন অভিষেক। ভোটের তালিকার বিশেষ নিবিড় সংশোধনের নামে (এরপর ১২ পাতায়)

দিনের কবিতা

'জাগোবাংলা'য় শুরু হয়েছে নতুন সিরিজ— 'দিনের কবিতা'। মমতা বন্দ্যোপাধ্যায়ের কবিতাবিভিন থেকে একেদিন এক-একটি কবিতা নির্বাচন করে ছাপা হবে দিনের কবিতা। সমকালীন দিনে যার জন্ম, চিরদিনের জন্য যার যাত্রা, তাই আমাদের দিনের কবিতা।



চাঁদর

এত বড় আকাশ ঢাকবার চাঁদর? চাঁদমালাতে নেই। আকাশের শামিয়ানার সাইজ পাওয়া যায় কি? আকাশের প্যাভেল করার Decorator কোথায়? কালো অন্ধকার মেঘ আকাশকে গ্রাস করলে, সে কালো কি সাবানে পরিষ্কার হত? আকাশে কত রকমের ফুলের তারা! কিন্তু আকাশ থেকে তা, পেড়ে নেওয়া যায় না, বৃষ্টি থেকে আলাদা হয় না। চন্দ্র-সূর্য-গ্রহ-তারা বার-বার বরিষে বারিধারা— আকাশে বলমল রৌদ্র এ বলমল চমকানি ঢাকবার ছাতা কোথায়? মেঘ-মেঘমল্লারে মেঘস্তুপ! কিন্তু তাতে পর্বতভিমান হবে কি? অথবা মেঘীর জলভরা ট্রাক! ফুটো হয়ে গেলে কলসীর জলে তা আর কতটা ধরবে? প্রকৃতির জল তো সবার ওপরে। সব উৎসবের সারমেয়ে ওই প্রকৃতিমাতার চন্দ্র-সূর্য-গ্রহ-তারা ঘিরে। সর্বধর্ম সমন্বী ও তারা! প্রকৃতি সার্বজনীন, আকাশ বিশ্বজনীন জননী সবারঙ্গিণী 'তুমি ও আমি' সর্বকালীন।

তৃণমূলের সহায়তা শিবিরে আগুন লাগিয়ে দিল বিজেপি

প্রতিবেদন : অপরিবর্তিতভাবে এসআইআর করে রাজ্য তথা দেশজুড়ে এক আতঙ্কের পরিবেশ তৈরি করেছে কেন্দ্রীয় সরকার ও নির্বাচন কমিশন। এই পরিস্থিতিতে সাধারণ মানুষকে কিছুটা সুরাহা দিতে বিভিন্ন এলাকায় ক্যাম্প করেছে তৃণমূল। সেখানেও পিছিয়ে



■ অগ্নিদগ্ধ তৃণমূলের সহায়তা শিবির।

পড়ে হিংসা শুরু করল বিজেপি। এবার তৃণমূলের ক্যাম্প অফিসেই আগুন লাগিয়ে দিল বিজেপি। রবিবার চাঞ্চল্যকর ঘটনাটি ঘটে নদিয়ার কল্যাণীতে। মানুষের সঙ্গে কোনও সংযোগ নেই বিজেপির। (এরপর ১২ পাতায়)

প্রবল কাজের চাপে পরপর অসুস্থ বিএলওরা

প্রতিবেদন : কাজের চাপ মাত্রা ছাড়ছে। আর অতিরিক্ত কাজের চাপে অসুস্থ হয়ে পড়ছেন একের পর এক বিএলও। এমনকী, প্রাণও হারাতে হয়েছে তিন মহিলা বিএলওকে। তার মধ্যে দু'জন আত্মঘাতী। শুধু বাংলা নয়, দেশের ৬ রাজ্যে মাত্র ১৯ দিনেই ১৫ জন বিএলও-র মৃত্যু হয়েছে। পরপর বিএলওদের মৃত্যু ও অসুস্থতা নিয়ে নির্বাচন কমিশনকে কাঠগড়ায় তুলেছেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আবার কমিশনকে সমস্ত অভিযোগ খতিয়ে দেখার নির্দেশ দিয়েছেন রাজ্যপাল সিভি আনন্দ বোসও।



■ অসুস্থ কাটোয়ার শুকদেব দাস।

গত ২৪ ঘণ্টায় বাংলায় গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন আরও তিন বিএলও। শনিবার রাতে পূর্ব বর্ধমানের কাটোয়ায় অসুস্থ হয়ে পড়েন ১৪৭ নং পার্টের বিএলও শুকদেব দাস। খেতে বসে হঠাৎই বুকে যন্ত্রণা অনুভব করায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিবারের দাবি, কমিশনের বিএলও হিসাবে তিনি দৈনিক ১৮-২০ ঘণ্টা কাজ করছেন। প্রবল মানসিক চাপ থেকে প্যানিক অ্যাটাকে আক্রান্ত হয়েছেন ওই বিএলও। আবার রবিবার সোনারপুর-রাজপুর পুরসভার ১০৯ নং বিএলও (এরপর ১২ পাতায়)

তারিখ অভিধান

১৯৩১

রবি ঘোষ

(১৯৩১-১৯৯৭)

এদিন জন্মগ্রহণ করেন। অভিনয় ছিল তাঁর মজ্জায়-মজ্জায়। তাই কোনও বাধাই তাঁর সেই 'প্যাশন'কে দমিয়ে রাখতে পারেনি। আর পেশাদারিত্ব? ঠিক সময়ে কাজের জায়গায় পৌঁছানো ছিল তাঁর স্বভাব। 'ঠগিনী' ছবি তৈরির সময় একদিন বেশ দেরি হল ফ্লোরে পৌঁছাতে। দুপুরের ব্রেকের আগে পর্যন্ত নির্বিঘ্নে কাজ শেষ হলে জানা গেল তিনি সেই সকালেই মা-কে দাখ করে এসেছেন।

তাই দেরি। অনেক সময় গাড়ির চালক না এসে পৌঁছেলে, ট্যাক্সি ধরে বেরিয়ে পড়তেন। কমেডিয়ান হিসেবে তাঁর খ্যাতি হলেও আদতে তিনি ছিলেন চরিত্রাভিনেতা। আসলে রবি ঘোষ এমনই একটা নাম, বাঙালি যাকে একজন কমপ্লিট অভিনেতা হিসেবেই চেনে।




১৯৩৪

বীরেন্দ্রনাথ শাসমল
(১৮৮১-১৯৩৪)

এদিন প্রয়াত হন। বিশিষ্ট ব্যারিস্টার ও জাতীয়তাবাদী রাজনীতিবিদ।

দেশবাসী তাঁকে 'দেশপ্রাণ' উপাধি দিয়েছিল। চট্টগ্রাম অস্ত্রাগার আক্রমণ মামলা, ডগলাস হত্যা মামলা-সহ বিভিন্ন মামলায় বিনা ফি-তে বিপ্লবীদের হয়ে মামলা লড়েন। ১৯২৭ সালে কংগ্রেস ত্যাগ করেন এবং ১৯৩৩-এ কংগ্রেস-বিরোধী প্রার্থী রূপে কলকাতা পুরসভার কাউন্সিলর নির্বাচিত হন এবং পরের বছর ভারতীয় আইনসভার সভ্য নির্বাচিত হন।



১৮৫৬ ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি শুরু হয় এদিন রাইটার্স বিল্ডিং-এ। তখন নাম ছিল ক্যালকাটা কলেজ অব সিভিল ইঞ্জিনিয়ারিং।

মূলত পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টের প্রয়োজনে এই কলেজ শুরু হয়। ঠিকানা ছিল ১৫-১৬-১৭ ট্যাঙ্ক স্কোয়ার। ১৮৬৫-তে এটি প্রেসিডেন্সি কলেজে স্থানান্তরিত হয়, তার পরে শিবপুরে।



১৯৭৪ লুসির কঙ্কাল আবিষ্কৃত হয় এদিন।

আবিষ্কারক ডোনাল্ড জোহানসন, মরিস তালেব, ইভেস কপারস এবং টিম হোয়াইট। আদিম জনজাতি থেকে আধুনিক মানুষের বিবর্তনের পথে অনেক অন্তর্বর্তিকালীন প্রজাতির উদ্ভব হয়েছিল। তাদের মধ্যে একটি অস্ট্রালোপিথেকাস। দক্ষিণ আফ্রিকায় প্রথম এই প্রজাতির খোঁজ মিলেছিল। অস্ট্রালোপিথেকাস প্রজাতির প্রথম জীবাবশ্ম ছিল 'লুসি', একটি নারী-কঙ্কাল। ইথিওপিয়ায় ওই জীবাবশ্ম আবিষ্কারের পরেই হাইহাই পড়ে গিয়েছিল গোটা দেশে। মনে করা হত, 'লুসি'ই ছিল আদিম মানব জাতির প্রথম নিদর্শন। কঙ্কালটির নাম লুসি রাখা হয়েছিল বিটলসের জনপ্রিয় গান 'Lucy in the sky with diamonds' অনুসারে।

১৯৩৩

দেশ পত্রিকা প্রথম প্রকাশিত হয়।

সত্যেন্দ্রনাথ মজুমদার ও বঙ্কিমচন্দ্র সেনের পর দীর্ঘদিন এই সাহিত্য পত্রিকার সম্পাদক ছিলেন সাগরময় ঘোষ। এটি এখনও বাংলাভাষী বুদ্ধিজীবীদের সেবা সাহিত্য পত্রিকা হিসেবে বিবেচিত হয়।



১৮৫৯

চার্লস ডারউইনের

'অন দি অরিজিন অব স্পিসিস বাই মিস অব ন্যাচারাল সিলেকশন' প্রকাশিত হয়। বিবর্তনের তত্ত্বের আকরগ্রন্থ এটি।




১৯২৬

মিরজাফর লেনের নাম বদল হল এদিন।

মধ্য কলকাতার এই রাস্তাটির নাম এদিন থেকে হল কলেজ রো। এর ৩০ বছর বাদে ২৫ নভেম্বর মধ্য কলকাতার আর একটি রাস্তা— ওয়েলিংটন স্ট্রিটের নাম বদলে নির্মলচন্দ্র স্ট্রিট রাখা হয়।

কর্মসূচি



■ বৈদ্যাবাটি-শেওড়াফুলি পুরসভার ২২ নং ওয়ার্ডে বাংলার ভোটরক্ষা শিবির পরিদর্শনে সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। সঙ্গে ছিলেন জেলা তৃণমূলের সভাপতি অরিন্দম গুই, জেলা জয় হিন্দ বাহিনীর সভাপতি সুবীর ঘোষ, পুরপ্রধান পিন্টু মাহাত প্রমুখ।

■ তৃণমূল কংগ্রেস পরিবারের সহকর্মীদের প্রতি : আপনার এলাকায় কোনও কর্মসূচি থাকলে তা আগাম জানান। এবং কর্মসূচি পালনের পর ছবি-সহ প্রতিবেদন পাঠান।

ই মেল : jagabangla@gmail.com
editorial@jagobangla.in

শব্দবাংলা-১৫৬৫

১		২		৩		৪
		৫		৬		
৭						
				৮		৯
১০			১১			
১২				১৩		

পাশাপাশি : ১. বিশ্বদ ৩. ধার, প্রান্ত ৫. কোনওরকমে, নানা উপায়ে ৭. উপবাস ৮. বাঁকাভাব, বাঁক ১০. বাজ পড়া ১২. একটুও, সামান্যও ১৩. মানসিক যন্ত্রণা।

উপর-নিচ : ১. খাবারদাবার ২. অতি ছোট রঙিন পাখি বিশেষ ৩. বিপরীত, উল্টো ৪. শহরবাসী ৬. কানের গয়না ৯. চাঁদ ১০. পাঠ, অধ্যয়ন ১১. অকপট বন্ধু।

■ শুভজ্যোতি রায়

সমাধান ১৫৬৪ : পাশাপাশি : ১. উপোষণ ৩. চাহিদা ৫. পতি ৬. ধামালি ৮. সব ১০. জখম ১১. নিয়ম ১৩. নাদ ১৫. উচ্চার ১৮. গালি ১৯. কসবা ২০. ঝাড়েমূলে।
উপর-নিচ : ১. উপন্যাস ২. ষড়ধা ৩. চাউ ৪. দাগ ৫. পলিজ ৭. কামনা ৯. বনিতা ১২. মউলি ১৪. দলদলে ১৬. রঙুড়ে ১৭. ট্যাক ১৮. গাবা।

সম্পাদক : শোভনদেব চট্টোপাধ্যায়

● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত ও প্রতিদিন প্রকাশনী প্রাইভেট লিমিটেড, ২০ প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭২ থেকে মুদ্রিত।
সিটি অফিস : ২৩৪/৩এ, এজেন্সি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

Editor : SOBHANDEB CHATTOPADHYAY

Owned by ALL INDIA TRINAMOL CONGRESS, Published by Derek O'Brien from Trinamool Bhavan, 36G Topsia Road, Kolkata 700 100 and Printed by the same from Pratidin Prakashani Pvt. Ltd., 20 Prafulla Sarkar Street, Kolkata 700 072

Regd. No. WBBEN/2004/14087

● Postal No. Kol RMS/352/2012-2014 DL. No. 15 dt 19/7/21

City Office : 234/3A, A. J. C Bose Road, 4Th Floor, Kolkata 700 020

নজরকাড়া ইনস্টা



■ অঙ্কুশ



■ কৌশানী



■ রাজ চক্রবর্তী, সঙ্গে শান্ত ও জুন মালিয়া

রবিবাসরীয় শীতের বিকেলে
কলকাতার মেঘমুক্ত আকাশ

অত্যাধুনিক শিল্পতালুক গড়ে উঠছে ধর্মায়, বিনিয়োগ-কর্মসংস্থানে জোর

প্রতিবেদন : আরও একটি অত্যাধুনিক শিল্পপার্ক গড়ে উঠছে রাজ্যে। পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগমের উদ্যোগে প্রায় ৭ একর জমির উপর এই শিল্পতালুক গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বিশেষ উদ্যোগ নিয়েছেন ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্ষেত্রে বিনিয়োগ আনতে। সেইসঙ্গে তিনি নতুন কর্মসংস্থান তৈরির লক্ষ্যও স্থির করেছেন। সম্প্রতি মন্ত্রিসভার বৈঠকে শিল্পায়নে গতি আনতে দু'টি বড় পদক্ষেপ নেওয়া হয়। পশ্চিম বর্ধমানের রানিগঞ্জ নতুন শিল্পতালুক গড়ে তোলার প্রস্তাবে অনুমোদন দেয় মন্ত্রিসভা। মঙ্গলপুর ও ভক্তারনগর মৌজায় মোট ২০৫.০১ একর জমি রাজ্যের ভূমি ও ভূমি রাজস্ব দফতর হস্তান্তর করে রাজ্য শিল্প উন্নয়ন নিগমকে।



এছাড়াও আসানসোলার ধর্মায় সাত একর জমিতে অত্যাধুনিক শিল্পপার্ক গড়ে তোলার পরিকল্পনাও সারা।

নবান্ন সূত্রে জানা গিয়েছে, ধর্মায় শিল্পপার্কের পরিকাঠামো নির্মাণের কাজ দ্রুত গতিতে এগোচ্ছে। ১৮ ডিসেম্বরের শিল্প সম্মেলনে এই

শিল্পতালুকে বিনিয়োগের প্রস্তাব আসতে পারে। শিল্পপার্কটিতে ছোট থেকে মাঝারি শিল্প উদ্যোক্তাদের জন্য প্রয়োজনীয় জমি, রাস্তাঘাট, বিদ্যুৎ, জলের সংযোগ-সহ আধুনিক শিল্প পরিকাঠামো মিলবে। এটিকে পশ্চিম বর্ধমানের ভবিষ্যৎ শিল্পক্ষেত্র হিসেবে গড়ে তোলা হবে। কর্মসংস্থানও বাড়বে। রাজ্যে ক্ষুদ্র শিল্পক্ষেত্রে বিনিয়োগের নতুন দরজা খুলে দেবে ধর্মায় এই শিল্পপার্ক। রানিগঞ্জ ও ধর্মায় শিল্পপার্ক তৈরির মাধ্যমে পশ্চিম বর্ধমানে নতুন করে শিল্প সম্ভাবনা তৈরি হবে। অঞ্চলটি রেল ও সড়ক যোগাযোগে সুবিধাজনক, তাই পরিকাঠামো গড়ে তোলার পাশাপাশি কর্মসংস্থান ও ক্ষুদ্র-মাঝারি শিল্পের বিকাশের সম্ভাবনাও যথেষ্ট উজ্জ্বল বলে মনে করছে শিল্পমহল।

২৪ ঘণ্টার মধ্যেই কিনারা আদর্শ-খুনে ধৃত যুগল

প্রতিবেদন : একদিনেই খুনের রহস্যভেদ কলকাতা পুলিশের! শনিবার কসবার হোটেলে বীরভূমের যুবকের মৃত্যুর তদন্তে নেমে ২৪ ঘণ্টার মধ্যেই অভিযুক্ত যুগলকে গ্রেফতার করলেন কসবা থানার পুলিশ ও লালবাজারের তদন্তকারীরা। পুলিশ সূত্রে খবর, ধৃত তরুণী কমল সাহা ও ধ্রুব মিত্রের সঙ্গে দুবরাজপুরের মৃত যুবকের ডেটিং অ্যাপের মাধ্যমে আলাপ হয়। ওদিকে, ময়নাতদন্তের পর পেশায় চার্চার্ড অ্যাকাউন্ট্যান্ট আদর্শ লোসান্কার খুনে উঠে এসেছে চাঞ্চল্যকর তথ্য। জানা গিয়েছে, শ্বাসরোধ করে খুন করা হয়েছে আদর্শকে।



■ আদর্শ লোসান্কার।

শনিবার রাজডাঙার এক হোটেলের ঘরে দুবরাজপুরের আদর্শ লোসান্কার দেহ উদ্ধারের পরই একযোগে তদন্তে নামে কসবা থানার পুলিশ ও লালবাজারের হোমিসাইড শাখা। সংগ্রহ করা হয় হোটেলের সিসিটিভি ফুটেজ, রেজিস্টার। জানা যায়, আদর্শ কলকাতার এক বহুজাতিক সংস্থায় কর্মরত। তদন্তে নেমে পুলিশ জানতে পারে, শুক্রবার রাত সাড়ে আটটা নাগাদ এক তরুণী ও এক যুবকের সঙ্গে ওই হোটেলে ওঠেন আদর্শ। একটি অ্যাপের মাধ্যমে হোটেলের দুটি ঘর বুক করা হয়েছিল। রাত আড়াইটে নাগাদ হোটেল ছেড়ে বেরিয়ে যান আদর্শের সঙ্গী ওই পুরুষ এবং মহিলা। সিসিটিভি ফুটেজে দু'জনকে হোটেল থেকে বেরিয়ে কসবা মেইন রোডের দিকে হেঁটে যেতে দেখা যায়।

পুলিশ আরও জানতে পারে, ধৃত যুগল ধ্রুব ও কমল লিভ-ইন করতেন। ডেটিং অ্যাপে আদর্শের সঙ্গে পরিচয়ের পর উইকএন্ডে পার্টি করার পরিকল্পনা করেছিলেন তিনজন। সেই জন্যই কসবার হোটেলে রুম বুক করা হয়েছিল। ওই পার্টিতে আরও কয়েকজনের আসার কথা থাকলেও তাঁরা আসেননি। কিন্তু পার্টি শুরু হতেই যুগলের সঙ্গে টাকা-পয়সা নিয়ে আদর্শের বচসা বাধে। শুরু হয় ধমকাস্তি। সেইসময়ই আদর্শকে শ্বাসরোধ করে খুন করা হয় বলে পুলিশ সূত্রে খবর। রবিবার সকালে কসবা এলাকা থেকেই অভিযুক্ত যুগলকে গ্রেফতার করা হয়।



■ দক্ষিণ হাওড়া কেন্দ্র যুব তৃণমূল কংগ্রেসের উদ্যোগে এলাকার সমস্ত বৃদ্ধাশ্রমের মহিলাদের সংবর্ধনা জ্ঞাপন করে বিজয়া সন্মিলনী পালিত হল। উপস্থিত ছিলেন বিধায়ক ও হাওড়া সদর মহিলা তৃণমূল সভানেত্রী নন্দিতা চৌধুরি, হাওড়া সদর যুব তৃণমূল সভাপতি কৈলাস মিশ্র, দক্ষিণ হাওড়া কেন্দ্র তৃণমূল সভাপতি সৈকত চৌধুরি ও যুব সভাপতি পূর্ণেন্দু ঘোষ, প্রাক্তন ফুটবলার জোস ব্যারেটো-সহ অন্যান্য।

জমা জলের সমস্যা মেটাল প্রশাসন

সংবাদদাতা, বারাসত : দীর্ঘদিন ধরে হাটু জলের মধ্যে দিয়ে স্কুলে যেতে হত। ভারী বৃষ্টি হলে স্কুলে আসাই বন্ধ হয়ে যেত। এবার সেই সমস্যা চিরতরে দূর হতে চলেছে। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নির্দেশে ও জেলা পরিষদের সভাপতি নারায়ণ গোস্বামীর উদ্যোগে ২৩ লক্ষ টাকা ব্যয়ে ঢালাই রাস্তা তৈরির কাজ চলছে। বারাসত ১ নং ব্লকের ছোট জাগুলিয়া গ্রাম পঞ্চায়েতের অধীনে প্রগতি সংঘ ক্লাব থেকে শিবতলা পর্যন্ত ভায়া বামনগাছি ভোলানাথ হাইস্কুল এই ঢালাই রাস্তার কাজ শুরু হয়েছে। এই কাজ শেষ হলে কয়েকশো ছাত্র-ছাত্রী সহ এলাকার কয়েক হাজার মানুষ উপকৃত হবে বলেই দাবি স্থানীয়দের। দীর্ঘদিনের এই জল সমস্যার সমাধান হতে চলায় রাজ্যের মুখ্যমন্ত্রী ও জেলা সভাপতিতিকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে ব্যানার টানিয়েছেন এলাকার মানুষ। এই প্রসঙ্গে নারায়ণ গোস্বামী জানান, সামান্য বৃষ্টি হলেই জল জমে যেত, সমস্যায় পড়তে হত ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাদের। এলাকার মানুষেরাও সমস্যায় পড়তেন। বিষয়টি জানার পরেই উদ্যোগ নেওয়া হয়। রাজ্যের আর্থিক সাহায্যেই এই কাজ হচ্ছে।

বিএলওকে সম্মান জানাল কমিশন



প্রতিবেদন : নির্দিষ্ট সময়সীমার অনেক আগেই এসআইআর-এর সমস্ত দায়িত্ব নিখুঁতভাবে শেষ করে কমিশনের খাতায় একশোয় একশো পেলেন বিএলও—ওয়াহিদ আকরম মণ্ডল। রানাঘাট উত্তর-পূর্ব বিধানসভা কেন্দ্রের পার্ট নম্বর ১০১-এর দায়িত্বে ছিলেন বড়চুপরিয়া প্রাথমিক বিদ্যালয়ের এই বিএলও। নির্দিষ্ট সময়ের মধ্যেই কেবল অনুমারেশন ফর্ম বিলিই নন, ডিজিটাইজেশনের পুরো প্রক্রিয়াটাও শেষ করেছেন তিনি। তাঁর দক্ষতা, নিষ্ঠা ও পরিশ্রমকে সম্মান জানাতে তাঁকে বিশেষভাবে সংবর্ধনা দিয়েছেন সংশ্লিষ্ট ব্লকের নির্বাচনী আধিকারিকরা। হাঁসখালি ব্লকের এক নির্বাচনী আধিকারিক জানান, ওয়াহিদের দায়িত্বে ছিলেন মোট ৮০৬ জন ভোটার। মাত্র ১৭ দিনের মধ্যেই ফর্ম বিতরণ থেকে ডিজিটাইজেশন পুরো কাজটি সেরে ফেলেছেন তিনি। ওয়াহিদ জানিয়েছেন তাঁর সাফল্যের রহস্য। দু'দিনে ১০০ করে মোট ২০০ ফর্ম হাতে পেয়েছিলেন। প্রথম দু'দিনেই সব ফর্ম বিলি করে দিই, বললেন তিনি। নিজের নীতি সম্পর্কে ওয়াহিদের সাফ কথা—কোনও দিন কাজ ফেলে রাখতাম না। সময় যাই হোক, তা সেরে নিয়ে তবেই বাড়ি ফিরতাম।

নভেম্বরেও তাপমাত্রা বেশি

প্রতিবেদন : নভেম্বরেও শহরের তাপমাত্রা স্বাভাবিকের উপরে। অস্বস্তিকর গরম অনুভূত হতে শুরু করেছে। সকালের দিকে কুয়াশা দেখা গেলেও বেলা হলে বাড়বে দৃশ্যমানতা। দার্জিলিংয়ের পার্বত্য এলাকাতেও বৃষ্টিপাত হতে পারে। সেখানে কমতে পারে তাপমাত্রাও। স্বাভাবিকের আশপাশে থাকবে তাপমাত্রা। আগামী কয়েক দিন তাপমাত্রা পরিবর্তনের কোনও সম্ভাবনা নেই। গত কয়েক দিনে রাতের তাপমাত্রা ২-৩ ডিগ্রি বেড়ে গিয়েছে। শহর কলকাতায় রীতিমতো গরম লাগছে। দুপুরে ঘাম হচ্ছে।

শিয়ালদহ উড়ালপুল মেরামতির প্রস্তুতি শুরু করে দিল কেএমডিএ

প্রতিবেদন : প্রায় প্রতিটি স্তম্ভের গোড়ায় দীর্ঘদিন ধরে জমছে বৃষ্টির জল। এর ফলে ব্যাপক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে উড়ালপুল। ক্রমশ বিপজ্জনক হয়ে উঠছে গোটা পুলটি। উড়ালপুলের স্বাস্থ্য পরীক্ষা করতে গিয়ে কেএমডিএ-র নজরে পড়েছে এই অবস্থা।



তাঁদের বিশেষজ্ঞরা বলছেন, অবিলম্বে উড়ালপুলের সংস্কার প্রয়োজন। সংস্কার করা গেলে আরও ৪০-৪৫ বছর টিকবে এই উড়ালপুল। কিন্তু এরজন্য উড়ালপুলের নিচে থাকা দোকান সরানো এবং পুলের ওপর যান চলাচল বন্ধ রাখতে হবে কয়েকদিন। তারজন্য কলকাতা পুলিশ ও পুরসভার সম্মতি ও সহযোগিতা প্রয়োজন। অবশেষে তা মিলেছে। তারপরই উড়ালপুল সংস্কারের প্রস্তুতি শুরু করল কেএমডিএ। প্রায় দু'মাস ধরে পরীক্ষা চালিয়ে দেখা গিয়েছে উড়ালপুলের প্রতিটি স্তম্ভে দীর্ঘদিন বৃষ্টির জল জমে বেশ ভালই ক্ষতি হয়েছে। বেশিরভাগ জায়গায় স্তম্ভের গঠন ফুলে উঠেছে। ইঞ্জিনিয়ারদের প্রস্তাব, প্রতিটি স্তম্ভকে মাটির তলা থেকে উপর পর্যন্ত কার্বন ফাইবার বা স্টিল প্লেট দিয়ে মোড়া হবে ও সেতুর নিচের

অংশে পলিমার ফাইবারের আশ্রয় বসানো হবে। এতে স্তম্ভের গঠনগত শক্তি অনেকটাই বাড়বে। বহু বছর ট্রাম চলাচল করত এই ব্রিজে। যদিও অনেকদিনই তা। কিন্তু রয়ে গিয়েছে ট্রাম লাইন। লাইনের অতিরিক্ত কংক্রিট স্তরও ওজন বাড়িয়েছে পুলের। এই উড়ালপুলের নিচে প্রায় ৩৫০-৪০০টি স্টল রয়েছে। প্রথম দফায় প্রায় ৫০-৬০টি স্টল অন্য জায়গায় সরিয়ে ফেলতে হবে। এই অবস্থায় পুরসভার সাহায্য চাওয়া হয়েছে। ৪৯ নং ওয়ার্ডের কাউন্সিলর মোনালিসা বন্দ্যোপাধ্যায়ের সহযোগিতাও চাওয়া হয়েছে। গোটা কাজটি চলবে রাতের দিকে। সময় লাগবে ১২-১৫ দিন। ওই সময়ে বিকল্প কোন পথে যান চলাচল করবে, সেটা কলকাতা পুলিশের ট্রাফিক বিভাগ আলোচনা করে চূড়ান্ত করবে।

মোবাইল না পেয়ে আত্মঘাতী ছাত্রী

প্রতিবেদন : মায়ের কাছে আবদার ছিল মোবাইল কিনে দেওয়ার। কিন্তু সেই আবদারে প্রশ্রয় দেননি মা। অভিমানে আত্মঘাতী হল মাধ্যমিকের ছাত্রী। ঘর থেকে উদ্ধার হল তার ঝুলন্ত দেহ। ঘটনাটি ঘটেছে ঠাকুরপুকুর এলাকায়। ঠাকুরপুকুর পোড়া অশ্বখতলার শিবাজি কলোনির বাসিন্দা অঙ্কনা মায়ের সঙ্গেই থাকত। স্বামীর মৃত্যুর পর মা একাই সংসার চালাতেন। এদিন মায়ের কাছে



মোবাইল কিনে দেওয়ার আবদার করে সে। কিন্তু মা উল্টে পড়তে বসতে বলায় অভিমান হয় তার। বাজার থেকে ফিরে মা দেখেন ঘরে ঝুলছে মেয়ের দেহ। তড়িঘড়ি খবর দেওয়া হয় ঠাকুরপুকুর থানায়। পুলিশ গিয়ে দেহ নাবালিকাকে উদ্ধার করে বেহালা বিদ্যাশাগর হাসপাতালে নিয়ে যায়। সেখানে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। দেহ ময়না তদন্তে পাঠানো হয়েছে।

জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

গর্বের বিশ্বজয়

মেয়েদের ক্রিকেটে এখন বিরাট, রোহিত, বুমরা, সিরাজদের সঙ্গে উচ্চারিত হচ্ছে হরমন, স্মৃতি, রিচা, জেমাইমাদের নাম। ভারতীয় ক্রিকেটের নতুন মহিলা তারকা। বিশ্বজয়ী। মহিলা ক্রিকেটকে এক ধাপে তাঁরা এগিয়ে দিয়েছেন অনেকটা পথ। যেভাবে ১৯৮৩ সালে ভারতের প্রথম ক্রিকেটে বিশ্বকাপ জয়ের পর দেশের আনাচে-কানাচে ঢুকে গিয়েছিল ক্রিকেট নামের খেলাটি। তারপর ৪০ বছর পেরিয়ে এসে ভারত এখন তিন ফরম্যাটের ক্রিকেটে অন্যতম বিশ্বসেরা। মেয়েদের ক্রিকেটেও সেই পর্বের শুরুটা হয়ে গিয়েছে স্মৃতিদের হাত ধরে। আগামী দিনে তাঁদের হাত ধরেই আরও অনেক গৌরবের দিন, নিশ্চিন্তে বলা যায়। একইভাবে দৃষ্টিহীনদের ক্রিকেটে মেয়েদের বিশ্বজয় ভারতের মেয়েদের অস্তিত্বকে বিশ্বের দরবারে পৌঁছে দিল। দীপিকা টিসি, করুণা কে কিংবা ফুলা সরেন নিশ্চিন্তে আগামী দিনের তারকা হতে চলেছেন। কারও দৃষ্টিশক্তি সম্পূর্ণ নেই, কারও আংশিক। ওঁরা বিশেষ ক্ষমতাসম্পন্ন। সেই নিয়েই নেপালকে ৭ উইকেটে হারিয়ে তাঁদের বিশ্বজয়। এই প্রথম দৃষ্টিহীনদের টি-২০ বিশ্বকাপ। দীপিকা বলছেন, তাঁরা এতটাই আত্মবিশ্বাসী, পুরুষ দলকেও হারাতে পারেন। এই আত্মবিশ্বাসটাই টিমটার নিউক্লিয়াস। দেশের মেয়েরা উঠে আসছেন। দরকার সরকারি সহায়তা। কেন্দ্র উদাসীন। দরকার দেশের মানুষের সমর্থন। তাহলে এই দলটাই আরও অনেক গর্বের মুহূর্ত এনে দিতে পারে দেশকে।



বাংলায় এবার কী হবে, বোঝা যাচ্ছে

গোটা বিজেপি একটা ঘোরের মধ্যে আছে। ভোট এলেই এমনটা হয়। দল নয়, সংগঠন নয় হিন্দু-মুসলিম তাস খেলে বিভাজন করে, তৃণমূলের অতৃপ্ত আত্মাদের ভাঙিয়ে আনো। তার সঙ্গে মোদি-অমিত শাহের তামাদি হয়ে যাওয়া প্রচারের পেট্রোল বক্সিং। মানুষ-মানুষে বিভেদ, ধর্মের নামে সাম্প্রদায়িক সুড়সুড়ি, সমাজের কদর্য বাঁটোয়ারা এবং মেরুকের বিষ বাষ্প এরা জ্যেব নারীশক্তির চিরদিন না-পসন্দ। যে দল রবীন্দ্রনাথকে সম্মান করে না, বাংলার ন্যায্য পাওনা আটকে রেখে টাইট দেয়। জনগণমন নিয়ে কটুক্তি করে। রামমোহনকে এমন নোংরা কটাক্ষ করে যে এ রাজ্যের বিজেপি সভাপতি পর্যন্ত নিজের গা বাঁচাতে দলের নেতার সমালোচনা করতে বাধ্য হন। মহিলারা এই নোংরা সংস্কৃতি পছন্দ করেন না। প্রত্যন্ত গ্রামের খেটে খাওয়া নারী সমাজ মনে করেন, যা কেউ করেনি সেই কাজটা মমতা করেছেন অত্যন্ত সুকৌশলে, মহিলাদের সশক্তিকরণ। কলকাতায় বসে এটা বোঝা না গেলেও একটু শহর ছাড়াই মালুম হয় এর মাছাওয়া। লক্ষ্মীর ভাণ্ডার চালু করে মমতা সরকার রাজ্যের প্রায় দু'কোটি মহিলার পায়ের তলার মাটি শক্ত করেছেন। পুরুষের উপর নির্ভরতা কমিয়েছেন। বাংলার সামাজিক চালচিত্রে এর প্রভাব কম কীসের। অথচ একুশের ভোটের আগে যখন চালু হয় প্রথম বৈদ্রপ উড়ে এসেছিল সব মহল থেকে। 'ভাতাজীবী' বলে গাল পেড়েছিলেন শহুরে বাম বুদ্ধিজীবীরা। এখন দেখা যাচ্ছে, ভোট এলেই লাভলি বহেন থেকে লড়কি বহিন, আরও কত নামে রাজ্যে রাজ্যে মমতাকে বাধ্য ছাএর মতো টুকছে বিশ্বের বৃহত্তম রাজনৈতিক দল বিজেপি। পাঁচ টাকার মা ক্যান্টিনেরও সুত্রপাত মমতার হাত ধরেই। ভোট এমনই বালাই যে একাধিক রাজ্যে আজ সেই 'ডিম ভাতের' সুবাস ছড়িয়ে পড়েছে গেরুয়া সৌজন্যে। মমতার চটিতে পা গলাচ্ছেন দোদগুপ্রতাপ অমিত শাহরা, বাংলার স্ট্রিট ফাইটারকে, জননেত্রীকে, তাঁর সেনাপতিকে বাহবা দেবেন না? এসআইআরে ৪৭ লক্ষ কমে বিহারে ৭ লক্ষ ৪২ হাজার ভোটার, অথচ ভোট পড়েছে ৭ কোটি ৪৫ লক্ষ ২৬ হাজার ৮৫৮টি! এটা সত্যি চুরি না অন্যকিছু তার সাফাই দিতে কেউ মহামান্য জ্ঞানেশ কুমারকে এখনও বাধ্য করতে পারেনি। ৯ ডিসেম্বর বাংলার খসড়া তালিকা প্রকাশ হলে এরকম জটিলতা দেখা দিলে কমিশন কিন্তু পালাবার পথ পাবে না। জবাবদিহি তাঁদের করতাই হবে। এটা বাংলা। মমতা বন্দ্যোপাধ্যায়ের পশ্চিমবঙ্গ। এখানে চালাকি চলবে না। বাংলার সংস্কৃতি বাংলার অস্মিতা, বাংলার নিজস্ব খাদ্যাভ্যাস আক্রান্ত হবে বহিরাগতদের হাতে। সুতরাং, তৈরি থাকুক কমিশন।

— সৌরব ঘোষ, তালতলা, কলকাতা

■ চিঠি এবং উত্তর-সম্পাদকীয় আপনিও পাঠাতে পারেন :
jagobangla@gmail.com / editorial@jagobangla.inখুনি নির্বাচন কমিশন!
আর যাবে কত প্রাণ?

হত্যালীলা চলছে। বিজেপির দালাল ইসি মজা দেখছে।

গোটা একটা নির্বাচনে দলীয় হিংসায় যত মানুষের মৃত্যু হয় তাকে ছাপিয়ে এসআইআরে ৩৫ জনের প্রাণহানি হয়েছে এই বাংলায়। এর দায় নির্বাচন কমিশনের। লিখছেন **দেবু পণ্ডিত**বাংলা অনেক অশ্রু নদীর সাক্ষী।
বাংলা রক্ত নদী অনেক দেখেছে।

চর্যাপদের যুগ থেকে তুর্কি আক্রমণ, সেখান থেকে ব্রিটিশ উপনিবেশিক শাসন, সিপাহি বিদ্রোহ থেকে নীল চাষিদের ওপর অত্যাচার, সাঁওতাল বিদ্রোহ থেকে অগ্নিযুগ, '৪৭ এর দেশভাগ থেকে যুক্তফ্রন্ট আমলে নৈরাজ্যের প্রসূতি, সেখান থেকে সাম্প্রতিক অতীতে বাম আমলে হিংসার উৎসব, অনেক, অনেক কিছুই সাক্ষী এই রাজ্য।

শশাঙ্কের আমল থেকে মরিচবাঁপি, সেখান থেকে ২১ জুলাই, গণহত্যার রক্ত বঙ্গ দেশের আনাচে-কানাচে, নদীতে-নালায়, অনেক বয়েছে।

বাংলার চাষি অনেক কষ্ট সহ্য করেছে। বাংলার মা-বোন অনেক নিপীড়নের শিকার হয়েছে। বাঙালি হিন্দু, বঙ্গবাসী মুসলমান নানা সময়ে হিংসার, হামলার, অগ্নিকাণ্ডের যন্ত্রণা সয়েছে। কিন্তু হিংসার এমন নির্বিকার প্রকাশ, নিষাতিনের এমন নিরুপদ্রব পৈশাচিকতা, প্রাণ হরণের বীভৎসতার প্রতি এমন প্রশাসনিক ওদাসীন্য ইতোপূর্বে পশ্চিমবঙ্গ কখনও দেখেনি।

নিধনের এমন তমসাচ্ছন্ন প্রতিবেশে আলোকসুন্দরের মতো মানবিকতার প্রদীপ হাতে দাঁড়িয়ে আছেন কেবল জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আর তাঁর পাশে সেনাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়।

আর যেন কিছুটি নেই কোথাও, 'সূর্য নিভে গেছে'।

হিংসার নাম এখন এসআইআর। জিঘাংসার নাম এখন এসআইআর। নির্মম হননোৎসবের নাম এখন এসআইআর।

দিল্লির জমিদারবাবুরা বলেন, এ হল স্পেশাল ইন্টেনসিভ রিভিসন, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন।

আমরা আমাদের অভিজ্ঞতায় দেখছি, এ হল সাইলেন্ট ইনহিউম্যান রেনেগেড (special inhuman renegade)। নীরব অমানবিক পক্ষ পরিবর্তন। যা হতে পারত জনগণকে ভোট প্রক্রিয়ায় অংশীদার করণ প্রক্রিয়ার শুদ্ধ রূপ, সেটা হয়ে উঠেছে জনগণের ভোটাধিকার হরণের সুচতুর নোংরামি।

বাম আমলের সায়েন্টিফিক রিগিং এখন নির্বাচন কমিশনের প্রত্যক্ষ অংশগ্রহণে হয়ে উঠেছে চুপচাপ নিবিড়ভাবে রিগিং বা ভোট লুণ্ঠের প্রক্রিয়া।

এবং তা প্রাণঘাতী। আতঙ্কে মৃত্যু হচ্ছে ভোটারদের। কাজের চাপে আত্মঘাতী হচ্ছে

বিএলওরা। বিচ্ছিন্ন কোনও ঘটনা নয়। নিরবচ্ছিন্ন ঘটনা প্রবাহ।

২৩ নভেম্বর, ২০২৫, রবিবারের ঘটনা। ঘটনাস্থল বর্ধমান জেলার কাটোয়া বিধানসভা এলাকা। এনুমারেশন ফর্ম সংগ্রহ করতে গিয়ে যুগপৎ কর্মব্যস্ততার চাপে ও কমিশনের বিজেপির ভোটসখাসুলভ হুমকিতে অসুস্থ হয়ে পড়লেন এক বিএলও। গুরুতর অবস্থায় তাঁকে কাটোয়া মহকুমা হাসপাতালে ভর্তি করানো হয়েছে। কোনও রাজনৈতিক দল নয়, বিএলওর স্বীকৃতি দিয়েছেন, ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের (এসআইআর)



জননেত্রী এজন্যই এসআইআর বন্ধ করার আর্জি জানিয়েছেন।

কাজ নিয়ে প্রচণ্ড দৃষ্টিভ্রান্ত ছিলেন স্বামী। সেখান থেকেই এই অসুস্থতা। কাটোয়া বিধানসভার ১৪৭ নম্বর বুথের ওই বিএলওর নাম শুকদেব দাস।

কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়।

আরও এক বিএলওর কথা। ঘটনাস্থল দক্ষিণ ২৪ পরগনার জয়নগর। শনিবার ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) অভিযানের মাঝে অসুস্থ হয়ে পড়েন কমলপদ নন্দর। হরিনারায়ণপুর পঞ্চায়েতের ৩১ নম্বর বুথের বিএলও তিনি। পেশায় স্কুলশিক্ষক। বছর পঞ্চাশের কমলপদ শনিবার বিকেলে বাড়ি বাড়ি এসআইআরের ফর্ম সংগ্রহ করে ফেরার পথে হঠাৎ মাথা ঘুরে পড়ে যান। তাঁকে উদ্ধার করে স্থানীয় একটি হাসপাতালে ভর্তি করানো হয়। গত কয়েক দিন ধরে এসআইআর সংক্রান্ত কাজের চাপে মানসিক এবং শারীরিকভাবে ক্লান্ত হয়ে পড়েছিলেন প্রৌঢ়। অভিযোগ, সংশ্লিষ্ট বুথে প্রায় ১১৬০টি ফর্ম তাকে একা বিলি করতে হয়েছে তাঁকে। ফর্ম হাতে পেতে দেরি হওয়ায় বিলিতেও দেরি হয়েছে। ফলে ফর্ম ফেরত নেওয়ার সময়সীমা দেখে চাপে পড়ে যান তিনি। শনিবার পর্যন্ত খুব অল্প সংখ্যক ফর্ম ফেরত আনতে পেরেছিলেন কমলপদ। এ

দিনই আবার পঞ্চায়েত দফতরে বৈঠকে নির্দেশ দেওয়া হয়, দ্রুত সমস্ত এসআইআর ফর্ম ফেরত আনতে হবে।

কম সময়ে প্রচুর কাজের বোঝা চাপিয়ে দেওয়ায় রাজ্যের বহু কর্মী এই সমস্যার মুখোমুখি হচ্ছেন। কারও মৃত্যু হয়েছে, কেউ আত্মহত্যা করেছেন। এভাবে এসআইআর প্রক্রিয়ায় রাজ্যে প্রতিদিনই কোনও না কোনও চাঞ্চল্যকর ঘটনা ঘটছে। এনুমারেশন ফর্ম পূরণ পর্বে দিকে দিকে ঘটছে বিপত্তি। এবার জলপাইগুড়িতে ঘটল ভূতুড়ে কাণ্ড! বাড়ি বাড়ি ঘুরে এসআইআরের এনুমারেশন ফর্ম সংগ্রহ করে ডিজিটাইজেশনের কাজ করছেন বিএলও। কিন্তু নিজের নামই ডিজিটাইজ করতে পারছেন না তিনি। কারণ, ২০০২ সালের ভোটার তালিকার হার্ড কপিতে জুলজুল করছে তাঁর নাম; কিন্তু যখন তিনি অ্যাপে ঢুকে নিজের নাম ডিজিটাইজেশনের জন্য ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে ম্যাচ করতে যাচ্ছেন, তখন একই সিরিয়াল নম্বরে অন্য এক মহিলার নাম দেখাচ্ছে। প্রশাসনকে জানিয়েও এখনও পর্যন্ত কোনও সুরাহা হয়নি। ফলে নিজের নাম ভোটার তালিকা থেকে বাদ যাওয়ার আশঙ্কায় চিন্তিত সঞ্জয়কুমার ঘোষ।

এসআইআরে ৪৭ লক্ষ কমে বিহারে ৭ লক্ষ ৪২ হাজার ভোটার, অথচ ভোট পড়েছে

৭ কোটি ৪৫ লক্ষ ২৬ হাজার ৮৫৮টি! এটা সত্যি চুরি না অন্যকিছু তার সাফাই দিতে কেউ মহামান্য জ্ঞানেশ কুমারকে এখনও বাধ্য করতে পারেনি। কমিশনই সুপ্রিম সাংবিধানিক সংস্থা! কিন্তু সজাগ কমিশনের নজর এড়িয়ে ভোটের আগের রাতেও মহিলাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে কীভাবে ১০ হাজার টাকা ঢুকল তার ব্যাখ্যা চাওয়া কি অনায়া? এটা কি নিবর্তনী বিধি লঙ্ঘনের মধ্যে পড়ে না? যেদিন ভোট ঘোষণা হয় সেদিন থেকেই সব রাজনৈতিক দল ও সরকারের সব ডানা ছুঁটে দেয় কমিশন। কিন্তু কেন্দ্রের শাসক সেই একই ভুল করলে সাত খুন মাফ? আসলে বশব্দদ তাঁরাই হতে পারেন যাদের শত প্ররোচনাতেও মাথা ঠান্ডা আর চোখের দৃষ্টি সর্বদা শীতল। এই গুণের অধিকারী না হলে সदा শাসকের হুকুম তামিল করা কোনও সাংবিধানিক পদাধিকারীদের পক্ষে অসম্ভব? সংঘী জ্ঞানেশজিকে বাহবা দিতেই হয়! এই বাহবার সঙ্গেই তারজন্য আর একটা কুনিশিও প্রাপ্য!

গোটা একটা নির্বাচনে দলীয় হিংসায় যত মানুষের মৃত্যু হয় তাকে ছাপিয়ে এসআইআরে ৩৫ জনের প্রাণহানি হয়েছে এই বাংলায়।

এর দায় কে নেবে?

বিধাননগরের রাস্তায় মিলল
ভিনরাজ্যের একাধিক আখার
কার্ড। রবিবার সকালে
সল্টলেকের বিএ ব্লক থেকে
কার্ডগুলি উদ্ধার হয়। কোথা
থেকে এল কার্ড, তদন্তে পুলিশ

৪৮ ঘণ্টায় বরানগরে গুলিকাণ্ডের কিনারা

গ্রেফতার আক্রান্তের স্ত্রী তার প্রেমিক-সহ চারজন

প্রতিবেদন : ৪৮ ঘণ্টার মধ্যে
বরানগরে গুলিকাণ্ডের কিনারা
করল পুলিশ। গ্রেফতার হল
গুলিতে জখম বিকাশ মজুমদারের
স্ত্রী ও তার প্রেমিক-সহ চারজন।
ঘটনার মূলে উঠে এসেছে
বিবাহবহির্ভূত সম্পর্কের তত্ত্ব।
পুলিশের দাবি, বিবাহবহির্ভূত
সম্পর্কে জড়িয়ে পড়েছিল



■ পুলিশ হেফাজতে ধৃত দুই দুষ্কৃতি ও বিকাশের স্ত্রী রেখা।

বিকাশের স্ত্রী রেখা। সে ও তার প্রেমিক মিলে তাদের পথের
কাটা রেখার স্বামী বিকাশকে পৃথিবী থেকে সরিয়ে দেওয়ার
পরিকল্পনা করে। তার জন্য ভাড়া করা হয় দুই দুষ্কৃতিকে।
তারাই গুলি চালায়। কিন্তু কপালজোরে প্রাণে বেঁচে যান
বিকাশ। পুলিশ তদন্ত নেমে চারজনকেই গ্রেফতার
করেছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতদের নাম রেখা
মজুমদার, রেখার প্রেমিক প্রদীপ দে, দুই দুষ্কৃতি
বাইকচালক সুশান্ত আদক ও আততায়ী শামিম লস্কর।
জানা গিয়েছে, মেটিয়াকুজ থানার ফতেপুর থেকে প্রদীপ
ও বাবিকদের গ্রেফতার করা হয়। ঘটনার পর বিকাশ ও তাঁর
পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করে বিকাশের স্ত্রী

রেখার পরকীয়া সম্পর্কের কথা জানতে পারে পুলিশ।
এরপরই শুরু হয় তাদের খোঁজে তল্লাশি। অবশেষে
রবিবার বিকাশের স্ত্রী-সহ চারজনকে গ্রেফতার করে
পুলিশ। ধৃতদের আদালতে পেশ করা হয়েছে। গত ২১
নভেম্বর, শুক্রবার সকালে বরানগর পুরসভার নর্দার্ন পার্ক
এলাকার বাসিন্দা বিকাশ মজুমদারকে তাঁর বাড়ির সামনে
লক্ষ্য করে গুলি চালায় এক বাইক আরোহী। কিন্তু বেঁচে
যান বিকাশ। গুলি চালায় দুষ্কৃতিরা বাইক নিয়ে বেলঘরিয়া
এক্সপ্রেস ওয়ে ধরে পালায়। সিসিটিভি ফুটেজ দেখে পুলিশ
বাইকটিকে খুঁজে বার করে। তার সূত্র ধরে মেটিয়াকুজ
থেকে গ্রেফতার করা হয় বাবিকদের।

উদ্ধার ৩৮ লক্ষ টাকা গ্রেফতার ১

সংবাদদাতা, হাওড়া : হাওড়া
স্টেশন থেকে উদ্ধার হল বিপুল
পরিমাণ নগদ টাকা। শনিবার রাতে
এক ব্যক্তির ব্যাগে তল্লাশি চালিয়ে
নগদ ৩৭ লক্ষ ৬৪ হাজার টাকা
উদ্ধার করে রেল পুলিশ। গ্রেফতার
করা হয় ওই ব্যক্তিকেও। ওই ব্যক্তি
হাওড়া স্টেশনে সন্দেহজনকভাবে
ঘোরাঘুরি করছিল। সেই সময়
কর্তব্যরত আরপিএফ জওয়ানদের
তাকে দেখে সন্দেহ হয়।
জিজ্ঞাসাবাদ করতেই অসংলগ্ন
কথাবার্তা বলতে থাকে। রেল
পুলিশ তার ব্যাগ পরীক্ষা করে নগদ
৩৭ লক্ষ ৬৪ হাজার টাকা উদ্ধার
করে। এই টাকার সাপেক্ষে
কাগজপত্র চাওয়া হলে ওই যাত্রী
কোনও নথি দেখাতে পারেনি।
এরপরই সমস্ত টাকা বাজেয়াপ্ত
করে আরপিএফ। পরে তাকে
গ্রেফতার করা হয়েছে। ধৃত ব্যক্তি
নগদ ওই টাকা পাচারের উদ্দেশ্যে
নিয়ে যাচ্ছিল বলে প্রাথমিকভাবে
মনে করা হচ্ছে।

সোমবার সন্ধ্যায় নবম দশমের ফল প্রকাশ

প্রতিবেদন : সোমবার সন্ধ্যায় প্রকাশিত হতে চলেছে এসএসসির নবম-দশমের
শিক্ষক নিয়োগের ফল। ইতিমধ্যেই ফল প্রকাশ হয়ে নথি যাচাই শুরু হয়ে
গিয়েছে একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য। আগামী ২৬ নভেম্বর
থেকে শুরু হবে ইন্টারভিউ প্রক্রিয়া। এরপর প্রকাশিত হতে চলেছে নবম-
দশমের ফল। এই মুহূর্তে যেহেতু একাদশ ও দ্বাদশের
নথি যাচাই পর্ব চলছে, একইসঙ্গে রয়েছে ইন্টারভিউ
প্রক্রিয়া তাই সব মিলিয়ে নাজেহাল অবস্থা এসএসসির। সেই কারণেই
যুদ্ধকালীন তৎপরতায় কাজ করে প্রকাশ করা হচ্ছে নবম-দশমের ফল। নবম-
দশমে শূন্য পদের সংখ্যা ২৩, ২১২। একাদশ-দ্বাদশের মতোই প্রকাশিত হবে
৬০ নম্বরের লিখিত পরীক্ষার ফল। প্রত্যেক ক্যান্ডিডেট জানতে পারবেন যে
লিখিত পরীক্ষায় কে কত নম্বর পেয়েছেন।

এসএসসি

বিধায়কের উদ্যোগে আগামীর অভিষেক কর্মসূচি ডোমজুড়ে



■ বিধায়ক কল্যাণ ঘোষের উদ্যোগে ডোমজুড়ে আগামীর অভিষেক
কর্মসূচির সূচনা। রবিবার।

সংবাদদাতা, হাওড়া : বিধায়ক কল্যাণ ঘোষের উদ্যোগে ‘আগামীর অভিষেক’
কর্মসূচির আওতায় নিখরচায় ডাক্তারি ও ইঞ্জিনিয়ারিংয়ের প্রবেশিকা পরীক্ষার
প্রশিক্ষণ দেওয়া শুরু হল। এই নিয়ে পরপর ৫ বছর বিধায়কের উদ্যোগে
এইরকম প্রশিক্ষণ চলছে। রবিবার ডোমজুড়ে এক অনুষ্ঠানের মাধ্যমে এবারের
প্রশিক্ষণ দেওয়া শুরু করলেন বিধায়ক কল্যাণ ঘোষ। ছিলেন ডোমজুড় কেন্দ্র
যুব তৃণমূল সভাপতি নুরাজ মোল্লা-সহ আরও অনেকে। সপ্তাহে তিনদিন
অনলাইনে এই প্রশিক্ষণ দেওয়া হবে। এর পাশাপাশি মক-টেস্টেরও ব্যবস্থা
থাকবে। সর্বভারতীয় ইঞ্জিনিয়ারিং এবং ডাক্তারির প্রবেশিকা পরীক্ষা ‘ন্টি’-
এর পাশাপাশি রাজ্যের জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষারও প্রশিক্ষণ দেওয়া হবে
এখানে। বিধায়ক কল্যাণ ঘোষ বলেন, আগামীর অভিষেক কর্মসূচির আওতায়
আমরা ২০২১ সাল থেকে হাওড়ার জেলার ছাত্রছাত্রীদের জন্য সম্পূর্ণ
নিখরচায় এই প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। তিন বছরে আমাদের এখান থেকে
২৫ জন সরকারি ইঞ্জিনিয়ারিং ও ১৫ জন ডাক্তারিতে ভর্তি হওয়ার সুযোগ
পেয়েছেন। এবারও ১০০ জন ছাত্রছাত্রী প্রশিক্ষণ নেওয়ার জন্য নাম নথিভুক্ত
করেছেন। শীঘ্রই তাঁদের প্রশিক্ষণ শুরু হবে। বিধায়কের উদ্যোগে এই ধরনের
জাতীয়স্তরের প্রশিক্ষণের সুযোগ পেয়ে বেজায় খুশি পড়ুয়ারা।

বলাগড়ে চালু ড্রাম্যামাণ স্বাস্থ্য পরিষেবা কেন্দ্র

সংবাদদাতা, হুগলি : এবার ঘরের দরজাতেই
পৌঁছে যাবে স্বাস্থ্য পরিষেবা। রাজ্য
সরকারের উদ্যোগে এই সুবিধে পাবেন
প্রত্যন্ত অঞ্চলের মানুষরাও। ড্রাম্যামাণ
চিকিৎসা কেন্দ্র পৌঁছে যাবে গ্রামে গ্রামে।
সেখানেই মিলবে ইসিজি, রক্ত পরীক্ষা,
লাইফ সাপোর্ট থেকে অক্সিজেন সহ
প্রাথমিক চিকিৎসাও। এই ড্রাম্যামাণ চিকিৎসা
কেন্দ্রে থাকবে চিকিৎসক, প্রশিক্ষিত নার্স সহ
টেকনিশিয়ানরা। যেখানে সামান্য স্বাস্থ্য
পরিষেবা পাওয়ার জন্য কয়েক কিলোমিটার
পাড়ি দিতে হয় বাসিন্দাদের, সেখানে ঘরের
দুয়ারে এহেন পরিষেবা পাওয়া তাঁদের কাছে
যথেষ্ট তাৎপর্যপূর্ণ।



চিকিৎসাকেন্দ্র প্রদান করা হয় স্বাস্থ্য দফতরের
তরফে। শনিবার বলাগড় বিধানসভার সিজা
কামালপুর গ্রাম পঞ্চায়েতে এই ড্রাম্যামাণ চিকিৎসা
কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেন হুগলি জেলা

পরিষদের সভাপতি রঞ্জন ধাড়া,
সদর মহকুমা শাসক অয়ন নাথ, জেলা
মুখ্য স্বাস্থ্য আধিকারিক মৃগাঙ্কমৌলি
কর-সহ স্থানীয় ব্লক ও পঞ্চায়েত
আধিকারিকরা।

জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক
মৃগাঙ্কমৌলি কর বলেন, যে সমস্ত
এলাকায় যাতায়াত ব্যবস্থার সমস্যা
রয়েছে সেখানে এই চিকিৎসাকেন্দ্র
পৌঁছে যাবে। গাড়িতে ডাক্তার, নার্স,
টেকনিশিয়ান সব সময় থাকবে।
গাড়িতেই সমস্ত স্বাস্থ্য পরীক্ষা,
ল্যাবরেটরি টেস্ট হবে। পরীক্ষার সঙ্গে সঙ্গেই
রোগীর হাতে রিপোর্ট দিয়ে দেওয়া হবে।
আগামীদিনে যাতে ড্রাম্যামাণ এঞ্জ রে সুবিধে দেওয়া
যায় সে বিষয়েও পরিকল্পনা চলছে।

পর্যটকদের স্বার্থে খাদ্য সুরক্ষা দফতরের বিশেষ অভিযান

সংবাদদাতা, বসিরহাট : শীতকাল মানেই
পিকনিকের মরশুম। এই সময় পর্যটকদের
সুরক্ষার কথা মাথায় রেখে টাকিতে খাদ্য সুরক্ষা
দফতর সহ তিনটি দফতরের বিশেষ অভিযান শুরু
হল। সরকারি উদ্যোগে চলবে এই অভিযান পর্ব।
পর্যটকদের অন্যতম আকর্ষণ এই টাকি।
পর্যটন শিল্পকে কেন্দ্র করে এখানে তৈরি হয়েছে
একাধিক হোটেল, গেস্ট হাউস এবং লজ। অন্যান্য
সময়ের থেকে শীতের মরশুমে সংখ্যাটা
অনেকটাই বেশি থাকে। তাই এবার পর্যটকদের
শারীরিক সুস্থতার কথা মাথায় রেখে বসিরহাট
খাদ্য সুরক্ষা দফতরের উদ্যোগে ক্রেতা সুরক্ষা
দফতর, বসিরহাট এনফোর্সমেন্ট ব্রাঞ্চ ও ডিস্ট্রিক্ট



■ হোটেলে চলছে তল্লাশি অভিযান।

এনফোর্সমেন্ট ব্রাঞ্চ যৌথ উদ্যোগে অভিযান করে।
টাকি রাজবাড়ি ঘাটের আশপাশের ছোট-বড় সব

দোকান, রেস্টুরেন্টে পর্যবেক্ষণ চালানো হয়। ছোট
বড় মিলিয়ে প্রায় পনেরোটির বেশি বড় গেস্ট
হাউস, হোটেল কাম রেস্টুরেন্ট ও ছোট ছোট
সমস্ত খাবারের দোকানগুলিতে অভিযান চালানো
হয়। সরেজমিনে খতিয়ে দেখা হয় সমস্ত খাবারের
গুণমান থেকে খাবারের দাম, ক্রেতাকে দেওয়া
বিল, খাবারের ব্যবহৃত উপাদান থেকে মেনু কার্ড
এ থাকা সঠিক দাম, উপযুক্ত ফুড লাইসেন্স থেকে
শুরু করে যাবতীয় নথি। বিশেষ করে প্রতিটি
দোকানে খাবারের মশলাপাতি এবং বিসাক্স রং
আছে কি না, নির্ভেজাল তেল ব্যবহার করা হচ্ছে
কি না তা হাতে-কলমে পরীক্ষা করছেন
আধিকারিকরা।

ইফিতে ডাবল ধামাকা রুষ্কিণীর

প্রতিবেদন : ৫৬তম ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভাল
অফ ইন্ডিয়া (ইফি)-তে এবার ডাবল ধামাকা অভিনেত্রী
রুষ্কিণী মৈত্রের। ২২ নভেম্বর ‘হাটি হাটি পা পা’ ছবির
ওয়ার্ল্ড প্রিমিয়ারের পর এবার আগামী ২৬ নভেম্বর
রুষ্কিণী অভিনীত এবং রামকমল মুখোপাধ্যায়
পরিচালিত ছবি ‘বিনোদিনী: একটি নটির উপাখ্যান’
নির্বাচিত হয়েছে ইন্ডিয়ান প্যানোরমা বিভাগে।
পাশাপাশি পরিচালক রামকমল মুখোপাধ্যায়
নমিনেটেড হয়েছেন বেস্ট ডেবিউ পরিচালক হিসেবে। যদিও গোয়ায় ইফি-
তে বিনোদিনী’র স্ক্রিনিংয়ে থাকতে পারবেন না অভিনেত্রী। কারণ, ‘হাটি হাটি
পা পা’ ছবির প্রচারে কলকাতায় ফিরে আসতে হচ্ছে তাঁকে। বিনোদিনী
ছবিতে নামভূমিকায় অভিনয়ে কার্যত সাড়া ফেলে দিয়েছিলেন রুষ্কিণী।
পরিচালক রামকমল মুখোপাধ্যায়ের তরফে জানা গিয়েছে, ২৬ এবং ২৭
নভেম্বর, দু’দিন ছবির স্ক্রিনিং এবং ২৮-এ হবে পুরস্কার ঘোষণা।



কমিশনের চাপেই আত্মঘাতী বিএলও-রা, তোপ কল্যাণের

সংবাদদাতা, হুগলি : নির্বাচন কমিশনের চাপে এখনও পর্যন্ত গোটা দেশে ৪৩ জন বিএলও এফেক্টেড। ২০ জন আত্মহত্যা করেছেন, ১৪ জন মারা গিয়েছেন এবং তিনজন আত্মহত্যার চেষ্টা করেছেন। অভিযোগ করলেন কল্যাণ বন্দ্যোপাধ্যায়। আজ শ্রীরামপুরে তৃণমূল সাংসদ বলেন, বিএলওদের উপর অসম্ভব চাপ দেওয়া হচ্ছে। সারাদিন ফর্ম বিলি করতে হচ্ছে, তারপর কালেকশন করতে হচ্ছে। পশ্চিমবঙ্গ কৃষিপ্রধান রাজ্য। চাষিরা এখন মাঠে রয়েছেন। তাঁদের ফর্ম দেওয়া হচ্ছে। বিএলওরা সেই ফর্ম জোগাড় করে আপলোড করতে যাচ্ছেন কিন্তু পারছেন না, কোনও নেটওয়ার্ক নেই। যাঁরা মধ্যবয়সী বা তার উপরে, তাঁরা এই ধরনের কাজে অভ্যস্তও নন। কোনও ওয়াইফাইয়ের ব্যবস্থা করেনি কমিশন। কাঁথির গদ্যরটা এমন একটা চাপ তৈরি করেছে যে পঞ্চায়েত অফিসে বসতে দিচ্ছে না



■ শ্রীরামপুরে ভোটারক্ষা শিবিরে কল্যাণ বন্দ্যোপাধ্যায়।

বিএলওদের। যে অফিসে অন্তত ওয়াইফাইয়ের সুবিধাটা পেতে পারতেন বিএলওরা। চারিদিকের অবস্থা খুবই করুণ। প্রচুর ভোটার যাঁদের ২০০২-এ নাম ছিল না, পরে এসেছেন। তাঁদের বাবা-মা মারা গিয়েছেন, বিভিন্ন জায়গায় চাকরি করতেন, এখন বাবা-মায়ের এপিক কার্ডের নম্বর পাবেন কোথায়! এসআইআর

করতে গেলে পুরনো তালিকা ধরে করতে হবে এটা কোথাও নেই, এটা বেআইনি কাজ। যাঁরা বিএলও তাঁদের হুমকি দেওয়া হচ্ছে। ভয় পেয়ে তাঁরা আত্মহত্যা করছেন, মারা যাচ্ছেন, অসুস্থ হয়ে পড়ছেন। আমি কমিশনকে বলব, দিল্লিতে ঠান্ডাঘরে বসে না থাকে পশ্চিমবঙ্গের গ্রামে গ্রামে ঘুরুন। ঘরে বসে অনেক জ্ঞান দেওয়া যায়।

অ্যাপভিত্তিক ফসল কাটার পরিষেবা চালুর পরিকল্পনা

প্রতিবেদন : কৃষিকাজকে আরও সহজ, দ্রুত এবং লাভজনক করতে উদ্যোগী রাজ্য। সেইমতো রাজ্যের মা-মাটি-মানুষের সরকার এবার অ্যাপ-ভিত্তিক ফসল কাটার পরিষেবা চালুর পরিকল্পনা নিয়েছে। সমবায়মন্ত্রী প্রদীপ মজুমদার এ-প্রসঙ্গে জানান, ভবিষ্যতের কৃষিকাজ নির্ভর করবে যান্ত্রিকীকরণের ওপর। এবং সেখানে সমবায় সমিতিগুলিই হতে পারে বড় হাতিয়ার।

গ্রামীণ বাংলার বিস্তীর্ণ চাষযোগ্য জমি থাকা সত্ত্বেও নতুন প্রজন্ম কৃষিকাজে আগ্রহ হারাচ্ছে। বিশেষজ্ঞরা সতর্কবাতায় জানিয়েছেন, কৃষিকাজে গতি আরও কমে গেলে ভবিষ্যতে খাদ্য-সরবরাহ চক্র ধাক্কা আশঙ্কা তৈরি হতে পারে। এই অবস্থায় রাজ্য সরকার কৃষিকাজে আগ্রহ বাড়াতে এক নয়া পদক্ষেপ নিল। মন্ত্রী জানান, রাজ্য সরকার এমন একটা উদ্যোগ নিয়েছে, যেখানে জমি থাকবে কৃষকের, কিন্তু হার্ডস্টার চালিয়ে ফসল কাটবেন দক্ষ কর্মীরা। কৃষক শুধু অ্যাপ মারফত চাহিদার কথা জানাবেন। ওলা বা উবের মডেলের মতো হার্ডস্টার নিজে থেকেই তাঁর জমিতে পৌঁছে কাজ করবে।

২০১৯ সালে 'মাটি উৎসব'-এর প্রদর্শনীতে একটিও

হার্ডস্টার অপারেটরকে আনতে হিমশিম খেয়েছিল রাজ্য। কিন্তু সময়ের সঙ্গে ছবিটা বদলে গিয়েছে। বর্তমানে বাংলায় চলছে ৪ হাজার ৫০০-র বেশি হার্ডস্টার, যা কৃষি যান্ত্রিকীকরণের দ্রুত অগ্রগতির ইঙ্গিত দেয়। প্রস্তাবিত অ্যাপের মাধ্যমে কৃষককে জানাতে হবে



শুধু মৌজা, দাগ নম্বর এবং জমির পরিমাণ। সিস্টেম নিজে থেকেই নিকটতম হার্ডস্টার অপারেটরকে খুঁজে দেবে। একই সঙ্গে অপারেটরও নোটিফিকেশন পাবেন। এতে সময় যেমন বাঁচবে, তেমনই যাতায়াতের খরচও কমবে বলে জানিয়েছেন কৃষি দফতরের এক আধিকারিক।

মন্ত্রী প্রদীপ মজুমদার জানান, এই প্রকল্প বাস্তবায়িত করতে কৃষি দফতর এবং সমবায় দফতরের সমন্বয় অপরিহার্য। আমরা ইতিমধ্যে বিভিন্ন দফতরের সমন্বয়ে একাধিক প্রকল্প সফলভাবে চালাচ্ছি। তাই অ্যাপ তৈরিতেও আমরা আশাবাদী। এর ফলে রাজ্যের সমাজ-অর্থনৈতিক উন্নয়নে আরও গতি আসবে। গত কয়েক বছরে পোলট্রি ও ভুট্টা উৎপাদনে রাজ্যের অগ্রগতি উল্লেখযোগ্য। কৃষি যান্ত্রিকীকরণেও মিলেছে ভাল ফল। সমবায়ভিত্তিক এই অ্যাপ তৈরি হলে কৃষিক্ষেত্রে উন্নয়নের গতি আরও বাড়বে বলে মনে করছে প্রশাসন।



■ মার্চেন্ট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ আয়োজিত এক আলোচনাসভার মাঝে ডিভিসির চেয়ারম্যান এস সুরেশ কুমার ও চেম্বারের ম্যানেজিং কমিটির সদস্য দীপককুমার আগরওয়াল।

ভুয়ো শংসাপত্র, গ্রেফতার বিদেশি দম্পতি

প্রতিবেদন : জাল জন্ম শংসাপত্রের পর এবার জাল মৃত্যু শংসাপত্র! কলকাতার এজেন্সি বোস রোডে একটি ভাড়া করা দোকানের দখল নিতে ভুয়ো মৃত্যুর সার্টিফিকেট বানিয়ে পুলিশের জালে বিদেশি দম্পতি। ভুয়ো ডেথ সার্টিফিকেটের তদন্তে নেমে তৎপরতার সঙ্গে শেক্সপিয়র সরণি থানার পুলিশ অভিযুক্ত স্বামী-স্ত্রীকে গ্রেফতার করেছে। ধৃতদের নাম জর্জ ক্রিস্টিন ডিকসন ও তাঁর স্ত্রী ক্যারল এরিকসন ডিকসন। দক্ষিণ ২৪ পরগনার গোসাবার পাঠানখালি থেকে ভুয়ো মৃত্যুর শংসাপত্র বানানো

হয়েছিল। কয়েকবছর আগে এজেন্সি বোস রোডে একটি দোকান ভাড়া নেন সরল রায় ও নিত্যরঞ্জন ঘোষ। তাদের থেকে আবার ওই দোকান ভাড়া নেন ডিকসন দম্পতি। অভিযোগ, সেই দোকানের দখল নিতেই ২০২৪ সালের অগাস্ট মাসে নিত্যরঞ্জনের ভুয়ো ডেথ সার্টিফিকেট তৈরি করেন ডিকসন দম্পতি। গোসাবার পাঠানখালি পঞ্চায়েতের চুক্তিভিত্তিক কর্মী গৌতম সর্দারের মাধ্যমে ওই ডেথ সার্টিফিকেট তৈরি করা হয় বলে পুলিশ সূত্রে খবর।



■ বাংলার মনীষীদের ওপর বিজেপির ক্রমাগত কুরুচিকর মন্তব্য ও নির্বাচন কমিশনের পরিকল্পনাহীন ভাবে এসআইআরের চক্রান্তের বিরুদ্ধে ২৩ নং ওয়ার্ড তৃণমূল কংগ্রেসের উদ্যোগে ও হুগলি শ্রীরামপুর সাংগঠনিক জেলা তৃণমূল যুব কংগ্রেসের সহসভাপতি অর্পণ রায়ের উদ্যোগে আয়োজিত মিছিল।

৪১৭ কোটি ১২ লক্ষ টাকা ব্যয়ে হবে ৫১৫টি রাস্তা

সুমন তালুকদার • বারাসত

২০১১ সালে ক্ষমতার হাতবদল হওয়ার পরেই রাজ্যজুড়ে উন্নয়নের জোয়ার এসেছে। কেন্দ্রে লাগাতার বঞ্চনা সত্ত্বেও নিজের তহবিলের টাকা খরচ করে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উন্নয়ন ঘটিয়েছেন গোটা রাজ্যে। রাস্তা স্বাস্থ্য-শিক্ষা-বস্ত্র-বাসস্থান—সবেরই লেগেছে অভিনবত্বের ছোঁয়া। উন্নয়নের জোয়ার অব্যাহত দেশের সর্ববৃহৎ জেলা উত্তর ২৪ পরগনাতেও। রাজ্য সরকার ও জেলা পরিষদের উদ্যোগে গ্রামীণ এলাকায় ৫১৫টি রাস্তার কাজ হতে চলেছে। এরমধ্যে যেমন আছে নতুন রাস্তা, তেমনই আছে রাস্তার সংস্কার। এই কাজের জন্য বরাদ্দ হয়েছে ৪১৭ কোটি ১২ লক্ষ টাকা। এতগুলি রাস্তার জন্য এই বিপুল পরিমাণ অর্থ বরাদ্দের জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে জেলাবাসী হিসেবে ধন্যবাদ জানিয়েছেন জেলা পরিষদের সভাপতি নারায়ণ গোস্বামী।

জেলা পরিষদ সূত্রে খবর, রিমেল, দানা সহ বিভিন্ন ঘূর্ণিঝড়, লাগাতার বৃষ্টি, বন্যা ইত্যাদি কারণে গ্রামীণ এলাকার বহু পিচের রাস্তা ক্ষতিগ্রস্ত হয়েছিল। ফলে সেগুলি ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। গ্রামীণ এলাকার সার্বিক উন্নয়ন, যোগাযোগ ও স্থানীয় অর্থনীতি চাঙ্গা করতে মমতা সরকার উদ্যোগী হয়েছে। বঙ্গীয় গ্রামীণ সড়ক যোজনা, পথশ্রী, স্টেট ফান্ড ইত্যাদির মাধ্যমে এই রাস্তাগুলি করা হবে। পথশ্রী ও স্টেট ফান্ডে নতুন পিচের ও ঢালাই রাস্তা করা হবে। এবং বঙ্গীয় গ্রামীণ সড়ক যোজনায় অন্যান্য রাস্তার মেরামতির কাজ করা হবে। এই রাস্তাগুলির টেন্ডারের কাজ চলছে। আগামী বছর ৩১ জানুয়ারির মধ্যে সব কাজ শেষ হয়ে যাবে বলেই জানিয়েছেন জেলা আধিকারিকরা। গ্রামীণ এলাকায় এই ৫১৫টি রাস্তার কাজ শেষ হলে শহর ও গ্রামের লক্ষ লক্ষ মানুষ উপকৃত হবে বলেই দাবি জেলার সভাপতি নারায়ণ গোস্বামী। তিনি বলেন,



আরও ৯১টি রাস্তা এই তালিকায় যুক্ত হতে পারে সেক্ষেত্রে মোট রাস্তার সংখ্যা ৬০০ পেরিয়ে যাবে। তাঁর কথায়, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শহরের পাশাপাশি গ্রামীণ এলাকার উন্নয়নে বিশেষ জোর দিতে বলেছেন। তারই নির্দেশে আপাতত ৫১৫টি রাস্তার কাজ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর ফলে শহরের সঙ্গে গ্রামের যোগাযোগ আরও নিবিড় হবে। সহজ হবে যাতায়াত, পরিবহণ ব্যবস্থা। বাড়বে পর্যটকের সংখ্যা, মজবুত হবে গ্রামীণ অর্থনীতি। কেন্দ্রের লাগাতার বঞ্চনা সত্ত্বেও জেলাজুড়ে গ্রামীণ ক্ষেত্রে রাস্তার উন্নয়ন ও পুনর্গঠন অব্যাহত রাখতে একসঙ্গে এত রাস্তা ও তার জন্য বিপুল পরিমাণ অর্থ বরাদ্দ করায় জেলার একজন সাধারণ মানুষ হিসেবে রাজ্যের প্রশাসনিক প্রধান মমতা বন্দ্যোপাধ্যায়কে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়েছেন নারায়ণ গোস্বামী।



■ উত্তর ২৪ পরগনার ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান ভাটপাড়া অমরকৃষ্ণ পাঠশালার শতবার্ষিকী উদযাপনের অঙ্গ হিসাবে রবিবার এক বর্ণময় পুনর্মিলন উৎসবের আয়োজন করা হয়। চার প্রজন্মের প্রাক্তন পড়ুয়া ও শিক্ষকরা দিনভর নানা কর্মসূচিতে অংশ নেন। ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান ও মধ্যাহ্নভোজ।

চোর সন্দেহে মারধরের জেরে মৃত্যু এক যুবকের। নাম সামজান শেখ (৩৫)। বাড়ি ইংরেজবাজারের ১৮ নম্বর ওয়ার্ডের মহেশমাটিতে। শনিবার সন্ধ্যার ঘটনা, মালদার ইংরেজবাজার থানা এলাকার পুরসভা নিয়ন্ত্রিত বাজারে

৩৪ লক্ষে অত্যাধুনিক সুস্বাস্থ্য কেন্দ্র স্বাস্থ্যোজ্জ্বল করে তুলবে গাজোলকে

সংবাদদাতা, মালদহ : দীর্ঘদিনের প্রত্যাশার অবসান ঘটিয়ে আধুনিক স্বাস্থ্য পরিকাঠামোর এক নতুন অধ্যায় শুরু হল এলাকার মানুষের জন্য। উন্নত চিকিৎসা পরিষেবার লক্ষ্যে সদ্য উদ্বোধন হওয়া সুস্বাস্থ্য কেন্দ্রটি গাজোলের গ্রামীণ জনজীবনে নিয়ে এসেছে আশার আলো। উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রশাসনিক ও স্বাস্থ্য দফতরের নীর্ষা আধিকারিকরা এবং জনপ্রতিনিধিরা। তাঁদের উপস্থিতিতে এই কেন্দ্রের আনুষ্ঠানিক সূচনা হয়। স্বাস্থ্য দফতরের উদ্যোগে প্রায় ৩৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত এই ভবনটি



■ সুস্বাস্থ্য কেন্দ্রের সামনে স্বাস্থ্য আধিকারিক এবং জনপ্রতিনিধিরা।

আধুনিক সুবিধাসম্পন্ন। প্রাথমিক চিকিৎসা, মাতৃ ও শিশুপরিচর্যা, টিকাকরণ, নিয়মিত স্বাস্থ্যপরীক্ষা

ও বিনামূল্যে স্বাস্থ্য পরামর্শ— সবকিছুই এখান থেকে প্রদান করা হবে। ফলে সাধারণ অসুস্থতা

বা জরুরি প্রাথমিক চিকিৎসার জন্য দূরবর্তী হাসপাতালে যাওয়ার প্রয়োজনীয়তা অনেকটাই কমে যাবে। অনুষ্ঠানে বক্তারা জানান, এই সুস্বাস্থ্য কেন্দ্র ভবিষ্যতে এলাকার স্বাস্থ্যব্যবস্থাকে আরও শক্তিশালী করবে এবং সাধারণ মানুষের চিকিৎসা পাওয়ার অধিকারকে আরও সহজ করবে। বিশেষ করে গর্ভবতী মহিলা, শিশু ও বৃদ্ধদের জন্য এই কেন্দ্র হবে এক নির্ভরযোগ্য আশ্রয়স্থল। উৎসাহ- উদ্দীপনা ও মানুষের বিপুল উপস্থিতিতে দিনটি পরিণত হয় এক স্মরণীয় মুহূর্তে। নতুন এই স্বাস্থ্যকেন্দ্র ঘিরে

এলাকাবাসীর মধ্যে ফিরে এসেছে সুস্থ ভবিষ্যতের আশা।



■ থানায় চলেছেন উদ্বিগ্ন নাবালিকার পরিজনরা।

উদ্ধার হল চারদিন নিখোঁজ শিলিগুড়ির তিন নাবালিকা

সংবাদদাতা, শিলিগুড়ি : শহরের এক নম্বর ওয়ার্ড থেকে নিখোঁজ হওয়া তিন নাবালিকাকে চারদিন পর উদ্ধার করল শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশ। ঘটনায় উৎকণ্ঠার পর আজ স্বস্তি ফিরে এল পরিবারগুলিতে। গত ১৯ তারিখ বাড়ি থেকে বেরোনোর পর আর খোঁজ মিলছিল না তিনজনের। বান্ধবীর জন্মদিন অনুষ্ঠানে যাচ্ছে বলে বাড়ি ছেড়েছিল তারা। এরপরই শুরু হয় রহস্য। হঠাৎ তিন কিশোরীর একসঙ্গে উদ্ধাও হয়ে যাওয়ায় এলাকায় তৈরি হয় ব্যাপক চাঞ্চল্য। অপহরণ, নারীপাচার, নাকি অন্য কিছু— এই প্রশ্নে শহর জুড়ে শুরু হয় জোর আলোচনা। উদ্বেগ বেড়ে যায় প্রশাসনিক মহলেও। সেই রাতে পরিবারের পক্ষ থেকে প্রধাননগর থানায় নিখোঁজদের সন্ধান চেয়ে লিখিত অভিযোগ দায়ের করা হয়।

অভিযোগ পেয়েই তদন্তে নামে প্রধাননগর থানার পুলিশ ও অ্যান্টিট্রাফিক উইং। শহরের একাধিক সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হয়। পাশাপাশি বিভিন্ন সূত্র ধরে শুরু হয় অনুসন্ধান। অবশেষে আজ সকালে নিউ জলপাইগুড়ি স্টেশন থেকে উদ্ধার করা হয় তিন নাবালিকাকে। পরে তাদের থানায় আনার পর পরিবারের হাতে তুলে দেয় পুলিশ।

সূত্রের খবর, তিনজন নিজেরাই হাওড়া চলে গিয়েছিল। তবে সেখানে কেন গিয়েছিল, কার সঙ্গে দেখা করতে অথবা আদৌ কারও প্ররোচনা ছিল কি না—তা তদন্ত করে দেখছে পুলিশ। সোশ্যাল মিডিয়ায় ওই তিনজন অত্যন্ত সক্রিয় ছিল বলেও জানা গিয়েছে। সেদিকটাও দেখছেন তদন্তকারীরা। চারদিনের টানা দুশ্চিন্তার অবসান হওয়ায় অবশেষে স্বস্তির নিশ্বাস ফেলেছেন তিন পরিবারের সদস্যরা।

রাতে নিখোঁজ, ভোরে পুকুরে মিলল নিখর দেহ

সংবাদদাতা, মালদহ : রাতভর নিখোঁজ থাকার পর রবিবার সকালে রাস্তার পাশের একটি পুকুর থেকে এক ব্যক্তির নিখর দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য ছড়াল মালদহের মানিকচক থানার মথুরাপুর নিম্ননগর এলাকায়। মৃত ব্যক্তির নাম কৃষ্ণ মণ্ডল (৪০)। তিনি স্থানীয় বাসিন্দা এবং



মাবেমধ্যেই দিনমজুরির কাজ করতেন। বাড়িতে থাকাকালীন মথুরাপুর সাপ্তাহিক হাটে একটি চায়ের দোকান চালাতেন। শনিবারও তিনি নিয়মমাফিক হাটে সারাদিন চায়ের দোকান করেন। কিন্তু রাতে দোকান বন্ধ করার পর আর বাড়ি ফেরেননি। পরিবার-পরিজনেরা আত্মীয়স্বজন ও পরিচিতদের বাড়িতে খোঁজ চালিয়েও সন্ধান পাননি। অবশেষে রবিবার সকালে গ্রামের অদূরে রাস্তার পাশের একটি পুকুরে তাঁর দেহ ভেসে থাকতে দেখেন স্থানীয় বাসিন্দারা। পুকুরের ধারে পড়ে থাকতে দেখা যায় তাঁর

সাইকেলও। খবর ছড়াতাই এলাকায় ভিড় জমে যায়। কান্নায় ভেঙে পড়েন পরিবারের সদস্যরা। শোকের ছায়া নেমে আসে গোটা গ্রামে। স্থানীয়দের একাংশ জানান, কৃষ্ণ মাবেমধ্যেই অতিরিক্ত মদ্যপান করতেন। অনুমান, সম্ভবত নেশার ঝোঁকে নিয়ন্ত্রণ হারিয়ে তিনি পুকুরে পড়ে যান এবং তাতেই মৃত্যু হয়। তবে দুর্ঘটনা না পিছনে অন্য কারণ রয়েছে তা খতিয়ে দেখতে পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌঁছে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মালদহ মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠিয়েছে। রিপোর্ট না আসা পর্যন্ত কিছু নিশ্চিত করে বলতে নারাজ পুলিশ।

বিরল প্রজাতির কচ্ছপ উদ্ধার



সংবাদদাতা, কালিয়াগঞ্জ : কালিয়াগঞ্জের বাঘন রেলগেট সংলগ্ন এলাকা থেকে উদ্ধার হল একটি বিরল প্রজাতির কচ্ছপ। রবিবার বিকেলে ভাঙার অঞ্চলের বাঘন রেলগেট সংলগ্ন জলাশয়ে স্থানীয় মানুষের নজরের আসে কচ্ছপটি। খবর দেওয়া হয় কালিয়াগঞ্জ থানায় পরে পুলিশ এসে কচ্ছপটিকে উদ্ধার করে থানায় নিয়ে আসে। প্রাথমিকভাবে থানাচত্বরে থাকা ফোয়ারার জলাশয়ে রাখা হয়েছে কচ্ছপটি। পরে সেটিকে তুলে দেওয়া হবে বন দফতরের হাতে। কোথা থেকে কচ্ছপটি এল সেটাও জানার চেষ্টা চলছে।

দুর্ঘটনায় মৃত বিএলও-র বাড়ি দেখা করতে গেলেন জগদীশ

সংবাদদাতা, কোচবিহার : পথদুর্ঘটনায় মৃত বিএলওর পরিবারের সঙ্গে দেখা করলেন কোচবিহার লোকসভা কেন্দ্রের সাংসদ জগদীশচন্দ্র বর্মা বসুনিয়া। প্রসঙ্গত, গত বৃহস্পতিবার এসআইআর-এর কাজ সেরে বাড়ি ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যু হয় ললিতা অধিকারী নামে প্রাথমিক শিক্ষকের। বিএলওর কাজ



■ মৃত বিএলওর বাড়িতে সাংসদ জগদীশ বর্মা বসুনিয়া।

করে বাড়ি ফেরার পথে পথদুর্ঘটনায় বেঘোরে প্রাণ হারান তিনি। আজ তাঁর পরিবারের সঙ্গে দেখা করতে এলেন জগদীশচন্দ্র। এসআইআর-এর কাজ শেষে বাড়ি ফেরার পথে মমাস্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারানো ওই বিএলও-র পরিবারের সঙ্গে দেখা করলেন কোচবিহার লোকসভা কেন্দ্রের সাংসদ। শিক্ষকের মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে এলাকায়।

আজ মৃতের বাড়িতে গিয়ে জগদীশ বলেন, এসআইআর-এর মতো গুরুত্বপূর্ণ দায়িত্ব অত্যন্ত

নিষ্ঠার সঙ্গে পালন করতেন তিনি। তাঁর মৃত্যু অপূরণীয় ক্ষতি। পরিবারের সদস্যরা জানান, প্রতিদিন সকাল-বিকেল বাড়ি বাড়ি ফর্ম সংগ্রহ করা, রাতে আপলোড, এই চাপে দীর্ঘদিন ধরেই ক্লান্ত ছিলেন তিনি। দায়িত্ব শেষ করেই বাড়ি ফেরার পথে ঘটে যায় বিপদ।

এদিন এলাকাবাসীও সাংসদের সামনে অভিযোগ তোলেন, বিএলওদের উপর অতিরিক্ত কাজের চাপ কমানো এবং নিরাপত্তার দিকে প্রশাসনের নজরদারি বাড়ানো প্রয়োজন।

শীতে শিলিগুড়ির বাজারে ডিমের দাম আকাশছোঁয়া

সংবাদদাতা শিলিগুড়ি : বাইরের জেলাগুলি থেকে পোল্ট্রির ডিমের জোগান কমে যাওয়ায় শিলিগুড়ির বাজারে ডিমের দামে আশুনি। বিক্রেতারা বলছেন বাইরের পুরনো মুরগি মার্কেটে নেই। তাই বেড়েছে ডিমের দাম। শীত পড়তেই ডিমের দাম ক্রমশ বাড়ছে যা নিয়ে চিন্তিত মধ্যবিত্ত পরিবার। মাছ-মাংসের মতো দাম বেড়েছে ডিমের, পোল্ট্রির ডিম ৬ টাকা থেকে বেড়ে ৮ টাকা ৫০ পয়সা, দেশি মুরগির ডিমের দাম ১৫ টাকা থেকে বেড়ে ২০ টাকা ও হাঁসের ডিমের দাম ১৮ টাকা ছুঁয়েছে। ডিমবিক্রেতাদের মতে, বাইরের জেলাগুলি



থেকে ডিম আসা প্রায় বন্ধ। এছাড়াও পুরনো মুরগি বর্তমানে কেটে দেওয়া হয়েছে, যার ফলেই ডিমের বাজারে ডিমের দামে আশুনি। এক-একটি পোল্ট্রির ডিম বাজারে বিক্রি হচ্ছে আট টাকা

থেকে সাড়ে আট টাকায়। ডিম গরিব মানুষের কাছে কম পয়সায় পুষ্টিকর খাদ্য। দাম বাড়ায় যাঁরা ডিমের উপর নির্ভর করে থাকেন, তাঁদের অসুবিধায় পড়তে হচ্ছে। তবে ডিমের দাম আরও বাড়বে বলে দাবি করছেন বিক্রেতারা। মূলত অন্ধপ্রদেশ, বিহার, পাঞ্জাব ও মালদহ থেকে থেকে ডিম আসত শিলিগুড়ি-সহ উত্তরবঙ্গের বিভিন্ন বাজারে। বর্তমানে সেই জায়গাগুলি থেকে ডিম আসা একেবারেই বন্ধ। তাতেই বেড়েছে ডিমের দাম। ডিম উৎপাদনের জায়গাগুলোতে পুরনো মুরগি কেটে ফেলা হয়েছে। ফলে আকাশছোঁয়া হয়েছে পোল্ট্রির ডিমের দাম।



■ থ্যালাসেমিয়া রোগীদের জন্য উত্তর খোদার বাজারে রক্তদান শিবির। উপস্থিত বিধায়ক তথা বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, জয়ন্ত ভদ্র, গৌতম দাস-সহ বিশিষ্টরা। শিবিরে রক্তদান করলেন ১৫০ জন।

সর্বমঙ্গলা মন্দিরে পালিত নবান্ন উৎসব



সংবাদদাতা, বর্ধমান : রবিবার বর্ধমানের অধিষ্ঠাত্রী দেবী সর্বমঙ্গলা মন্দিরে অনুষ্ঠিত হল নবান্ন উৎসব। এদিন দেবীকে

নতুন চালের ভোগ নিবেদন করা হয়। ছিল গুড়, চাল, মিষ্টি ফল দিয়ে তৈরি নবান্নের প্রসাদ। বারোশো ভক্ত নবান্নের মালসা ভোগ গ্রহণ করেন। সর্বটাই নতুন ধান আর বাজারে ওঠা নতুন সবজি দিয়ে তৈরি। এই সময় রাজ্যের শস্যভাণ্ডার পূর্ব বর্ধমান জেলার প্রতিটি গ্রামে নবান্ন উৎসব পালিত হয়। নতুন ওঠা ধান থেকে তৈরি চাল মা সর্বমঙ্গলাকে বিভিন্ন ফল ও সবজির সঙ্গে অর্পণ করা হয়। পুজো করা চাল বাড়িতে নিয়ে এসে হয় নবান্নের আয়োজন।

বাস উল্টে বিপত্তি

সংবাদদাতা, নন্দকুমার : রবিবার বিকেলে পূর্ব মেদিনীপুরের নন্দকুমার থানার পুয়াদ্যায় নয়ানজুলিতে যাত্রীবাহী বাস উল্টে কমবেশি জখম হন ১২জন যাত্রী। জানা গিয়েছে, বাসটি হলদিয়া থেকে ঝাড়গ্রামের দিকে যাচ্ছিল। সেই সময় পুয়াদ্যায় কাছে রাস্তার পাশে নয়ানজুলিতে উল্টে যায়। বাসের প্রায় ৪৫ জন যাত্রীর মধ্যে ১২জন অল্পবিস্তর আহত হন। পুলিশ ও স্থানীয়রা উদ্ধার করে তমরুক মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যায়। দুর্ঘটনার কারণ জানতে তদন্ত চলছে বলে জানান নন্দকুমার থানার ওসি অমিত দেব।

সিউড়িতে রাজ্য গ্রন্থাগার কর্মীদের প্রথম জেলা সম্মেলনে তোপ বিধায়কের কেন্দ্রের চক্রান্তের জবাব মানুষ ভোটের দেবে

সংবাদদাতা, সিউড়ি : বাংলার মানুষ পরিষ্কার বুঝতে পারেন যে নির্বাচন আসছে। কেননা তখন বাংলায় ঘন ঘন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি-সিবিআইয়ের আসা-যাওয়া বেড়ে যায়। সারা বছর এদের পাত্তা পাওয়া যায় না। নির্বাচন এলেই তৃণমূলকে দুর্বল করার উদ্দেশ্য নিয়েই বিজেপি কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাগুলোকে বাংলার মাটিতে পাঠায়। কিন্তু প্রতিবারই বাংলার মানুষ বিজেপির এই ইডি-সিবিআই জুজু দেখানোকে উপেক্ষা করেই মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত শক্ত করে তোলেন নির্বাচনের মধ্য দিয়ে। আগামী বছর বিধানসভা নির্বাচনে বর্তমান মুখ্যমন্ত্রী ফের চতুর্থবার বাংলার মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন আর সেটা কোনও রাজনৈতিক শক্তিই আটকাতে পারবে না। রবিবার পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশন গ্রন্থাগার শাখার প্রথম জেলা সম্মেলনের মঞ্চ থেকে এমনটাই স্পষ্ট ভাষায় জানিয়ে দিলেন সিউড়ির বিধায়ক বিকাশ রায়চৌধুরী। তিনি আরও বলেন, কখনও এনআরসি, কখনও সিএএ, কখনও এসআইআর, বিভিন্ন কৌশল আর ষড়যন্ত্র



■ সম্মেলনের মঞ্চে বক্তব্যরত সিউড়ির বিধায়ক বিকাশ রায়চৌধুরী।

অবলম্বন করে মানুষকে বিভ্রান্তির মধ্যে রেখে দিয়ে বিজেপি পেছনের দরজার সাহায্যে বাংলা দখল করতে চায়। দিল্লি চায় তৃণমূল কংগ্রেসকে ভয় দেখিয়ে শিরদাঁড়া ভেঙে দিতে। কিন্তু আমরা তৃণমূল কংগ্রেসের সৈনিকরা, আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় যে লড়াই, সংগ্রামের পথ আমাদেরকে

দেখিয়েছেন তাতে দিল্লির হুকুম, ষড়যন্ত্রের কাছে মাথা নত করি না। আগামী বছর বিধানসভা নির্বাচনে বাংলার মানুষের ভোট বিজেপি পাবে না, এটা ওরা খুব ভাল করেই বুঝতে পেরে গিয়েছে। তাই নানা রকমের ফন্দিফিকির করে চেষ্টা চালিয়ে যাচ্ছে বাংলার ক্ষমতা দখলের। এই বীরভূম অত্যন্ত পিছিয়ে পড়া একটি জেলা ছিল। রাজ্যে তৃণমূল সরকার গড়ার পরে মমতা

বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে বীরভূম জেলা একাধিক প্রকল্পে গোটা দেশে প্রথম স্থান অধিকার করে কেন্দ্রের পুরস্কার ছিনিয়ে নিয়ে এসেছে। কিন্তু এখন সেই কেন্দ্রীয় সরকার ২০২১ সালে বাংলার ক্ষমতা দখল করতে না পেরে সমস্ত গরিব মানুষের সুযোগসুবিধার প্রাপ্য অর্থ আটকে রেখেছে গায়ের জোরে। আদালত রায় দেওয়ার পরেও এখনও কেন্দ্রের বিজেপি সরকার ১০০ দিনের কাজ শুরু করল না। মানুষের কাছে আমরা যাব আর বলব কীভাবে গত ৫ বছর ধরে বিজেপি সরকার মানুষের উপার্জিত, অধিকারের টাকা আটকে রেখে দিয়েছে কেবলমাত্র প্রতিহিংসা চরিতার্থ করতে। বাংলার মানুষ বিজেপিকে পছন্দ করেন না সেটা বারবার ভোটাধিকারের মধ্য দিয়ে প্রমাণ করে দিয়েছেন। বাংলার মানুষের কাছে বিজেপিকে যে হারতে হচ্ছে সেটাই দেশের প্রধানমন্ত্রী হজম করতে পারছেন না। তাই নানা অছিলায় মানুষের অধিকারের টাকা আটকে রেখে দিয়েছেন। এই তথ্য আগামী বিধানসভা নির্বাচনের আগে আরও বেশি বেশি করে মানুষের কাছে পৌঁছে দিতে হবে আমাদেরই।

মন্দারমণিতে নিখোঁজ আইটি কর্মী

সংবাদদাতা, মন্দারমণি : মন্দারমণি বেড়াতে এসে ঘটে গেল বিপত্তি। সমুদ্রে তলিয়ে নিখোঁজ হলেন পেশায় তথ্যপ্রযুক্তি কর্মী সরোজ বসু (২৪)। শনিবার বিকেলের এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায় এলাকায়। রবিবার সন্ধ্যে পর্যন্ত খোঁজাখুঁজি করেও কোনও খোঁজ মেলেনি তাঁর। জানা গিয়েছে, কলকাতার সেক্টর ফাইভে এক বেসরকারি সংস্থার



■ নিখোঁজ সরোজ বসু।

তথ্যপ্রযুক্তি কর্মী সরোজ। বাড়ি পূর্ব বর্ধমানের ভাতার রবীন্দ্রপল্লিতে। যদিও থাকতেন কলকাতার নিউটাউনের সাপারজি আবাসন এলাকায়। শনিবার তাঁরা তিন বন্ধু ও এক বান্ধবী একটি প্রাইভেট গাড়িতে মন্দারমণি

বেড়াতে আসেন। বিকেলে পৌঁছিয়ে রাস্তার পাশেই গাড়ি রেখে সমুদ্রে নামেন। সেখানেই সমুদ্রে তলিয়ে যান সরোজ। বন্ধুরা আতঙ্কিত হয়ে মন্দারমণি থানায় খবর দেন। পুলিশের তরফে রবিবার সন্ধ্যা পর্যন্ত খোঁজাখুঁজি করেও সন্ধান মেলেনি। ইঞ্জিনিয়ারিং পাশ করে কয়েক বছর আগে ওই সংস্থায় চাকরিতে যোগ দেন সরোজ। বাবা বর্ধমান থানার এসআই। মা স্বাস্থ্য বিভাগের কর্মী। মন্দারমণি থানার ওসি অর্কদীপ হালদার বলেন, বন্ধুদের থেকে খবর পেয়েই খোঁজখবর শুরু করেছি। এখনও কোনও খবর পাওয়া যায়নি।

আউশগ্রামে বাউল-ফকিরি মেলা

সংবাদদাতা, বর্ধমান : আউশগ্রাম ১ রকের বনবগ্রাম বাউল আশ্রমে তিনদিন ধরে ‘বাউল ফকিরি মেলা’ হল। বাংলা নাটক ডট কমের উদ্যোগে। ‘মিলন’-এর অনুষ্ঠানের মাধ্যমে রবিবার সমাপ্ত হল। সংস্থার প্রতিষ্ঠাতা ডিরেক্টর অমিতাভ ভট্টাচার্য জানান, ১৫তম বর্ষের মেলার উদ্বোধন করেন পণ্ডিত তন্ময় বোস, সঙ্গে ছিলেন বাউলগুরুরা।



■ ৩ দিনের মেলায় বাউলগান পরিবেশনে গ্রামীণ শিল্পী।

পুতুলনাচের অনুষ্ঠান। এবারের মেলায় ২০০ বাউলশিল্পী, পুতুলনাচ চদর বদর-এর ডুটি দলের ১০০ শিল্পী ও ১০০ জন কাঁথাশিল্পী অংশ নিয়েছেন। বাংলার লোকশিল্পের প্রসার-প্রচারে রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন অমিতাভ।

তিনদিন মেলায় সারাদিন গানবাজনা, বাউল নিয়ে আলোচনা, বাউলের ওপর চলচ্চিত্র প্রদর্শনী ছাড়াও এবারে ছিল আঞ্চলিক মহিলাদের তৈরি পিওল ব্র্যান্ডের কাঁথা প্রদর্শনী ও কর্মশালা এবং আঞ্চলিক আদিবাসী সমাজের

ফরাক্কার জীবিত তোফিজুল তালিকায় ‘মৃত’

সংবাদদাতা, জঙ্গিপুর : দিব্যি বেঁচে আছেন। ২০০২ এবং ২০২৪-এর ভোটার তালিকায় তাঁর নামও আছে। কিন্তু সেই তিনিই বেঁচে থেকেও কীভাবে ২০২৫-এর নির্বাচন কমিশনের নথি বা ভোটার তালিকায় ‘মৃত’ বলে চিহ্নিত হয়ে গেলেন বুঝে উঠতে পারছেন না! এমন বিস্ময়কর ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে ফরাক্কার মহেশপুর পঞ্চায়েতের এনায়েতনগরে। ওই এলাকার বাসিন্দা তোফিজুল পড়েছেন মহাফাঁপরে। নির্বাচন কমিশনের নথি অনুযায়ী ভোটার তালিকায় ‘মৃত’ তোফিজুল রীতিমতো দিশাহারা। এ দোর ও দোর ঘুরছেন সমাধানের আশায়। কিন্তু সে আশ্বাস দিতে পারছেন না



সকলেই। ‘মৃত’ তোফিজুল ভোটার তালিকায় ফের জীবিত হন, সেটাই এখন দেখার।

কেউই। স্তম্ভিত স্থানীয় মানুষজনও। বেঁচে থাকতেও কীভাবে তাঁকে ২০২৫ সালের ভোটার তালিকায় ‘মৃত’ বলে দেখানো হয়েছে। আর এই অজুত নির্বাচন কমিশনের কীর্তি! ধরনের ভুলকে ঘিরে মানুষের মনে জ্বলন্ত প্রশ্ন, সার-আবহেই কি এই গাফিলতি, নাকি এই কাজ আদতে উদ্দেশ্যপ্রণোদিত? ফরাক্কা অঞ্চলে ইতিমধ্যেই এই বিষয়ে তদন্তের দাবিতে জনমতের চাপ বাড়ছে। জীবিত মানুষ কী করে ভোটার তালিকায় ‘মৃত’ দেখিয়ে বাদ যান, তা জানতে চান

পাণ্ডবেশ্বরের মায়ারানি ৪৪টি কেন্দ্রের ভোটার!

সংবাদদাতা, পাণ্ডবেশ্বর : এসআইআরের জন্য নির্বাচন কমিশনের দেওয়া অনুমোদন ফর্ম নিয়ে বড়সড় চক্রান্তের পর্দা ফাঁস হল পাণ্ডবেশ্বরে। প্রৌঢ়া মায়ারানি গোস্বামীর অনুমোদন ফর্মে দেওয়া কিউআর কোড স্ক্যান করতেই দেখা গেল তিনি ৪৪টি কেন্দ্রের ভোটার। একজন কীভাবে এতগুলো জায়গার ভোটার হন এই প্রশ্নে নির্বাচন কমিশনের গাফিলতি বলে জানায় তৃণমূল শিবির। রীতিমতো আতঙ্কে রয়েছেন মায়ারানি। প্রসঙ্গত, বৈধ ভোটার নির্দিষ্ট করা এবং অবৈধ ভোটারদের চিহ্নিতকরণের উদ্দেশ্যে ৪ নভেম্বর থেকে রাজ্যজুড়ে শুরু হয়েছে বিশেষ নিবিড় সংশোধন অর্থাৎ এসআইআর প্রক্রিয়া। সেই প্রক্রিয়া চলাকালীনই এই



দেখা যায় ৪৪টি বিধানসভার ভোটার মায়ারানি কোথাও মায়ারানি দাস, কোথাও মায়ারানি গোস্বামী, আবার কোথাও মায়ারানি রায়। নাম একই, শুধু পদবিটা আলাদা। ঘটনা জেনে বিজেপি নেতা জিতেন্দ্র তেওয়ারি তৃণমূলের ঘাড়ে দোষ চাপালেও সাংসদ কীর্তি আজাদ নির্বাচন কমিশনারকেই কাঠগড়ায় দাঁড় করান।

বাড়গ্রাম ব্লকের সাপখরা গ্রাম
পঞ্চায়েতের শিমুলপাল পিড়রা
তরুণ সংঘের শিবিরে রবিবার
বাড়গ্রাম ব্লাড ব্যান্ডের সহযোগিতায়
ক্লাব সদস্য ও গ্রামবাসীরা মিলে ৪০
জন রক্তদান করেন

প্রয়াত কমলাকান্তকে শ্রদ্ধা বিধায়কের

সংবাদদাতা, দাঁতন : দাঁতন বিধানসভার অধীন
দাঁতন ২ ব্লকের তুরকার অঞ্চল তৃণমূল



সভাপতি কমলাকান্ত
পটনায়কের অকালপ্রয়াণে
এলাকাজুড়ে শোকস্তব্ধ
তৃণমূল কর্মীরা রবিবার
বিকেলে প্রয়াত নেতাকে
শেষ শ্রদ্ধা জানাতে তাঁর
বাড়িতে যান। ছিলেন
দাঁতনের বিধায়ক

বিক্রমচন্দ্র প্রধান, দাঁতন ২ ব্লক তৃণমূল
সভাপতি শেখ ইফতিকার আলি, যুব সভাপতি
বিপ্লব বেরা-সহ অন্যান্য।



■ পশ্চিম মেদিনীপুরের সবং ব্লকের শিক্ষক
নেতৃত্বদেয় নিয়ে সাংগঠনিক আলোচনায়
উপস্থিত মন্ত্রী ডাঃ মানসরঞ্জন ভূঁইয়া। ছিলেন
ঘাটাল সাংগঠনিক জেলার তৃণমূল প্রাথমিক
শিক্ষক সমিতির সভাপতি সাহেব দে, ব্লক
তৃণমূল কংগ্রেসের সহ সভাপতি বাদলচন্দ্র
বেরা প্রমুখ।



■ পশ্চিম মেদিনীপুরের গড়বেতা ১ ব্লকের ৮
নং আমকোপা অঞ্চলের কুসুমদহরী বুথে
মিছিল ও পথসভায় উপস্থিত তৃণমূল
বিধায়ক উত্তরা সিংহ হাজরা-সহ অন্যান্য।

তাজা বোমা উদ্ধার

সংবাদদাতা, নদিয়া : গোপন সূত্রে খবর পেয়ে
চাপড়ার পুকুরিয়া গ্রামের সোনা শেখের
বাড়িতে অভিযান চালিয়ে চাপড়া থানার পুলিশ
৬টি তাজা বোমা উদ্ধার করে। নাশকতার কাজ
চালানোর জন্যই বোমাগুলি মজুত করা
হয়েছিল বলে মনে করছেন তদন্তকারীরা।
সোনা শেখকে গ্রেফতার করার পরই
বোমাগুলো উদ্ধার হয়। কী কারণে সে বাড়িতে
বোমা মজুত করেছিল তা জানতে তদন্ত শুরু
করেছে চাপড়ার পুলিশ।

বিষ্ণুপুরে সমাবর্তন

সংবাদদাতা, বিষ্ণুপুর : বিষ্ণুপুর ব্লকের
শিরোমণিপুর মল্লভূম এবং বিপিআই কলেজ
মাঠে ১২০০ শিক্ষক-শিক্ষিকা ও প্রশিক্ষণপ্রাপ্ত
ছাত্রছাত্রীদের নিয়ে বিপিআই গ্লোবাল
ফাউন্ডেশনের উদ্যোগে চারটি বিএড এবং
ডিএলএড কম্পোজিট টিচার্স ট্রেনিং কলেজের
পরিচালনায় সমাবর্তন অনুষ্ঠান হল রবিবার।
করোনার সময়কাল থেকে অনলাইন ক্লাস
চলায় বন্ধ ছিল কলেজে সমাবর্তন। প্রায় চার
বছর পর এবার প্রথম শুরু হল।

উন্নয়নের নয়া নজির, পাড়া শিবিরের ২৯টি প্রকল্পের শিলান্যাসে সাংসদ কীর্তি, ডিএম

সংবাদদাতা, দুর্গাপুর : আমাদের পাড়া
আমাদের সমাধান শিবিরে রবিবার
উন্নয়নের নয়া নজির দেখা গেল দুর্গাপুর
নগর নিগমের ৩ নং বোরোতে। একসঙ্গে
২৯টি প্রকল্পের শিলান্যাস করা হল এক
অনুষ্ঠানের মধ্য দিয়ে। রবিবার মামড়া
বাজারের সেই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন
বর্ধমান দুর্গাপুর লোকসভা কেন্দ্রের সাংসদ
কীর্তি আজাদ, পশ্চিম বর্ধমানের
জেলাশাসক পূনাবলম এস, আসানসোল
দুর্গাপুর উন্নয়ন পর্যদের চেয়ারম্যান কবি
দত্ত, দুর্গাপুর নগর নিগমের চেয়ারপার্সন
অনিন্দিতা মুখোপাধ্যায়, মহকুমা শাসক
সুমন বিশ্বাস, নগর নিগমের কমিশনার



■ শিলান্যাস অনুষ্ঠানে কীর্তি আজাদ, জেলাশাসক পূনাবলম এস, কবি দত্ত প্রমুখ।

আবুল কালাম আজাদ ও ২৬ নম্বর
ওয়াডের প্রাক্তন পুরপিতা দীপেন মাজি-সহ
বিভিন্ন বিশিষ্টজনেরা। মুখ্যমন্ত্রীর স্বপ্নের
প্রকল্প ‘আমাদের পাড়া আমাদের সমাধান’

দুর্গাপুর

কাজগুলির বাস্তবায়নের
ক্ষেত্রে মুখ্যমন্ত্রীর
মস্তিষ্কপ্রসূত পাড়ায়

সমাধান শিবির গুরুত্বপূর্ণ ভূমিকা রাখল।
রাস্তা, আলো, নিকাশি নালা ইত্যাদি নানা
পরিকাঠামোগত প্রকল্পের সূচনা হওয়ায়
স্থানীয় মানউন্নয়ন আশাব্যিত। তাঁদের মতো,
আমাদের পাড়া আমাদের সমাধান শিবিরের
মাধ্যমে প্রশাসন মানুষের দোরগোড়ায়
পৌঁছে যাচ্ছে উন্নয়নের দিশা নিয়ে, এটাই
শিবিরের আসল বাত। পাশাপাশি বড়
সাফল্য। ভবিষ্যতে এই প্রকল্পগুলি
বাস্তবায়িত হলে এলাকার সার্বিক উন্নয়ন
হবে বলে এলাকাবাসী মনে করছেন।

রিক্কুর আত্মহত্যা চাপা ফ্লোভ বিএলওদের প্রতিবাদের ঝড় তুলতে তৈরি জেলা তৃণমূল

সংবাদদাতা, নদিয়া : নির্বাচন কমিশনের কাজের
চাপ সহ্য না করতে পারে আত্মহত্যা করেছেন
চাপড়ার বিএলও রিক্কুর তরফদার। তার পর থেকেই
রাজ্যজুড়ে কমিশনের বিরুদ্ধে মানুষের তীব্র
ক্ষোভ, কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধে
একরশ অভিযোগ। আগামী ২৬ নভেম্বর নির্বাচন
কমিশনের এসআইআরের বিরুদ্ধে প্রতিবাদ
আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে যুব তৃণমূল কংগ্রেসের
ডাকে কৃষ্ণনগরে হতে চলেছে প্রতিবাদ মিছিল।
যুব তৃণমূল কংগ্রেসের নদিয়া উত্তরের জেলা
সভাপতি অয়ন দত্ত জানান, আমরা রিক্কুরদেবীর
পরিবার-পরিজনের সঙ্গে দেখা করেছি। তাঁদের
পাশে সব সময় আছি। আগামী ২৬ তারিখ এই
এসআইআরের বিরুদ্ধে কৃষ্ণনগর শহরে বৃহত্তম
র্যালির ডাক দিয়েছি দলীয় নেতৃত্বের নির্দেশে।
সভানেত্রী সায়েনী ঘোষ আসছেন। প্রতিবাদ মিছিল
হবে। চাপড়ার বিধায়ক রুকবানুর রহমান জানান,
গতকাল সারাদিনই আমরা তরফদার পরিবারের
সঙ্গে ছিলাম। রিক্কু ও আশিসদের সঙ্গে আমাদের
বহুদিনের সম্পর্ক। ওঁরা চাপড়ার বাসিন্দা। যখন

যেরকম প্রয়োজন হবে আমরা এই পরিবারের
পাশে থাকব। জেলা তৃণমূল সভাপতি তথা
কৃষ্ণনগরের সাংসদ মনুয়া মৈত্রী ফ্লোভ উগরে দিয়ে
বলেছেন, কমিশনারের অতিরিক্ত চাপের জন্যই
বিএলওদের মৃত্যু ঘটছে। কৃষ্ণনগরের নাগরিক
রিক্কুর মৃত্যুর জন্য নির্বাচন কমিশনের বিরুদ্ধে
থানায় এফআইআর করা উচিত। রিক্কু চলে গেলেও



■ প্রয়াত রিক্কুর কন্যাকে সমবেদনা পড়শিদের।

তাঁর যন্ত্রণার কথা বুকে নিয়েই প্রত্যেকটি বিএলও
প্রতিবাদে গর্জে উঠছেন। নদিয়ার প্রত্যেক প্রান্তে
বিএলওদের মনে জমা ফ্লোভ, অসন্তোষ ধীরে
ধীরে প্রকাশ পাচ্ছে। এইরকম চলতে থাকলে
মহাআন্দোলন হবে, মনে করছেন বিশিষ্টজনেরা।

আজ পথে বিএলওরা

প্রতিবেদন : উপযুক্ত প্রশিক্ষণ নেই। নেই সঠিক
পরিকল্পনাও। অতিরিক্ত কাজের চাপে তিন
বিএলওর মৃত্যু, আত্মহত্যা এবং অনেকের অসুস্থ
হওয়ার খবরে ফ্লোভ বাড়ছে সর্বত্র। হেলদোল
নেই কমিশনের। ক্ষতিপূরণ নেই। প্রতিবাদে আজ
পথে নামছেন বিএলওরা। ১০ দফা দাবিতে

কলেজ স্কোয়ার থেকে রাজ্যের মুখ্য নির্বাচনী
আধিকারিকের দফতর অভিযানের ডাক দিয়েছে
বিএলও অধিকার রক্ষা কমিটি। দাবি, প্রয়োজনে
‘সার’ প্রক্রিয়া স্থগিত রেখে আলোচনা হোক।
সমর্থন করেছে তৃণমূল কংগ্রেস। মুখপাত্র কুণাল
ঘোষ বলেছেন, বিএলওদের সমস্যা আছে।
হেনস্থার মুখে পড়ছেন। বিজেপি হুমকি দিচ্ছে।
তাই তাঁদের অধিকার রয়েছে আন্দোলন করার।

উন্নয়ন প্রকল্পের শিলান্যাসে বিধায়ক



সংবাদদাতা, পাণ্ডবেশ্বর : রাজ্য সরকারের উদ্যোগে আসানসোল দুর্গাপুরে
উন্নয়ন কর্তৃপক্ষের পক্ষ থেকে রবিবার বিকেলে পাণ্ডবেশ্বরের অন্তর্গত
তিলাবনি এলাকায় একটি শেড নির্মাণ ও সরপি গ্রামে একটি নিকাশি নালা
নির্মাণের শিলান্যাস অনুষ্ঠান সম্পন্ন হল। দুটি অনুষ্ঠানেই উপস্থিত ছিলেন
পাণ্ডবেশ্বরের বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তী, আসানসোল দুর্গাপুর উন্নয়ন
কর্তৃপক্ষের চেয়ারম্যান কবি দত্ত-সহ বিশিষ্টজনেরা।

ওয়ার রুম খুলে সার-এ নজরদারি

সংবাদদাতা, পান্ডাসায়ের :
বিষ্ণুপুর সাংগঠনিক জেলা
তৃণমূল সভাপতি সুরত দত্ত তাঁর
পান্ডাসায়ের এলাকার বাড়ির
কাছে নিজের বুথের সহায়তা
শিবিরে দলীয় কর্মীদের নিয়ে
এলাকার মানুষের এসআইআর
ফর্মপূরণ করলেন। পাশাপাশি



■ নিজের বুথে ওয়ার রুম বিষ্ণুপুর
জেলা তৃণমূল সভাপতি সুরত দত্ত।

বিষ্ণুপুর সাংগঠনিক জেলার প্রত্যেকটি বুথে তৃণমূলের তরফে বিএলএ ২
নিয়োগ হয়েছে বিএলও এবং সাধারণ মানুষদের সহযোগিতা করার জন্য।
তাঁরা নিজের দায়িত্ব ঠিকমতো পালন করছেন কি না তা খতিয়ে দেখার জন্য
ওয়ার রুম খোলা হয়েছে। সেখান থেকেই জেলা সভাপতি লিস্ট ধরে
প্রত্যেককে ফোনে জিজ্ঞাসা এবং তদারকি চালিয়ে যাচ্ছেন।

আদিবাসী মানুষদের ‘সার’ ফর্মপূরণে নিজেই এগিয়ে এলেন বিডিও

সংবাদদাতা, বাঁকুড়া : ছাতনা ব্লকের একটি আদিবাসী
অধ্যুষিত গ্রাম বাগডিয়া। এই গ্রামের অধিকাংশ মানুষই দিন
আনা দিন খাওয়া শ্রেণির। আদিবাসীদের এই গ্রামের অনেকে
বোঝেনই না যে এসআইআর কী? সেই কারণে বিএলওকে
যথেষ্ট বেগ পেতে হচ্ছিল ফর্মপূরণ করার জন্য। সমস্যা কানে
আসতেই ব্লক অফিস থেকে বিডিও-সহ অন্যান্য
আধিকারিকেরা পৌঁছে যান গ্রামে। সাধারণ মানুষকে বুঝিয়ে
ছাতনার বিডিও সৌরভ ধল ও ব্লকের বিভিন্ন আধিকারিকেরা
সহায়তা করেন ফর্মপূরণের ক্ষেত্রে। বিএলওকে সহযোগিতা



করতে তাঁরাও হাত দিলেন ফর্মপূরণের কাজে। লেখাপড়া না
জানা গ্রামবাসীরা বুঝতেই পারছিলেন না, এই ফর্মে কী
লিখবেন, ভুল হলে কী হারাবেন। প্রশাসনের এই প্রকল্প
বোঝাতে তাই শেষ পর্যন্ত মাঠে নামতে হল খোদ
বিডিওকেই। ফর্মপূরণে সহায়তা করার পাশাপাশি নিজেই
ছবি তুলছেন, হাতে ফোন ধরে দাঁড়িয়ে আছেন বিডিও আর
ছবির জন্য পোজ দিচ্ছেন গ্রামবাসী। শেষ পর্যন্ত এই ছবি উঠে
গেল বাগডিয়া গ্রামে। প্রশাসনিক কর্তা নিজেই এভাবে পাশে
দাঁড়ানোয় ভীষণ খুশি গ্রামবাসীরাও।



অসহায় বৃদ্ধার মাথার উপর পাকা ছাদ করে দিল তৃণমূল

সংবাদদাতা, রায়গঞ্জ : তৃণমূল মানুষের পাশে থাকার বার্তা দেয়। তাই দলের একজন কর্মী হিসেবে সব সময় মানুষের পাশে দাঁড়াতে বদ্ধপরিকর উত্তর দিনাজপুর জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি রত্ন দাস। এক অসহায় বৃদ্ধাকে প্রতিশ্রুতি দিয়েছিলেন বাড়ি তৈরি করে দেওয়ার। রবিবার সেই নতুন বাড়ি উপহার দিলেন রায়গঞ্জের তুলসীতলায় বাঁধের ধারে বসবাসকারী অসহায় বৃদ্ধা ছন্দা সেনকে। এই উপহার পেয়ে স্বস্তিতে বৃদ্ধা। ফিতে কেটে নতুন ঘরে প্রবেশ করলেন তিনি। পাশাপাশি আয়োজন করা হয়েছিল পূজো। কয়েকদিন আগেও কুঁড়েঘরের মতো একটি ভগ্নপ্রায় আশ্রয়ে বসবাস করছিলেন



■ বৃদ্ধা ছন্দা সেনের ঘরের উদ্বোধনে রত্ন দাস। রবিবার।

৮০ ছুঁইছুঁই ছন্দা। রক্তের সম্পর্কের পলিথিন। সেখানেই রান্না করেছেন, কেউ নেই। ছিল পুরনো ছেঁড়া বেঁচে থাকার চেষ্টা করেছেন।

বয়সের ভারে শরীর ভেঙে এসেছে, তবু জীবন সংগ্রাম চালিয়েছেন। খবর পেয়ে জেলা তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি রত্ন দাস সিদ্ধান্ত নেন, ওঁর পাশে দাঁড়াতেই হবে। কারণ দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সেবাশ্রয় করে হাজার হাজার মানুষের পাশে থেকে দৃষ্টান্ত স্থাপন করেছেন, উদ্বুদ্ধ করেছেন ছাত্র যুব নেতাদের। এরপর ছন্দার কুঁড়েঘরে উপস্থিত হন রত্ন। বৃদ্ধার সঙ্গে কথা বলেন। এরপরই শুরু হয়ে যায় নতুন ঘর তৈরির কাজ। বৃদ্ধার মাথার উপর মজবুত ছাদ তুলে দেওয়ার জন্য এলাকায় ছোটখাটো কর্মযজ্ঞ শুরু হয়। সেই ঘরের কাজ সম্পন্ন হওয়ার পর রবিবার তার উদ্বোধন হয়। ভীষণ খুশি ছন্দা।

বিজেপির বিদ্বেষ বিষের ফল রোহিঙ্গা বলে ব্যবসায়ীকে মার

সংবাদদাতা, জলপাইগুড়ি : বিজেপির লাগাতার রোহিঙ্গা নিয়ে মিথ্যাচারের প্রভাব পড়ছে সাধারণ মানুষের মধ্যে। তাতেই বাড়ি বাড়ি সুপারি কিনতে আসে এক ব্যবসায়ীকে রোহিঙ্গা বলে ধারালো অস্ত্র নিয়ে তাঁকে আঘাতের চেষ্টা করা হল। ঘটনাটির ভিডিও ভাইরাল হয়েছে ধূপগুড়িতে। অভিযোগ পেয়ে পুলিশ দ্রুত গ্রেফতার করেছে একজনকে। বিজেপি মানুষের মনে বিদ্বেষের ভাব তৈরি করছে, তার জেরেই রোহিঙ্গা বলে শুধু অপমান করাই নয় ধারালো অস্ত্র দিয়ে তাঁকে খুনের চেষ্টার অভিযোগ উঠল, ধূপগুড়ির নেতাজিপাড়ায়। ধূপগুড়ি বারোঘড়িয়া গ্রামপঞ্চায়েতের ভেমটিয়ার বাসিন্দা লিটন হোসেন ও তাঁর এক বন্ধু বিভিন্ন বাড়িতে ঘুরে ঘুরে কাঁচা সুপারি কিনছিলেন। সেই সময় হঠাৎ নেতাজিপাড়ার বাসিন্দা প্রণব দেবনাথ ধারালো অস্ত্র নিয়ে হামলা চালাল বলে অভিযোগ। সুপারি ব্যবসায়ীর সাইকেল ফেলে দেওয়া হয়। এমনকী রোহিঙ্গা বলে অকথ্য গালিগালাজও করা হয় বলে অভিযোগ। দৌড়ে পালিয়ে প্রাণ বাঁচান লিটন। ঘটনার পর ধূপগুড়ি থানায় লিখিত অভিযোগ দায়ের করেন লিটন। পুলিশ অভিযোগ পেয়েই দ্রুত একজনকে গ্রেফতার করেছে।



■ সুপারি ব্যবসায়ীকে নিগ্রহের এই দৃশ্যই ইতিমধ্যে ভাইরাল হয়ে গিয়েছে।

রেলসেতুর নিচে দেহ

সংবাদদাতা, মাটিগাড়া : সাতসকালে এক অজ্ঞাতপরিচয় যুবকের মৃতদেহ উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য



মাটিগাড়া এলাকায়। নিউচামটা রেলব্রিজের নিচে এদিন ওই যুবকের মৃতদেহ দেখতে পান স্থানীয়রা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় মাটিগাড়া থানার পুলিশ ও রেল পুলিশ। স্থানীয়দের অনুমান, ট্রেনের ধাক্কায় নিচে পড়ে যায় যুবক। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায়। মৃতের পরিচয় জানার চেষ্টা চালাচ্ছে পুলিশ।

দুর্ঘটনা, রক্ষা

■ কাশিয়াঙের কাছে পাংখাবাড়ি রোডে ব্যক্তিগত গাড়ি দুর্ঘটনার কবলে পড়ে। তবে ঘটনাক্রমে গাড়ির পাঁচ আরোহীই নিরাপদ। গাড়িটি বিয়ের অনুষ্ঠান থেকে ফিরে আসছিল। শিলিগুড়ি থেকে ফিরে আসা অন্য গাড়ির লোকজন ওঁদের উদ্ধার করে। এই রাস্তাটি দার্জিলিং থেকে শিলিগুড়ির দিকে একমুখী রাস্তা। কাশিয়াঙে ৪ অক্টোবর রোহিণী রোডে ভূমিধসের পরে। তবে রাত ৮টার পর ছোট গাড়ি চলতে পারে।

ভোট দিয়ে জেতান তারপর সুফল দেখুন

সংবাদদাতা, কোচবিহার : ভোট দিয়ে আমাদের জেতান, উন্নয়নের জন্য ভাবতে হবে না। জনসংযোগে বেরিয়ে দিনহাটায় জানালেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ, দিনহাটার নিগমনগরে। এই অঞ্চলে গিয়ে স্কেডপ্রকাশ করেন মন্ত্রী উদয়ন। জনসংযোগে গিয়ে নিগমনগরের বাসিন্দাদের উদয়ন বলেন, আগে ভোট দিয়ে দেখাবেন, তারপরে এলাকায় কী উন্নয়ন আছে আমি করে দেব। আমাকে ভোট দিলে আপনারাই লাভ হবে। ভোটারদের কাছে উদয়নের প্রশ্ন, নিশীথ প্রামাণিককে ভোট দিয়ে কী লাভ হল? নিগমনগরের বাসিন্দাদের ওপর অভিমান রয়েছে মন্ত্রী উদয়নের। বললেন, আপনারা নিশীথ প্রামাণিককে এত বছরে কোনও দিন দেখেননি। অথচ ওঁকে ভোট দিয়ে জিতিয়েছেন। এটাই আপনারা



■ দিনহাটার নিগমনগরে জনসংযোগে মন্ত্রী উদয়ন গুহ।

ভুল করেছেন। এবার বিজেপিকে নয়, ভোট তৃণমূল কংগ্রেসকেই দেবেন, তারপর দেখুন তার সুফল কী পান।

হাতির সামনে পড়ে আতঙ্কে পালাতে গিয়ে মৃত্যু মহিলার

সংবাদদাতা, জলপাইগুড়ি : গ্রামে ঢুকে পড়া দাঁতাল হাতির সামনে পড়ে প্রাণ গেল মহিলার। ছয় মাসের শিশুসন্তান নিয়ে শোকের ছায়া পরিবারের। দলছুট দাঁতালের সামনে পড়ে যান মহিলা। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে মালবাজারের মেটেলি রকের চালসা সংলগ্ন শালবাড়ি এলাকায়। রবিবার ভোরে প্রাতঃস্নান শেষে বেরিয়েছিলেন ২৬ বছরের লিপিকা রায়। পথে আচমকা দেখতে পান বিশাল দাঁতাল হাতি সামনে দাঁড়িয়ে। দেখে আতঙ্কে দৌড়ে পালাতে গিয়ে মাটিতে পড়ে গুরুতর আহত হন তিনি। স্থানীয়রা তাঁকে উদ্ধার করে প্রথমে চালসার মঙ্গলবাড়ি গ্রামীণ হাসপাতালে এবং পরে মাল সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন। জানা গিয়েছে, শনিবার গভীর রাতে দুটি হাতি জনবসতি এলাকায় ঢুকে পড়ে। ভোরের দিকে খরয়ারবন্দর জঙ্গলের দিকে ফেরার সময় ওই হাতির সামনে পড়ে যান লিপিকা। ওঁর একটি ছয় মাসের কন্যাসন্তান রয়েছে। আকস্মিক এই মৃত্যুর ঘটনায় শোকে ভেঙে পড়েছে পরিবার। ঘটনায় বন দফতরের কাছে ক্ষতিপূরণের দাবি জানিয়েছে মৃত্যুর পরিবার।



এসআইআর কাজে ২য় আলিপুরদুয়ার

সংবাদদাতা, আলিপুরদুয়ার : নানান বিতর্কের মধ্যেও জোরকদমে রাজ্য জুড়ে চলছে এসআইআর। কমিশনের তথ্য অনুযায়ী এসআইআর এবং ভোটারদের নাম ডিজিটাইজেশনের কাজে ২৩ নভেম্বর সন্ধ্যা পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী রাজ্যে দ্বিতীয় আলিপুরদুয়ার জেলা। এই জেলায় ফর্ম ডিজিটাইজেশনের হার ৫৬.৫৮ শতাংশ। পাশাপাশি ৫৭. ২৭ শতাংশ ডিজিটাইজেশন করে এই মুহূর্তে প্রথম স্থানে পূর্ব বর্ধমান জেলা। আলিপুরদুয়ারে মোট ১২,৯৯,৪৮৬ জন তালিকাভুক্ত ভোটারের মধ্যে এসআইআরের ফর্ম বিলি করা হয়েছে ১২,৯৮,৭০৮ জনকে, যা মোট ভোটারের প্রায় ৯৯. ৬২ শতাংশ।

বাঁশবেড়িয়ায় তলিয়ে গেলেন বৃদ্ধ

সংবাদদাতা, বাঁশবেড়িয়া : নদীর স্রোতে ভেসে গেলেন এক বৃদ্ধ। ঘটনাটি মগরা থানার বাঁশবেড়িয়া হংসেশ্বরী ঘাট এলাকার। নির্ধোঁজ রাজেন্দ্র সাও-এর ছেলে রংবাহাদুর সাও জানান, প্রতিদিনই বাবা দোকানে তাঁকে সাহায্য করেন। শনিবার বাবা তাঁকে বলেছিলেন নদীতে স্নান করতে যেতে, কিন্তু তিনি রাজি হননি। একটু পরে ফিরে আসবেন বলে বাড়ি থেকে বের হয়েছিলেন কিন্তু আর ফেরেননি। বাঁশবেড়িয়া পুলিশ ফাঁড়িতে বিষয়টি জানান। মগরা থানার ওসি ইন্সপেক্টর দীপঙ্কর সরকারের নির্দেশে ফাঁড়ির ইনচার্জ সুজিত রায়ের নেতৃত্বে উদ্ধার অভিযান শুরু হয়েছে এবং এখনও তল্লাশি জারি রয়েছে।

তালিকায় গরমিল, ক্ষুদ্র বৃদ্ধ

সংবাদদাতা, জঙ্গিপুর : ভোটার লিস্টে নামের গরমিলকে কেন্দ্র করে ভগবানগোলায় তৈরি হয়েছে চাঞ্চল্য। অভিযোগ, এলাকার এক বৃদ্ধ বহুদিন ধরেই সরকারি নথিপত্রে পরিচয় ও নামের ঠিক বানান সংশোধনের জন্য একাধিকবার আবেদন করলেও তা সংশোধন করা হয়নি। বৃদ্ধের পরিবারের অভিযোগ, ভোটার তালিকায় নামের বানান ভুল থাকায় সরকারি পরিষেবা পাওয়ার ক্ষেত্রেও নানা সমস্যা পড়তে হচ্ছে। দ্রুত তদন্ত ও সংশোধনের দাবিতে স্থানীয় বাসিন্দারা সরব হন। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, ভুল খতিয়ে দেখা হচ্ছে। দ্রুত প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা নেওয়ার আশ্বাসও দেওয়া হয়েছে। ঘটনায়কে ঘিরে ভবানগোলায় উত্তেজনা রয়েছে।



■ দার্জিলিং জেলা আইএনটিটিইউসি'র উদ্যোগে আজ তরাইয়ের অটল চা-বাগানে বাংলার ভোটারদের শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সবাইকে এসআইআর নিয়ে সচেতন করার পাশাপাশি চা-শ্রমিকদের এসআইআর ফর্ম পূরণে সহায়তা প্রদান করা হয়।

মহারাজ্জে মুন্সই-আমেদাবাদ হাইওয়েতে একটি গাছ থেকে উদ্ধার হল সাগর সরতি নামের ৩৫ বছরের এক ফুটবলারের বুলন্ত দেহ। রাজ্যস্তরে মুন্সইয়ের অনূর্ধ্ব ১৬ দলের খেলোয়াড় হিসেবে গুরুত্বই নজর কেড়েছিলেন তিনি। কয়েকদিন আগে খেলতে বেরিয়ে নিখোঁজ হয়ে যান তিনি

অমানুষিক চাপে মস্তিষ্কে রক্তক্ষরণ

এবার অকালমৃত্যু হল যোগীরাজ্যের বিএলওর

লখনউ: মাত্রাতিরিক্ত অমানুষিক চাপের শিকার হয়ে এবার মৃত্যু হল যোগীরাজ্যের এক বিএলও-র। মস্তিষ্কের রক্তক্ষরণেই তাঁর জীবনে নেমে এল অকালমৃত্যু। গত বেশ কয়েকদিন ধরে হাসপাতালে চিকিৎসাধীন থাকার পরে শুক্রবার রাতে মৃত্যু হল লখনউয়ের বাসিন্দা ৫০ বছর বয়সি বিজয়কুমার বর্মার। এই অকালমৃত্যুর জন্য নিবর্চন কমিশনের দিকেই অভিযোগের আঙুল তুলেছেন বিজয়কুমারের পরিবার। স্থানীয় একটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষামিত্র হিসেবে কাজ করতেন তিনি। তাঁকে বিএলওর দায়িত্ব দেওয়া হয়েছিল নিজের এলাকাতেই। স্বাভাবিকভাবেই কমিশনের বিরুদ্ধে ক্ষোভে ফেটে পড়েছেন শিক্ষামিত্ররা। প্রাথমিক শিক্ষামিত্রদের সংগঠনের পক্ষ থেকে সরাসরি অভিযোগ করা হয়েছে, বিএলওর অসুস্থতা এবং মৃত্যুর জন্য দায়ী নিবর্চন কমিশনই। এসআইআরের অস্বাভাবিক

কাজের চাপেই হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। তারপরেই শুরু হয় মাথায় রক্তক্ষরণ। অবস্থা সংকটজনক হয়ে পড়ে। শিক্ষামিত্র সংগঠনের ক্ষোভ, সময়ে কাজ শেষ করার জন্য সিনিয়র অফিসাররা তাঁকে অযৌক্তিকভাবে চাপ দিচ্ছিলেন। রীতিমতো হুঁশিয়ারি দিয়েছিলেন, সময়ে কাজ শেষ না করতে এফআইআর করা হতে পারে তাঁর বিরুদ্ধে। যখন-তখন ফোন করে দেওয়া হত ধমক। মৃত বিএলওর পরিবার জানিয়েছে, কাজ করতে করতে গত সপ্তাহে আচমকাই অসুস্থ হয়ে পড়েন বিজয়কুমার। পড়ে যান। সঙ্গে সঙ্গে তাঁকে ভর্তি করা হয় হাসপাতালে। কিন্তু শেষরক্ষা হল না। জেলাশাসকের অবশ্য দাবি, গত ১৪ নভেম্বরই তাঁকে অব্যাহতি দেওয়া হয়েছিল এসআইআরের কাজ থেকে। লক্ষণীয়, বাংলাতেও বিএলওদের উপরে অস্বাভাবিক কাজের চাপ দেওয়া হচ্ছে বলে বারবার অভিযোগ উঠছে। পরিণতিতে একের পর এক অকালমৃত্যু। আত্মহত্যা এবং অসুস্থতা। কাজের চাপে বিএলওদের মৃত্যুর খবর এসেছে মোদিরাজ্য এবং গেরুয়া রাজস্থান থেকেও। ঘটছে আত্মহত্যার ঘটনাও। এবার অমানুষিক চাপের শিকার হলেন যোগীরাজ্যের বিএলও।

স্ত্রী ও দুই সন্তানকে শ্বাসরোধ করে খুন, আত্মঘাতী ঝাড়খণ্ডের যুবক

রাঁচি: স্ত্রী ও দুই সন্তানকে শ্বাসরোধ করে খুন করে আত্মঘাতী এক ব্যক্তি। ঘটনাটি ঘটেছে ঝাড়খণ্ডের দুমকা জেলার হাঁসডিহা থানার বড়দহিগ্রামে। রবিবার সকালে বাড়ি থেকে ওই দম্পতি ও দুই শিশু সন্তানের মৃতদেহ উদ্ধার করে পুলিশ। প্রাথমিক তদন্তে পুলিশের ধারণা, শনিবার রাতেই বীরেন্দ্র মাঝি নামে ৩০ বছরের ওই যুবক স্ত্রী আরতি কুমারী (২৬), মেয়ে রুহি কুমারী (৪) এবং ছেলে বিরাজ কুমারকে (২) খুন করে আত্মঘাতী হয়। কিন্তু কী কারণে এই ঘটনা তা স্পষ্ট নয়। জানা গেছে, কয়েকদিন গুরুতর অসুস্থ ছিল বিরাজ।

ঐক্যবদ্ধ থাকলে কেউ ক্ষতি করতে পারবে না

দিল্লি বিস্ফোরণের পর মুখ খুললেন শাহরুখ

নয়াদিল্লি: রাজধানীতে লালকেল্লার সামনে আত্মঘাতী গাড়ি বিস্ফোরণের ঘটনায় এবার মুখ খুললেন বলিউড অভিনেতা শাহরুখ খান। শনিবার মুম্বইয়ে আয়োজিত ‘পিস অফ অনার্স’ অনুষ্ঠানে উপস্থিত হয়ে বলিউড বাদশা বলেন, আমাদের যাঁরা আক্রমণ করছে তাদের ভয় পেতে দাও। যদি আমাদের মধ্যে, একা, দৃঢ়তা বজায় থাকে তাহলে কেউ আমাদের কোনও ক্ষতি করতে পারবে না। তা করার আগে দু’বার ভাববে।

ভারতীয় বিনোদন জগতের সুপারস্টার শাহরুখ সাম্প্রতিককালে তাঁর ‘জওয়ান’ সিনেমার মাধ্যমে দেশের মানুষের

উদ্দেশ্যে একটি বড় বার্তা দিয়েছেন। অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়াতে সাধারণ মানুষের কী করণীয় তা নিয়ে কিং খানের সিনেমার লম্বা মনোলগ দেশবাসীর মন ছুঁয়ে গেছে। সাধারণত শাহরুখ বিতর্ক থেকে দূরে থাকতে ভালবাসেন। তবে দেশের যেকোনও সমস্যায় সবসময় সাহায্যের হাত বাড়িয়ে দেন। তা সে প্রাকৃতিক দুর্যোগ হোক বা অন্য কিছু। ‘পিস অফ অনার্স’ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুম্বই পহেলগাঁও ও দিল্লির ঘটনায় নিহতদের পরিবার। সেখানে ২৬/১১, পহেলগাঁও ও সাম্প্রতিককালের দিল্লি বিস্ফোরণে নিহতদের প্রতি ও দেশের বীর



সৈন্যদের শ্রদ্ধা জানিয়ে শাহরুখ বলেন, আমাকে আজ এই অনুষ্ঠানে বিশেষ চারটি পংক্তি বলতে বলা হয়েছে দেশের জওয়ানদের উদ্দেশ্যে। যদি আপনাকে

আবার বেআব্র মোদিরাজ্যের নগ্ন রূপ

স্কুলের মধ্যেই ইঞ্জেকশনে বেহঁশ করে ধর্ষণ দ্বিতীয় শ্রেণির ছাত্রীকে

আমেদাবাদ : শুধুমাত্র ন্যাকারজনক ঘটনা বললে কম বলা হবে। খোদ প্রধানমন্ত্রীর রাজ্যে এমন নৃশংস ঘটনায় স্তম্ভিত সভ্যসমাজ। নিন্দার ঝড় উঠেছে দেশেজুড়ে। গুজরাতে মেহসানায় একটি স্কুলের ভিতরেই ধর্ষণ করা হল দ্বিতীয় শ্রেণির ছাত্রীকে। স্কুলেরই একটি বাগানে টেনে নিয়ে গিয়ে ৭ বছরের ওই বালিকাকে অজ্ঞান করার ইঞ্জেকশন দিয়ে বেহঁশ করে দেয় এক যুবক। এরপর ছোট মেয়েটিকে পরপর দু’বার ধর্ষণ করে ওই যুবক। ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। কিন্তু আশ্চর্যের বিষয়, অভিযুক্ত ধর্ষককে এখনও পর্যন্ত গ্রেফতারই করতে পারেনি পুলিশ। প্রশ্ন উঠেছে, অপরাধীকে কি আড়াল করার চেষ্টা



করছে বিজেপির পুলিশ? স্বাভাবিকভাবেই এই ঘটনার পর স্কুলের ভেতরে শিশুদের সুরক্ষা নিয়ে প্রশ্ন তুলছেন অভিভাবকরা। প্রশ্ন উঠেছে বিজেপি-রাজ্যের নারীসুরক্ষা নিয়েও। প্রাথমিক তদন্তে জানা গিয়েছে, ১৯ নভেম্বর ওই ছাত্রীকে বাগানের

পিছনে টেনে নিয়ে গিয়ে নিষাটন করে অভিযুক্ত যুবক। এরপর ২০ নভেম্বরে ফের ওই ছাত্রীকে বাগানে অজ্ঞান করার ইঞ্জেকশন দিয়ে দু’বার ধর্ষণ করে বলে অভিযোগ। এরপর হুমকিও দেওয়া হয়। বলে, এই কথা কাউকে জানালে প্রাণে মেরে ফেলা হবে। প্রথম ভয়ে কাউকে কিছু না বললেও মা-বাবা জোর করলেই পুরো ঘটনা ফাঁস করে দেয় নাবালিকা। বিজাপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন ছাত্রীর বাবা। শিশুটিকে কীসের ইঞ্জেকশন দেওয়া হয়েছে, সেটা জানতে ছাত্রীর মেডিক্যাল পরীক্ষা করা হবে। স্কুলের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছে পুলিশ। পকসো আইনে মামলা দায়ের হয়েছে।

দূষণে দমবন্ধ রাজধানীর, মোদির বিদেশ সফর নিয়ে কটাক্ষ তৃণমূলের

নয়াদিল্লি: রাজধানী দিল্লিতে ভয়াবহ দূষণ নিয়ে প্রধানমন্ত্রীকে তীব্র ভাষায় আক্রমণ করলেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ সাকেত গোখেল। সমাজমাধ্যমে তাঁর কটাক্ষ, আপনি যখন আরও একটি বিদেশ সফরে ব্যস্ত, ঠিক তখনই রাজধানী দিল্লির এয়ার কোয়ালিটি ইনডেক্স ৪৫০ পার হয়ে গেছে। রাজধানীর মানুষের দমবন্ধকর পরিস্থিতি। দূষণে প্রায় শ্বাসরুদ্ধ জনজীবন। দয়া করে ‘তুলসী ভাই’কে বলুন, যে কীভাবে দূষিত বায়ু থেকে মানুষকে মুক্তি দেওয়া যায় তা যেন আপনাকে শিখিয়ে দেয়।



সংস্থার ডিরেক্টর টেডার্স ঘেরিয়াসের সঙ্গে সাক্ষাৎ করছেন মোদি। এরপরই তৃণমূল কংগ্রেসের তীব্র আক্রমণের মুখে পড়েন প্রধানমন্ত্রী। মোদিকে কটাক্ষ করে সাকেত বলেন, টেডার্স-এর থেকে পরামর্শ নিন মোদি কীভাবে দিল্লিতে দূষণের ভয়াবহ প্রকোপ থেকে বাঁচানো যায়। দিল্লিকে স্বাস্থ্যকর ও দূষণমুক্ত করতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার ডিরেক্টর টেডার্স-এর থেকে শিক্ষা নিন প্রধানমন্ত্রী। তৃণমূলের দেখানো পথে রাজধানী দিল্লি মারাত্মক দূষণের ইতিমধ্যেই সরব হয়েছে আম আদমি পার্টি এবং কংগ্রেসও। একহাত নিয়েছে দিল্লির বিজেপি সরকারকে। তুলে ধরেছে ব্যর্থতা। এবারের দূষণ অতীতের সব রেকর্ড ভেঙে দিয়েছে। ইতিমধ্যেই স্কুল, কলেজে স্পোর্টস এবং আউটডোর অ্যাক্টিভিটি বন্ধ করে দেওয়া হয়েছে।

বিস্ফোরণের আগে চিড় ধরেছিল টেরর মডিউলে

নয়াদিল্লি: লালকেল্লার কাছে ভয়াবহ বিস্ফোরণে আগেই টেরর মডিউলে চিড় ধরেছিল। প্রথম কারণ, জেহাদি মতাদর্শ। আইএসআইএস না আল কায়দা? অভিযুক্ত জঙ্গি চিকিৎসক উমর নবি ছিল আইএস জঙ্গিগোষ্ঠীর সমর্থক। অন্যদিকে আদিল ছিল আল কায়দা মতাদর্শে বিশ্বাসী। দ্বিতীয় কারণ, টেরর মডিউল চালানোর জন্য টাকা কোথা থেকে আসবে, মতবিরোধ তীব্র হয়েছিল তাই নিয়েও। এর উপর ছিল তহবিলের টাকা আত্মসাতের অভিযোগ। তদন্তে উঠে এসেছে এই নয়া তথ্য। মোজাম্মিল, শাহিন ও আদিল রাদ্যার বিস্ফোরক, ইউরিয়া, রিমোট ডি টোনেটার ইলেকট্রনিক সার্কিট সংগ্রহ করতে ২৬ লক্ষ টাকা নিজেরাই সংগ্রহ করেছিল। সবথেকে বেশি টাকা দিয়েছিল আদিল ও তার দাদা মুজাফফর রাদ্যার, প্রায় ১৪ লক্ষ। মুজাফফর পালিয়ে যায় আফগানিস্তানে। শাহিন দেয় ৫ লক্ষ, মোজাম্মিল ৫ লক্ষ এবং সবথেকে কম উমর দিয়েছিল ২ লক্ষ টাকা। বিস্ফোরক কেনার জন্য পুরো টাকায় জঙ্গি চিকিৎসকরা ওমরের কাছে জমা রেখেছিল। এই টাকার হিসেবে গরমিল থেকেই আদিল ও উমরের মধ্যে বিবাদ শুরু হয়। এদিকে দিল্লি বিস্ফোরণ কাণ্ডে শ্রীনগর থেকে গ্রেফতার করা হয়েছে তুফেইল নিয়াজ নামে এক টেকনিশিয়ানকে।

আলমোড়ার স্কুলে উদ্ধার ১৬১টি জিলেটিন স্টিক

আলমোড়া : দিল্লির লালকেল্লার সামনে আত্মঘাতী গাড়ি বিস্ফোরণের ঘটনা কয়েকদিন যেতে না যেতেই এবার উত্তরাখণ্ডের আলমোড়ায় এক সরকারি স্কুলের কাছ থেকে উদ্ধার হল ১৬১টি জিলেটিন স্টিক। তাহলে কি ফের বড় কোনও নাশকতার ছক কষা হচ্ছিল? জোরালো হচ্ছে সেই প্রশ্ন। অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির বিরুদ্ধে ভারতীয় বিস্ফোরক আইনে মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে পুলিশ। স্থানীয় সুত্রে জানা গেছে, দু’দিন আগে সন্ধ্যায় বাচ্চারা যখন খেলাধুলা করছিল তখন গ্রুপের মধ্যে সন্দেহজনক বস্তু দেখতে পেয়ে দ্রুত পুলিশে খবর দেন সরকারি স্কুলের প্রিন্সিপাল।

শান্তিচুক্তির নামে প্রহসন গাজায় ফের হামলা ইজরায়েলের, নিহত অন্তত ২৫

গাজা: অর্থহীন শান্তিচুক্তি, নাকি শান্তিচুক্তির নামে প্রহসন? গাজায় আবার হামলা চালান ইজরায়েল। শান্তিচুক্তির পরোয়া না করেই। শনিবার এই হামলায় মৃত্যু হয়েছে অন্তত ২৫ জনের। জখম অন্তত ১০০। নিহতদের মধ্যে রয়েছে বেশ কয়েকজন শিশুও। অভিযোগ করেছে হামাস। ইজরায়েল অবশ্য বলেছে, তাদের হামলায় খতম হয়েছে অন্তত ৫ হামাস নেতা। ইজরায়েলের অভিযোগ, সম্প্রতি তাদের সেনাবাহিনীকে লক্ষ্য করে গোলাবর্ষণ করেছে একদল জঙ্গি। ইজরায়েলের বিশ্বাস, তারা হামাসের



মদতপুষ্ট। এরপরেই বদলা নিতে দফায় দফায় হামলা চালায় তারা। বাঁপিয়ে পড়ে ইজরায়েল সেনা। শনিবার উত্তর এবং মধ্য গাজায় ঘরবাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ের

খোঁজে পালাতে শুরু করে বহু নিরীহ নাগরিক। শিশুদের কান্না, মহিলাদের আর্তনাদে ভরে যায় একের পর এক অঞ্চল। লক্ষণীয়, এই প্রথম নয়, এর আগেও শান্তিচুক্তি ভঙ্গ করে গাজায় আক্রমণ চালিয়েছে ইজরায়েল। গত মাসেই এমন আক্রমণের সাক্ষী হয়েছে গাজা। মার্কিন মুলুকের একটি রিপোর্টে উঠে এসেছিল হামাসের গোপন ষড়যন্ত্র। তারই ভিত্তিতে হামলা চালায় ইজরায়েল। স্বাভাবিকভাবেই জেগে উঠেছে আবার যুদ্ধের আতঙ্ক। সংশয় একটাই, আবার যুদ্ধ লাগল বলে।

মুক্তি দিতে হবে শাহরিয়ার কবিরকে, রাষ্ট্রসংঘের মানবাধিকার কাউন্সিলের নির্দেশ ইউনুস সরকারকে

ঢাকা: বাংলাদেশের বিশিষ্ট লেখক এবং গবেষক শাহরিয়ার কবিরকে মুক্তি দিতে ইউনুস সরকারকে নির্দেশ দিল রাষ্ট্রসংঘের মানবাধিকার সংস্থা। তাঁর পক্ষ থেকে সুনির্দিষ্ট অভিযোগ পেয়েই এই পদক্ষেপ রাষ্ট্রসংঘের। নিজের লেখনী এবং ধারালো যুক্তি দিয়ে রাজাকারদের মুখোশ টেনে খুলে দিয়েছিলেন বাংলাদেশের ক্ষমতাচ্যুত আওয়ামী লিগ সরকারের ঘনিষ্ঠ এই কবি-গবেষক। একান্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির উপদেষ্টা কমিটির সভাপতি এই শাহরিয়ার কবিরই। রাষ্ট্রসংঘের মানবাধিকার কাউন্সিল রীতিমতো কড়া ভাষায় স্পষ্ট জানিয়ে দিয়েছে, শাহরিয়ার কবিরকে গ্রেফতারের ক্ষেত্রে আইনি মানদণ্ড ভঙ্গ করা হয়েছে। শুধু মুক্তি নয়, বিশিষ্ট এই কবিকে ক্ষতিপূরণ দেওয়ার কথাও বলেছে



মানবাধিকার কাউন্সিল। লক্ষণীয়, গত বছরের ৫ অগাস্ট বাংলাদেশের নিবাচিত প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশ ছাড়তে বাধ্য হওয়ার পরেই ইউনুসের অন্তর্বর্তী সরকারের বিঘনজরে পড়েন শাহরিয়ার কবির। ১৭ সেপ্টেম্বর রাতে ঢাকার বনানী থেকে আটক করা হয় তাঁকে। পরে জুলাই

আন্দোলন সংক্রান্ত বিভিন্ন মামলায় জড়িয়ে দেওয়া হয় তাঁকে এবং গ্রেফতার করা হয়। সেই থেকেই কারাগারে বন্দি এই জনপ্রিয় মানবাধিকার কর্মী এবং চলচ্চিত্র নির্মাতা। একাধিকবার রিমান্ডে নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়েছে তাঁকে। জামিনের আবেদনও জানানো হয়েছে বেশ কয়েকবার। কিন্তু জামিন মেলেনি। শাহরিয়ার কবিরের গ্রেফতারের ঘটনায় প্রকৃত অর্থেই ক্ষোভে ফুঁসছে বাংলাদেশের বুদ্ধিজীবী মহল। ব্যাপক অসন্তোষ সেদেশের সাধারণ মানুষের মধ্যেও। কিন্তু নির্বিকার ইউনুসের সরকার। এরপরেই চলতি বছরের গোড়ায় রাষ্ট্রসংঘের মানবাধিকার কাউন্সিলের কাছে এব্যাপারে সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করা হয় শাহরিয়ারের পক্ষ থেকে। তারই ভিত্তিতে রাষ্ট্রসংঘের এই পদক্ষেপ।

দেশের ৫৩তম প্রধান বিচারপতি আজ শপথ গ্রহণ সূর্যকান্তর

নয়াদিল্লি: রবিবারই প্রধান বিচারপতি পদে মেয়াদ শেষ হল বিচারপতি বি আর গাভাইয়ের। আজ, সোমবার দেশের ৫৩তম প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন সূর্যকান্ত। তাঁর শপথগ্রহণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ৬ দেশের প্রধান বিচারপতিরা। তিনি এক বছর দু'মাস ওই পদে বহাল থাকবেন। প্রধান বিচারপতি পদে তাঁর মেয়াদ শেষ হবে আগামী ২০২৭ সালের ৯ ফেব্রুয়ারি। সূর্য কান্তের শপথ গ্রহণ অনুষ্ঠানে ভূটানের প্রধান বিচারপতি লিওপো নরবু শেরিং, কেনিয়ার প্রধান বিচারপতি মার্খা কুমে, কেনিয়ার সুপ্রিম কোর্টের বিচারপতি সুসান নজোঁকি, মালয়েশিয়ার ফেডারেল কোর্টের



বিচারপতি দাতুক নলিনী পদ্মনাথন, মরিশাসের প্রধান বিচারপতি বিবি রেহানা মুংলি গুলবুল। নেপালের প্রধান বিচারপতি প্রকাশ মান সিং রাউতের সঙ্গে নেপালের সুপ্রিম কোর্টের বিচারপতি স্বপ্না প্রধান মাল্লা এবং নেপালের সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি অনিলকুমার সিনহা যোগ দেবেন বলে জানা গেছে। এছাড়াও উপস্থিত থাকবেন শ্রীলঙ্কার প্রধান বিচারপতি পি পদ্মনাথ সুরেসেন, শ্রীলঙ্কার সুপ্রিম কোর্টের বিচারপতি এস থুরাইরাজা পিসি এবং বিচারপতি এএইচএমডি নওয়াজ। ২০১৯ সালের ২৪ মে থেকে সুপ্রিম কোর্টের বিচারপতি পদে রয়েছেন বিচারপতি সূর্য কান্ত।

নৈনিতালে খাদে পড়ল গাড়ি, মৃত তিন শিক্ষক

নৈনিতাল: ৬০ মিটার গভীর খাদে পড়ে হারিয়ে গেল তিনটি প্রাণ। উত্তরাখণ্ডের নৈনিতালের গরম পানি এলাকায় ভয়াবহ সড়ক দুর্ঘটনা। শনিবার রাতে নিয়ন্ত্রণ হারিয়ে ৬০ মিটার গভীর খাদে পড়ল গাড়ি। স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে খবর পেয়ে স্টেট ডিজাস্টার রেসপন্স ফোর্স দ্রুত ঘটনাস্থলে পৌঁছয়। ঘটনাস্থল থেকে চারজনকে উদ্ধার করে হাসপাতালে গেলে তিনজনকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসকরা। গুরুতর আহত অবস্থায় একজন হাসপাতালে চিকিৎসাধীন। নিহতরা সকলেই উত্তরাখণ্ডের আলমোড়া জেলার সরকারি স্কুলের শিক্ষক বলে জানা গেছে। পুলিশ সূত্রে খবর, গাড়ি করে ওই চারজন একটি বিয়ের অনুষ্ঠানের জন্য হালদওয়ানি যাচ্ছিলেন। খেরনা-কাঞ্চিধাম রুটে রতিঘাটের কাছে গাড়িটি আচমকাই নিয়ন্ত্রণ হারিয়ে প্রায় ৬০ মিটার গভীরে একটি খাদে পড়ে যায়। নৈনিতালের পুলিশ সুপার (ক্রাইম) জগদীশ চন্দ্র জানান, স্থানীয়রাই প্রথমে খবর দেন। নিহতরা হলেন সঞ্জয় বিষ্ঠ, সুরেন্দ্র ভাণ্ডারি এবং পুষ্কর ভাইসোরা। মনোজ কুমার নামে এক ব্যক্তি চিকিৎসাধীন।



ভারতের মেয়েদের বিশ্বজয়

(প্রথম পাতার পর)

কনটিকের মেয়ে দীপিকা গোটা টুর্নামেন্টে দলকে দারুণ নেতৃত্ব দিয়েছেন। বিশ্বসেরার তাজ মাখায় পরে ভারত অধিনায়ক বলেন, আমরা স্নায়ুর চাপে ভুগিনি। কারণ, নিজেদের উপর বিশ্বাস ছিল। আমরা শুধু ব্যাটার, বোলার বা ফিল্ডারদের দল নয়। আমাদের দলে সবাই অলরাউন্ডার। ফাইনালের সেরা খেলোয়াড় ফুলা সারেন ওড়িশার বালাসোরের মেয়ে। জেমাইমা রডরিগেজের ভক্ত ফুলা বিশ্বকাপ জিতে উচ্ছ্বসিত। বলছেন, শুধু দেশের হয়ে নয়, আমার জেলা বালাসোরেরও প্রতিনিধিত্ব করেছে বিশ্বকাপে। চ্যাম্পিয়ন হতে পেরে আমি গর্বিত। কয়েক বছর আগে বিশ্বকাপ জিতেছিল ছেলেরাও। মেয়েদের সাফল্যের পর দেশে দৃষ্টিহীনদের ক্রিকেটের বিস্তার ও জনপ্রিয়তার আশায় ফুলা সারেনরা।

পরপর অসুস্থ বিএলওরা

(প্রথম পাতার পর)

তনুশ্রী হালদার নাইয়া এসআইআর-এর কাজের মধ্যেই অজ্ঞান হয়ে পড়েন। তাঁকে দ্রুত বারুইপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। সহকর্মীরা জানান, কয়েকদিন ধরে অসুস্থ মানসিক চাপ নিয়ে কাজ করছিলেন তনুশ্রী। রবিবার ফর্ম জমার কাজ চলাকালীন তিনি সংজ্ঞা হারিয়ে পড়ে যান। অন্যদিকে, উত্তর ২৪ পরগনার গাইঘাটা বিধানসভার ২০৩ নং বুথের বিএলও সুমনকুমার দাসও অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। পরিবারের দাবি, বাদুড়িয়ার স্কুল শিক্ষক সুমনবাবু অতিরিক্ত কাজের চাপ নিতে পারছিলেন না। রাত জেগে কাজ করতে হওয়ায় অসুস্থ হয়ে পড়েন তিনি। রবিবার তাঁকে হাবড়া স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। আবার শনিবার কাজের চাপে হৃদরোগে আক্রান্ত হয়েছেন জয়নগরের ৩১ নং পার্টের বিএলও কমল নস্কর। শনিবার রাতে তাঁকে জয়নগর মহকুমা হাসপাতালে ভর্তি করে পরিবারের সদস্যরা। রবিবার সকালে তাঁর সঙ্গে দেখা করতে যান জয়নগরের সাংসদ বাপি হালদার। ওদিকে, বিজেপি-শাসিত উত্তরপ্রদেশের লখনউয়ে অতিরিক্ত কাজের চাপে মস্তিষ্কে রক্তক্ষরণে মৃত্যু হয়েছে ৫০ বছর বয়সি বিএলও বিজয়কুমার বর্মার। বিএলও-দের এই একনাগাড়ে অসুস্থতা এবং মৃত্যুর ঘটনায় কমিশনের প্রতি ক্ষোভ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আবার তাঁর সুরে সুর মিলিয়ে রাজ্যপাল বোসও কমিশনকে সেই অভিযোগের বিস্তারিত তদন্তের বাতী দিয়েছেন। অন্যদিকে, নির্বাচন কমিশনের বিরুদ্ধে একের পর এক অভিযোগে একজোট হয়েছেন বিএলওদের একাংশ। তৈরি হয়েছে বিএলও এক্যাম্প। সোমবার তাঁরা কলেজ স্ট্রিট থেকে নির্বাচন কমিশনের অফিস পর্যন্ত মিছিল করবেন। তারপর সেখানেই তাঁরা ধরনায় বসবেন।

মেগা মিটিংয়ে অভিষেক

(প্রথম পাতার পর)

বিজেপির পরিকল্পিত চক্রান্ত রুখতে বন্ধপরিকর তৃণমূল। দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তাই দিকনির্দেশনা করবেন। ভারুয়াল বৈঠকে দলের নেতারা ঠিকমতো দায়িত্ব পালন করছেন কি না, তা খতিয়ে দেখা হবে। কোন জেলার সাংগঠনিক দিকে আরও বেশি করে নজর দেওয়া দরকার তারও পর্যালোচনা করা হবে। মমতা বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যেই এসআইআর নিয়ে মুখ্য নির্বাচন কমিশনারকে চিঠি লেখেন। এই মারগ এসআইআর প্রক্রিয়া বন্ধ করার দাবি জানান নেত্রী। জানান, বনগাঁয় মতুরা মহলে মানুষের পাশে থাকতে তিনি মিছিল ও জনসভা করবেন। নেত্রীর সেই সভাকে কেন্দ্র করে জোরকদমে প্রস্তুতি শুরু করে দিয়েছে নেতৃত্ব। বনগাঁয় সভাস্থল এবং চাঁদপাড়া থেকে ঠাকুরবাড়ি পর্যন্ত এলাকার নিরাপত্তা খতিয়ে দেখছে পুলিশ-প্রশাসন।

আগুন লাগিয়ে দিল বিজেপি

(প্রথম পাতার পর)

তৃণমূলের শিবিরে ভিড় দেখে তাই তাদের গাভ্রদাহ শুরু হয়। আর তা থেকেই এমন হিংসার আশ্রয়। এসআইআর প্রক্রিয়ায় যাতে রাজ্যের কোনও ন্যায্য ভোটারের ভোটাধিকার কেড়ে নিতে না পারে নির্বাচন কমিশন, তা নিয়ে সতর্ক তৃণমূল। ক্যাম্প করে ভোটার তালিকা এবং ফর্ম ফিলাপ সংক্রান্ত সহায়তা করা হচ্ছে সাধারণ মানুষকে। কিন্তু তা সহ্য হচ্ছে না বিজেপি। নদিয়ার কল্যাণী বিধানসভার অন্তর্গত কল্যাণী পুরসভার ৬ নম্বর ওয়ার্ডের সহায়তা ক্যাম্পে আগুন লাগিয়ে দেওয়া হয়। স্থানীয় পার্টি অফিস লাগোয়া ক্যাম্পের প্যাভিলনের একটা অংশ পুড়ে যায়। বন্ধ রাখতে হয় ক্যাম্পের কাজ। এই ঘটনায় বিজেপির দিকেই অভিযোগের তির। পুলিশ অভিযোগ খতিয়ে দেখছে।



বিজয়া সর্বজয়া

» ২২ নভেম্বর, নজরুল মঞ্চে হেলো হেরিটেজের উদ্যোগে আয়োজিত হয় বিজয়া সর্বজয়া শীর্ষক অনুষ্ঠান। সমাজের বিভিন্ন ক্ষেত্রের বারোজন নারীকে এই সম্মাননা প্রদান করা হয়। এই বছর এই উৎসব এগারো বছরে পা রাখল। এবার জয়া বিজয়া সম্মাননা প্রদান করা হয় শ্রাবণী সেন, মানসী রায়চৌধুরী, মানেকা সরকার, পিউ রায়, পূর্বা সেনগুপ্ত, ড. বিজলী মল্লিক, শ্যামশ্রী সেন, মিতা ব্যানার্জি, ড. অপরাজিতা চক্রবর্তী, শ্যামা দে, দেবযানী গাঙ্গুলিকে। সর্বজয়া সম্মাননা প্রদান করা হয় অভিনেত্রী লিলি চক্রবর্তীকে। অনুষ্ঠানের সূচনা হয় পরিবেশ সংস্থার ‘আমার মেয়েবেলা’ পোস্টার প্রকাশের মধ্যে দিয়ে। ড.

দিব্যেন্দুকুমার রায়, মধুরিমা আচার্য, শক্তিপদ রজক, আশ্রয়ী চক্রবর্তী, বিতস্তা ঘোষাল, মলয় দাস-সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন। সংস্থার পক্ষে সুমিত্রা গুড্ডে বলেন, মেয়েদের পিরিয়ডের সময় সমাজে নানান ট্যাবু আজও অব্যাহত। এই কারণে অনেক মেয়ে অসুস্থ হয়ে পড়েন। তাঁদের এই সময় ঘরের বাইরে যেতে দেওয়া হয় না। এখন সময় এসেছে পুরনো ট্যাবু ভেঙে এটাকে স্বাভাবিক ভাবে দেখার। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন হেলো হেরিটেজের কর্ণধার রেশমী চ্যাটার্জি। তিনি বলেন, আমাদের মূল লক্ষ্য, যেসব নারী দীর্ঘদিন বিভিন্ন বিষয় নিয়ে কাজ করছেন, তাঁদের সম্মানিত করা।

তিতলি পুরস্কার

» ছোটদের পত্রিকা ‘তিতলি’। এবছর এই পত্রিকার পক্ষ থেকে পুরস্কৃত করা হল শিশুসাহিত্যিক পাথজিৎ গঙ্গোপাধ্যায়কে। প্রতিবছরই শিশুসাহিত্যের জন্য এই পুরস্কার দেওয়া হয়। নদিয়া জেলার ধুবুলিয়ায় অনুষ্ঠিত এক অনুষ্ঠানে পুরস্কার তুলে দিলেন পত্রিকার প্রকাশিকা বন্দনা ঘোষ। এই অনুষ্ঠানে জেলার ও জেলার বাইরের বহু সাহিত্যানুরাগী সমবেত হয়েছিলেন। বেথুয়াডহরির ‘কাব্যায়ন’-গোষ্ঠী পুরস্কারপ্রাপকের ছড়া-কবিতা অবলম্বনে আবৃত্তি-আলেখ্য পরিবেশন করে।



ডাকো তোমার নিখিল উৎসবে

» আত্মজা। আবৃত্তি, পাঠাভিনয় এবং সঞ্চালনা প্রশিক্ষণ ও চচকেন্দ্র। এই সংস্থার ১৫ তম বার্ষিক অনুষ্ঠান হয়ে গেল ১৫ নভেম্বর, জোড়াসাঁকো ঠাকুরবাড়ির রথীন্দ্র মঞ্চে। ‘ডাকো তোমার নিখিল উৎসবে’ শিরোনামের এই অনুষ্ঠানে শিক্ষার্থীরা বিভিন্ন ভাবনার নয়টি প্রযোজনা উপস্থাপন করেন। সামগ্রিক পরিচালনায় সংস্থার কর্ণধার নিবেদিতা নাগ তহবিলদার। এই প্রযোজনাগুলির মধ্যে উল্লেখযোগ্য সলিল চৌধুরীর জন্মশতবর্ষে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে কবিতা কোলাজ ‘ও মশাই শুনছেন?’। কবি সুবোধ সরকারের কবিজীবনের পঞ্চাশ বছর উদযাপন করা হয় বিশেষ প্রযোজনা ‘আযবর্ত এইদিকে’ পরিবেশনার মাধ্যমে। উপস্থিত ছিলেন স্বয়ং কবি সুবোধ সরকার। তিনি জানিয়েছেন তাঁর মুগ্ধতার কথা। এছাড়া কবি বিনায়ক বন্দ্যোপাধ্যায়ের কাব্যগ্রন্থ ‘সম্ভবামি’র সংকলিত অংশের শ্রুতি দৃশ্যায়ন ছিল সম্ভার এক চমক, যা উপস্থিত সকলকে মন্ত্রমুগ্ধ করে রাখে। আমন্ত্রিত হয়ে দলগত পরিবেশনা উপস্থাপন করে বাচিক দল শৈলুয এবং আলাপন আবৃত্তি সংস্থা।

ভানু পেলো লটারি



» ১৮ নভেম্বর, কলকাতার ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে মঞ্চস্থ হল বাকসাড়া মাটি-র নতুন নাটক ‘ভানু পেলো লটারি : কেয়ারঅফ বায়স্কোপওয়ালা অর্কেস্ট্রা’। ১৯৫৮ সালে মুক্তিপ্রাপ্ত বাংলা কমেডি সিনেমার কাহিনির নাট্য রূপান্তর। যদিও সিনেমার কাহিনি হুবহু অনুসরণ করা হয়নি। কাহিনির মূল চরিত্র আছেন ভানু চিত্রকর। তিনি মাটির পুতুল গড়েন। মেলায় গান গেয়ে সেই পুতুল বিক্রি করেন। একদিন তাঁর বন্ধু জহর

তাঁকে একটি লটারির টিকিট উপহার দেন। লটারির প্রথম পুরস্কার তিন লক্ষ টাকা। ভানু লটারি জিতে যান এবং বন্ধুর সঙ্গে শহরে গিয়ে প্রাপ্য টাকা পেয়ে যান। এরপর তাঁর উপর নজর পড়ে অনেকের। লটারির টাকা হাতিয়ে নিয়ে তাঁরা নিজেদের আখের গোছাতে চান। জহরের বান্ধবীর স্বপ্ন সিনেমার নায়িকা হবেন। পরিচালকের প্ররোচনায় তিনিও ভানুর টাকা আত্মসাৎ করতে উদ্যত হন এবং ভানুর সঙ্গে ঘনিষ্ঠ হওয়ার অভিনয় করেন। তাঁর চালাকি বুঝে

যান জহরের এক আত্মীয়। ভানুর টাকায় লোভ ছিল তাঁরও। তিনি জহরের বান্ধবীর আসল চরিত্র সামনে আনেন। সবকিছু জেনে ভানুকে ভুল বোঝান জহর। হঠাৎ রাগের মাথায় প্রিয় বন্ধুকে লক্ষ্য করে গুলি চালিয়ে দেন। গুলিবিদ্ধ ভানু আছড়ে পড়ে গোঙাতে থাকেন। তখন বোঝা যায়, ভানু এতক্ষণ স্বপ্ন দেখছিলেন। ভোরের আলো ফোটে। সেইসময় জহর এসে জানান, ভানু লটারিতে তিন লক্ষ টাকা পেয়েছেন। অর্থ যে অনর্থের মূল, স্বপ্নের মধ্যে বুঝতে পেরেছেন ভানু। তিনি কোনওভাবেই চান না বন্ধু বিচ্ছেদ করতে। তাই সমস্ত টাকা নিজে না নিয়ে, যাঁদের প্রয়োজন তাঁদের মধ্যে বিলিয়ে দিতে বলেন। নাচ, গান, অভিনয় মিলিয়ে দেড় ঘণ্টার জমজমাট একটি মজাদার নাটক। নাটক ও সৃজনশীল পরিচালনায় অভ্র দাশগুপ্ত। মঞ্চ ভাবনা পার্থ মজুমদার। আলোক ভাবনা সুমিত চক্রবর্তী (বাবুন)। সঙ্গীত দেবরাজ ভট্টাচার্য। আবহ টুং-টুং। নৃত্য পরিকল্পনা কোয়েল রায়। নির্দেশনায় রাজরাখাল। বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন পার্শ্বসারথি সরকার, নীলাঞ্জন গাঙ্গুলি, মেহেতাব মণ্ডল, অর্ধ্য অধিকারী, মৌমিতা দত্ত প্রমুখ।

সাংস্কৃতিক অনুষ্ঠান



» ডাঃ অশোক রায় এবং মিতালি প্রামাণিকের যৌথ প্রচেষ্টায় গড়ে ওঠা যুগলবন্দী অ্যাকাডেমির চতুর্থ বর্ষের সাংস্কৃতিক অনুষ্ঠান ১৫ নভেম্বর অনুষ্ঠিত হল কলকাতার ইউনিভার্সিটি ইনস্টিটিউট হলে। রবীন্দ্র-নজরুল থেকে রাগপ্রধান, আধুনিক থেকে লোকসঙ্গীত, ভারতীয় সঙ্গীতের সকল ধারায় অ্যাকাডেমির ছাত্র-ছাত্রীদের গান ও নাচ উপস্থিত দর্শকমণ্ডলীকে মুগ্ধ করল। সঙ্গে ছিল আবৃত্তি ও সুদূর আমেরিকা থেকে লাইভ পরিবেশনা।

কেরিয়ার হাব



» পড়াশোনার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ গড়ে তুলতে অভিনব উদ্যোগ নিল নেতড়া হাই মাদ্রাসা। সম্প্রতি ডায়মন্ড হারবার ১ নং ব্লকের নেতড়া পঞ্চায়েত এলাকার ১০০ বছরের পুরনো এই মাদ্রাসার পঞ্চম শ্রেই থেকে দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের অভিভাবকদের নিয়ে অনুষ্ঠিত হল কেরিয়ার হাব। সভায় উপস্থিত ছিলেন ডায়মন্ড হারবার ১ নং ব্লক আধিকারিক, ডায়মন্ড হারবার ১ নং ব্লক মেডিক্যাল অফিসার ডাক্তার আকবর হোসেন এবং মাদ্রাসার শিক্ষক রফিকুল ইসলাম সহ নেতড়া হাই মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকারা। মাদ্রাসার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হায়দার আলি বৈদ জানান, নেতড়া হাই মাদ্রাসা ১০০ বছরের পুরনো মাদ্রাসা। বহু ছাত্র-ছাত্রী প্রতিবছর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা দিয়ে পাশ করে এখান থেকে চলে যায়। তাদের নতুন পথের দিশা দেখানোই আমাদের উদ্দেশ্য।

আমার কবিতা আমি জানি



» রবীন্দ্রনাথ ঠাকুর লিখেছিলেন, আমার কবিতা হয় নাই সর্বত্রগামী। এই ভাবনাকে সামনে রেখেই এক সাহিত্য আড্ডার আয়োজন করেন আবুল বাসার হালদার। নাম দেন আমার কবিতা আমি জানি। এই দ্বিপ্রহরিক বাহারি আহরি আড্ডা অনুষ্ঠিত হয় উষ্ণি থানার সংগ্রামপুরের একটি নির্মায়মাণ মার্কেট কমপ্লেক্সে। ছিলেন প্রায় ৩০ জন কবি, সম্পাদক ও সাহিত্যিক। উদ্বোধন করেন সত্যপ্রিয় মুখোপাধ্যায়। কবিতা ও ছড়ায় আলোকপাত করেন সাকিল আহমেদ, আজিজুল হক, প্রবীররঞ্জন মণ্ডল, জ্যোতির্ময় সরদার গৌতম মণ্ডল প্রমুখ। অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন আনসার উল হক।

আলোক কাহন

» কাহনকথা আয়োজিত তৃতীয় বার্ষিক আবৃত্তি ও সাংস্কৃতিক উৎসব আলোক কাহন ২০২৫ সপ্টেম্বরের রবীন্দ্র ওকাকুরা ভবনে অনুষ্ঠিত হল রাজ্যের বিভিন্ন প্রান্তের শিল্পীদের একক, দ্বৈত ও দলগত আবৃত্তি এবং শ্রুতিনাট্যের মনোজ্ঞ উপস্থাপনায়। সূচনা করেন নাট্যব্যক্তিত্ব সৌমিত্র মিত্র। আবৃত্তি পরিবেশনে মুগ্ধ করেন প্রণতি ঠাকুর। বিশেষ উপস্থাপনায় ছিলেন নরেশ নন্দী, দিখিত চক্রবর্তী, তাপস চৌধুরি, প্রযুক্তি বন্দ্যোপাধ্যায়, স্বাতী বন্দ্যোপাধ্যায়। সুস্থ সংস্কৃতিচর্চা ও সামাজিক দায়বদ্ধতার জন্য আলোক কাহন সম্মান পেলেন সমাজকর্মী ও বাচিকশিল্পী মহাশ্বেতা মুখোপাধ্যায়।



তৃতীয় ও চতুর্থ দিন
ব্যাট করতে পারলে
ভারত গুয়াহাটি
টেস্টে ভাল জায়গায়
থাকবে: কুশলে

নেতা রাহুল, দলে পন্থ-জাদেজাও



■ একদিনের সিরিজে নেতা রাহুল।

মুম্বই, ২৩ নভেম্বর : দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে তিন ম্যাচের একদিনের সিরিজে ভারতকে নেতৃত্ব দেবেন কে এল রাহুল। প্রায় দু'বছর পর ফের আবার তাঁকে টিম ইন্ডিয়ার অধিনায়কের ভূমিকায় দেখা যাবে। এর আগে রাহুল ১১টি একদিনের ম্যাচে ভারতকে নেতৃত্ব দিয়েছেন। শেষবার তিনি অধিনায়ক ছিলেন ২০২৩ সালের দক্ষিণ আফ্রিকা সফরে।

রবিবার যে ১৫ জনের দল বিসিসিআই ঘোষণা করেছে, তাতে প্রত্যাশিতভাবেই নেই শুভমন গিল। তিনি ডিসেম্বরের শুরুতে সেন্টার অফ এক্সপ্লোন্সে রিহাব শুরু করবেন। অস্ট্রেলিয়া সফরের সহ-অধিনায়ক শ্রেয়াস আইয়ার এখনও সুস্থ নন। বিশ্রাম দেওয়া হয়েছে জসপ্রীত বুমরা এবং মহম্মদ সিরাজকে। তবে রোহিত শর্মা ও বিরাট কোহলি দু'জনেই রয়েছেন দলে। একদিনের দলে ফিরেছেন রবীন্দ্র জাদেজা এবং ঋষভ পন্থও।

ঘরোয়া ক্রিকেটে ধারাবাহিক পারফরম্যান্সের পুরস্কার হিসাবে সুযোগ পেয়েছেন ঋতুরাজ গায়কোয়াড়। এছাড়া রাখা হয়েছে টি-২০ বিশেষজ্ঞ তিলক ভামাকেও। তবে বাদ পড়েছেন অক্ষর প্যাটেল। তারকা অলরাউন্ডার হার্দিক পাণ্ডিয়াকেও একদিনের স্কোয়াডে রাখা হয়নি। তবে তাঁকে টি-২০ সিরিজের দলে রাখা হবে বলেই খবর। আগামী রবিবার (৩০ নভেম্বর) রাঁচিতে সিরিজের প্রথম ম্যাচ। পরের দু'টি ম্যাচ যথাক্রমে ৩ এবং ৬ ডিসেম্বর। ভেন্যু রায়পুর এবং বিশাখাপত্তনম।

ক্যাম্প ন্যু-তে ফিরেই বড় জয় বার্সেলোনার



বার্সেলোনা, ২৩ নভেম্বর : প্রায় আড়াই বছর! দিনের হিসাবে নেই নেই করে ৯০৫ দিন পর ক্যাম্প ন্যু-তে ফিরেছিল বার্সেলোনা। আর অ্যাথলেটিক বিলাবাওকে ৪-০ গোলে হারিয়ে ঘরের মাঠে প্রত্যাবর্তনের মুহূর্তটাকে স্মরণীয় করে রাখলেন লামিনে ইয়ামালরা।

ক্যাম্প ন্যু-র গ্যালারি এখনও পুরোপুরি তৈরি নয়। তাই এই ম্যাচের সাক্ষী রইলেন ৪৫ হাজার ফুটবলপ্রেমী। গ্যালারির কাজ শেষ হলে, আগামী মরশুম থেকে ক্যাম্প ন্যু-তে বসে ম্যাচ উপভোগ করতে পারবেন ১ লক্ষ ৫ হাজার দর্শক। এদিন ম্যাচ শুরুর আগে আতশবাজির রোশনাই দিয়ে বরণ করে নেওয়া হয় দর্শক এবং ফুটবলারদের। আর ম্যাচ শুরুর চার মিনিটের মধ্যেই বাসাকে এগিয়ে দেন রবার্ট লেয়নডস্কি। গড়ানে শটে বিলাবাও গোলকিপারকে পরাস্ত করেন তিনি।

প্রথমার্ধের সংযুক্ত সময়ে ব্যবধান দ্বিগুণ করে বার্সেলোনা। এবারের গোলদাতা ফেরান তোরেস। বিরতির পর খেলা শুরু হওয়ার মিনিট তিনেকের মধ্যেই ৩-০ করেন ফেরমিন লোপেজ। ৫৪ মিনিটে লাল কার্ড দেখেন বিলাবাওয়ের মিডফিল্ডার ওহিয়ান সানচেত। ফলে ম্যাচের বাকি সময় ১০ জনে খেলতে হয়েছে বিলাবাওকে। সেই সুযোগে ৯০ মিনিটে ব্যক্তিগত দ্বিতীয় তথা বাসার চতুর্থ গোলটি করেন তোরেস।

এদিনের জয়ের পর ১৩ ম্যাচে ৩১ পয়েন্ট নিয়ে লা লিগার শীর্ষে উঠে এল বার্সেলোনা। ১২ ম্যাচে সমান পয়েন্ট পেলেও, গোল পার্থক্যে পিছিয়ে দ্বিতীয় স্থানে রিয়াল মাদ্রিদ। তবে পরের ম্যাচে এলচের বিরুদ্ধে ড্র করলেই, বার্সেলোনাকে টপকে ফের শীর্ষে উঠে আসবে রিয়াল।

দু'দিনে টেস্ট শেষ হওয়ায় ক্ষতি ১৭ কোটি স্টোকস নির্বোধ, তোপ বয়কটের



লন্ডন, ২৩ নভেম্বর : অ্যাসেজে শ্রেফ দু'দিনে প্রথম টেস্ট হেরে বিস্তর সমালোচনার মুখে পড়েছে ইংল্যান্ড দল। সমালোচনার তির আরও তীব্রতর হচ্ছে অধিনায়ক বেন স্টোকসের দিকে। প্রাক্তন ওপেনার জিওফ বয়কট তাঁকে নির্বোধ বলে তোপ দেগেছেন।

৮৫ বছরের বয়কট নিজের কলাম-এ লিখেছেন, আমি আর এই স্টুপিড ইংল্যান্ড টিমকে সিরিয়াসলি নিতে পারছি না। অ্যাসেজ শুরু হওয়ার আগে স্টোকস বলেছিল প্রাক্তনরা ওদের সমালোচনা করছে বা ভিন্নমত পোষণ করছে কারণ টেস্ট ক্রিকেট এখন বদলে গিয়েছে। তাই অতীত এখন অপ্রাসঙ্গিক। তাহলে তো এটা ই বলতে হয় যে তুমি যখন টেস্টটা নির্বোধের মতো ছেড়ে দিয়ে এলে তখন তোমাকে সিরিয়াসলি নেওয়ার কারণ নেই। এরপর বয়কট



লিখেছেন, ওরা নিজেদের বলয়ের মধ্যে থাকে। শুধু নিজেদের প্রচার বোঝে। ওরা বাইরের কথা কানে তোলে না বলেই আমার অন্তত ধারণা।

প্রাক্তন ওপেনার আরও লিখেছেন, এটা খুব সহজেই বোঝা যায় যে ইংল্যান্ডের ব্যাটিং ও বোলিংই এই হারের কারণ। এমন ফাস্ট ও বাউন্সি উইকেটে ৪০ রানের লিড অনেক। যখন ডাকেট আর পোপ ব্যাট করছিল ইংল্যান্ড একসময় কার্যত ১০০/১ ছিল। কিন্তু ওরা বরাবরের মতো নিজেদের ধ্বংস হওয়াটা বুঝতে পারেনি। বাজবল, অতিরিক্ত আত্মবিশ্বাস, ভুল সিদ্ধান্ত, কারণ যাই হোক না কেন এতে জেতা ম্যাচ কঠিন হয়ে যায়। অস্ট্রেলিয়া, ভারতের মতো শক্তিশালী দলের বিরুদ্ধে এসবই হারের কারণ হয়ে দাঁড়ায়।

এদিকে, দু'দিনে অস্ট্রেলিয়া ম্যাচ জিতলেও এতে ১৭ কোটি টাকা ক্ষতি হয়েছে তাদের বোর্ডের। কারণ তৃতীয় দিনের সব টিকিট বিক্রি হয়ে গিয়েছিল। চতুর্থ দিনের টিকিটও শেষ হওয়ার মুখে ছিল। এই মাঠে ভারতের বিরুদ্ধে টেস্টের প্রথম দিন লোক হয়েছিল ৯৬,৪৬৩ জন। কিন্তু অ্যাসেজের প্রথম দু'দিনে সেই রেকর্ড ভেঙে মাঠে লোক হয় ১০১,৫১৪ জন।

বার্সাই আমার ঘর : মেসি



মায়ামি, ২৩ নভেম্বর : বার্সেলোনা যে তাঁর হৃদয়ে, সেটা আরও একবার স্পষ্ট জানালেন লিওনেল মেসি। স্প্যানিশ সংবাদপত্র 'স্পোর্ট'-এর সমীক্ষায় বার্সেলোনার ইতিহাসে সবথেকে বেশি ভালবাসা পাওয়া খেলোয়াড়ের পুরস্কার জিতেছেন মেসি। তিনি বলেন, আমি আপাতত ইন্টার মায়ামিতে আরও কয়েকটা বছর থাকব। তবে আমরা বার্সেলোনা ফিরবই। কারণ আমি সব সময় বলে এসেছি, ওটাই আমার সত্যিকারের বাড়ি। মেসির কথাতেই পরিষ্কার, অবসরের পর তিনি সপরিবারে বার্সেলোনা শহরেই ফিরবেন।

মেসি আরও বলেছেন, আমি হয়তো তখন মাঠে নেমে খেলব না। কিন্তু একজন সাধারণ সমর্থক হিসাবে ক্যাম্প ন্যু-তে উপস্থিত থাকব। ক্লাবের সমর্থনে গলা ফাটা। বার্সেলোনার সঙ্গে আমার দীর্ঘ বছরের সম্পর্ক। তবে এত বছরের সম্পর্ক সব সময় মধুর হয় না। কঠিন সময়ও আসে। আমি চেয়েছিলাম, অন্য কোনও ক্লাবে না গিয়ে ওখানেই নিজের কেরিয়ার শেষ করতে। দুর্ভাগ্যজনকভাবে সেটা সম্ভব হয়নি। কিন্তু বার্সেলোনা কাতালো প্রভিটি মুহূর্ত আমার হৃদয়ে থেকে গিয়েছে।

হেডকে শাস্ত্রী : আমার দেশকেও স্তব্ব করেছিলে



মুম্বই, ২৩ নভেম্বর: পারখে পেসারদের স্বর্গরাজ্যে নিজের ব্যাটিং শৌর্ষের প্রদর্শন করেছেন ট্র্যাভিস হেড। টেস্ট হোক বা ওয়ান ডে, চাপের মুখে বারবার জ্বলে উঠে অস্ট্রেলিয়াকে ম্যাচ জেতানো অভ্যাসে পরিণত করে ফেলেছেন ডাকাবুকো ব্যাটার। উসমান খোয়াজার শারীরিক অস্বস্তির কারণে যখন জ্যাক ওয়েদারল্যান্ডের সঙ্গে

কাকে ওপেন করতে পাঠাবেন ভেবে পাচ্ছিলেন না স্টিভ স্মিথ, তখন হেড নিজেই অধিনায়ককে বলেন, 'আমি যাব শুরুতে'। খেলে আসেন অ্যাসেজের অন্যতম সেরা ইনিংস। হেডের বিধ্বংসী ইনিংসের প্রশংসায় পঞ্চমুখ ভারতের প্রাক্তন হেড কোচ রবি শাস্ত্রী। অস্ট্রেলীয় ব্যাটারের আইপিএল সতীর্থ অভিষেক শর্মার কাছে সর্বোচ্চ মানের ইনিংস।

২০২৩ সালে ওয়ান ডে বিশ্বকাপ ফাইনালে এমনই এক ইনিংস খেলে আমাদেবাদের নীল জনসমুদ্রকে স্তব্ব করে দিয়েছিলেন হেড। সে বছরই বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ ফাইনালে তাঁর ১৬৩ রানের ইনিংসে স্বপ্নভঙ্গ হয়েছিল ভারতের। এখনও এই দুই ঘটনা গলার কাঁটার মতো বিধে আছে ভারতীয় ক্রিকেটপ্রেমীদের মনে। দু'বছর আগের সেই

হৃদয়বিদারক ঘটনার প্রসঙ্গ টেনে শাস্ত্রী এক্সে লিখেছেন, ট্র্যাভিস হেড, দু'বছর আগে তুমি আমার দেশকে স্তব্ব করে দিয়েছিলে। আজ তুমি ক্রিকেটের সেরা ফরম্যাটে আরও একবার সেই কাজ করলে। ইংল্যান্ড সমর্থকদের তোমার বিধ্বংসী ইনিংসে চূপ করিয়ে দিলে। তোমাকে কুর্নিশ। ইংল্যান্ড মাথা নত করো। এটা ছিল বিশেষ ইনিংস।

আইপিএলে সানরাইজার্স হায়দরাবাদের হয়ে হেডের সঙ্গে ওপেন করতে নামেন অভিষেক শর্মা। ভারতের 'হেড' বলা হচ্ছে তাঁকে। পার্থের ইনিংসে মুগ্ধ অভিষেক ইনস্টাগ্রাম স্টোরিতে লিখেছেন, ট্র্যাভ যখন ছন্দে থাকে তখন ব্যাটিং অনেক সহজ দেখায়। একটি উচ্চমানের সেঞ্চুরি এবং সঠিক বিবৃতি।

নেদারল্যান্ডসের মুখোমুখি ভারত

নয়াদিল্লি, ২৩ নভেম্বর : ডেভিস কাপ কোয়ালিফায়ার রাউন্ড ওয়ানে কঠিন প্রতিপক্ষ পেল ভারত। সুমিত নাগালদের এবার খেলতে হবে শক্তিশালী নেদারল্যান্ডসের বিরুদ্ধে। প্রসঙ্গত, ডাচ ডেভিস কাপ দলে তিনজন সিঙ্গেলস খেলোয়াড়ের এটিপি র ্যাঙ্কিং একশোর মধ্যে। ফলে

নাগালদের সামনে যে কড়া পরীক্ষা দিতে হবে, তা নিয়ে সন্দেহ নেই। রবিবার ড্রয়ের পর, ভারতের প্রতিপক্ষ স্থির হলো, ম্যাচের ভেন্যু এবং তারিখ জানা যায়নি। তবে এই ম্যাচটা হবে ভারতের মাটিতে। আগামী বছরের ডেভিস কাপ ফেব্রুয়ারিতে। প্রসঙ্গত, বিশ্ব গ্রুপ ওয়ান টাইয়ে ইউরোপের আরেক শক্তিশালী দল সুইজারল্যান্ডকে হারিয়ে ডেভিস কাপের কোয়ালিফায়ারে খেলার যোগ্যতা অর্জন করেছে ভারতীয় দল। নাগালরা ওই ম্যাচটা জিতেছিলেন ৩-১ ব্যবধানে। যা ছিল দীর্ঘ ৩২ বছর পর অ্যাওয়ে ম্যাচে ইউরোপের কোনও দলের বিরুদ্ধে ভারতের জয়ের নজির।

ডেভিস কাপ



১৯ বছর বয়সেই
প্রয়াত বাংলার
প্রতিশ্রুতিমান
ক্রিকেটার
উদ্দালক আহমেদ

মাঠে ময়দানে

24 November, 2025 • Monday • Page 15 || Website - www.jagobangla.in

১৫

২৪ নভেম্বর
২০২৫

সোমবার

অসুস্থ বাবা, বিয়ে পিছোল স্মৃতির

মুম্বই, ২৩ নভেম্বর : বিয়ের আসরের আনন্দ বদলে গেল বিষাদে! হৃদরোগে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি স্মৃতি মাকানার বাবা। এর ফলে ভারতীয় মহিলা ক্রিকেট তারকার বিয়ের অনুষ্ঠান আপাতত স্থগিত রাখা হয়েছে। প্রসঙ্গত, রবিবারই সঙ্গীত পরিচালক পলাশ মুচ্ছলের সঙ্গে সাতপাকে বাঁধা পড়তে চলেছিলেন স্মৃতি।

মহারাষ্ট্রের সাদলি জেলার সামডোলে স্মৃতির ফার্ম হাউসে বসেছিল বিয়ের আসর। সেখান গত কয়েকদিন ধরেই চলছিল বিয়ের যাবতীয় প্রস্তুতি। দুই পরিবারের আত্মীয় এবং বন্ধুদের পাশাপাশি হাজির ছিলেন স্মৃতির সতীর্থ জেমাইমা রডরিগেজ, রিচা ঘোষের মতো ক্রিকেট তারকারাও। কিন্তু রবিবার হঠাৎ করেই হৃদরোগে আক্রান্ত হন স্মৃতির বাবা শ্রীনিবাস মাকানা। দ্রুত

তাকে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আপাতত চিকিৎসকদের পর্যবেক্ষণে রয়েছেন তিনি। তাঁর শারীরিক অবস্থা স্থিতিশীল বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ।

স্মৃতির ম্যানেজার তুহিন মিশ্র সংবাদমাধ্যমকে জানিয়েছেন, সকালে ব্রেকফাস্ট করার সময় অসুস্থ বোধ করেন স্মৃতির বাবা। শুরুতে গুরুত্ব না দিলেও, তাঁর শারীরিক অবস্থা ক্রমশ আরও খারাপ হতে থাকে। ঝুঁকি না নিয়ে তাঁকে অ্যাম্বুল্যান্সে করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আপাতত তিনি সেখানেই ভর্তি রয়েছেন। স্মৃতি নিজেও হাসপাতালে রয়েছেন। ও সিদ্ধান্ত নিয়েছে, বাবা পুরোপুরি সুস্থ না হওয়া পর্যন্ত বিয়ে করবে না। তাই বিয়ের অনুষ্ঠান অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখা হচ্ছে।



■ বাবার সঙ্গে স্মৃতি। ফাইল চিত্র

লক্ষ্যভেদ লক্ষ্যের, বছরের প্রথম ট্রফি

সিডনি, ২৩ নভেম্বর : অবশেষে লক্ষ্যভেদ লক্ষ্য সেনের। অস্ট্রেলিয়ান ওপেন সুপার ৫০০ ব্যাডমিন্টন চ্যাম্পিয়ন হয়ে চলতি বছরে প্রথম ট্রফির স্বাদ পেলেন ২৪ বছর বয়সী ভারতীয় শাটলার। রবিবার ফাইনালে লক্ষ্য ২১-১৫, ২১-১১ গেমের কার্যত উড়িয়ে দেন জাপানি প্রতিদ্বন্দ্বী ইউশি তানাকাকে। শুরু থেকেই আগ্রাসী মেজাজে খেলে, মাত্র ৩৮ মিনিটেই ম্যাচ পকেটে পুরে নেন তিনি।



■ ট্রফি হাতে লক্ষ্য। রবিবার সিডনিতে।

দু'বছর পর কোনও ৫০০ সুপার খেতাব জিতলেন লক্ষ্য। ২০২৩ সালে কানাডা ওপেন জয়ই ছিল তাঁর শেষ ৫০০ সুপার খেতাব জয়। চলতি বছরে হংকং ওপেনের ফাইনালে উঠেও ব্যর্থ হয়েছিলেন। তবে সেই আক্ষেপ এদিন সুদে-আসলে মিটিয়ে নিলেন। রবিবারের ফাইনালে শুরু থেকেই জাপানি প্রতিপক্ষকে টেকা দিয়েছেন লক্ষ্য। তাঁর শক্তিশালী স্ম্যাশ এবং নিখুঁত র্যালির কোনও জবাবই ছিল না তানাকার র্যাকেটে। প্রথম গেমের তাও কিছুটা লড়াই হয়েছিল। কিন্তু দ্বিতীয় গেমের পুরোপুরি একতরফা খেলে গিয়েছেন লক্ষ্য।

চ্যাম্পিয়ন হওয়ার পর লক্ষ্য বলেছেন, শুরুটা ইতিবাচক হওয়া গুরুত্বপূর্ণ ছিল। প্রথম গেমের মাঝামাঝি লড়াই হয়েছে সমানে-সমানে। কিন্তু তার পরেই আমি ছন্দ পেয়ে যাই। গেমও জিতে নিই। দ্বিতীয় গেমের তাই বাড়তি আত্মবিশ্বাসের সঙ্গে কোর্টে নেমেছিলাম। অনেকদিন পর কোনও বড় মাপের টুর্নামেন্ট জিতলাম। আমি নিজের খেলার খুশি।

লক্ষ্যের সাফল্যে খুশি জাতীয় দলের প্রাক্তন কোচ বিমল কুমার। তিনি বলছেন, লক্ষ্যের জন্য গর্বিত। এই জয়টা ওর প্রাপ্য ছিল। মাঝে চোট-আঘাত সমস্যা ভুগছিল। নিজের ছন্দও হারিয়ে বসেছিল। তবে দারুণভাবে ঘুরে দাঁড়াল। শেষ তিনটি টুর্নামেন্টে ওর লড়াইয়ের মানসিকতা দেখে মুগ্ধ হয়েছিলাম। এই জয় লক্ষ্যের আত্মবিশ্বাস আরও বাড়বে। নতুন বছরে ওকে সেরা ফর্মে দেখতে পাব বলেই মনে করি।

হায়দরাবাদে বাংলা, প্রস্তুতি শুরু আজ



প্রতিবেদন: রঞ্জি ট্রফিতে আপাতত মাস দেড়েকের বিরতি। লাল বল থেকে আপাতত সাদা বলে ফোকাস ঘরোয়া ক্রিকেটারদের। বুধবার থেকে শুরু সৈয়দ মুস্তাক আলি জাতীয় টি-২০ প্রতিযোগিতা। ১৬ ডিসেম্বর আইপিএল নিলাম আবুধাবিতে। ১৮ ডিসেম্বর মুস্তাক আলি টি-২০ ফাইনাল। ফলে টুর্নামেন্টে নজরে থাকবেন ক্রিকেটাররা। বাংলা দল রবিবার হায়দরাবাদ পৌঁছে গিয়েছে। নিজামের শহরে জাতীয় টি-২০'র ম্যাচগুলি খেলবেন অভিমন্যু ঈশ্বরগণা। মহম্মদ শামিও আইপিএলের জন্য নিজেকে ফিট রাখার পাশাপাশি জাতীয় দলে প্রত্যাবর্তনের আশায় মুস্তাক আলিতে খেলার সিদ্ধান্ত নিয়েছেন। হায়দরাবাদে সোমবারের মধ্যেই দলের সঙ্গে যোগ দেওয়ার কথা শামির।

রবিবার দুপুরে হায়দরাবাদ পৌঁছে বিশ্রাম নেন বাংলার ক্রিকেটাররা। সোমবার প্রস্তুতি শুরু করবেন অভিমন্যুরা। বুধবার প্রথম ম্যাচে বাংলার সামনে হার্দিক পাণ্ডিয়ারদের বরোদা। হার্দিক ফিটনেস যাচাই করতে নামছেন মুস্তাকে। প্রথম ম্যাচেই বাংলার লড়াই বেশ কঠিন। অভিজ্ঞতা ও তারুণ্যের সংমিশ্রণে টি-২০ দল গড়েছে সিএবি। অভিমন্যু, সুদীপ, ঝাঙ্কিক, শামি, আকাশ দীপদের সঙ্গে এক বাঁক তরুণও ভরসা বাংলার।

নাসাফের কাছে তিন গোলে হেরে স্বপ্নভঙ্গ ইস্টবেঙ্গলের



■ ফাজিলারা এভাবেই আটকে গেলেন। রবিবার চিনে।

প্রতিবেদন: হল না স্বপ্নপূরণ। এএফসি মহিলা চ্যাম্পিয়ন্স লিগে গ্রুপের শেষ ম্যাচে উজবেকিস্তানের পিএফসি নাসাফের সঙ্গে ড্র করতে পারলেই ভারতীয় ফুটবলে ইতিহাস তৈরি করে ফেলতে পারতেন ইস্টবেঙ্গলের মেয়েরা। দেশের প্রথম ক্লাব হিসেবে এএফসি প্রতিযোগিতার নক আউট পর্বে খেলার স্বপ্ন অবশ্য অপরূহ থেকে গেল সুলজনা রাউল, শিলকি দেবীদের।

চিনের উহানে নাসাফের কাছে ০-৩ গোলে হেরে গেল দল। ফলে কোয়ার্টার ফাইনালের আগেই মেয়েদের এএফসি চ্যাম্পিয়ন্স লিগ থেকে বিদায় নিল ইস্টবেঙ্গল।

তিন গ্রুপের প্রথম দুই দলের পাশাপাশি সেরা তৃতীয় স্থানাধিকারী দু'টি দলের মধ্যে থেকে শেষ আটে খেলার সুযোগ ছিল ইস্টবেঙ্গলের কাছে। নাসাফের বিরুদ্ধে নামার আগে গোল পার্থক্যে উজবেকিস্তানের ক্লাবের থেকে এক গোল ব্যবধানে এগিয়েও ছিল তারা। কিন্তু হারের ব্যবধান দু'গোলের বেশি হয়ে যাওয়ায় স্বপ্নভঙ্গ হল লাল-হলুদের। শুরু থেকে আক্রমণের ঝড় তুলে ইস্টবেঙ্গলের মেয়েদের খেলায় ফেরার সুযোগ দেয়নি নাসাফ। ১৭ মিনিটেই খাবিবুল্লাইভার গোলে এগিয়ে যায় তারা। বিরতির আগে সমতা ফেরানোর সুযোগ হাতছাড়া করে ইস্টবেঙ্গল।

দ্বিতীয়ার্ধে পরিস্থিতি বিশেষ বদলায়নি। বরং আরও দু'টি গোল করে লাল-হলুদকে ম্যাচ ও টুর্নামেন্ট থেকে ছিটকে দেয় নাসাফ। ৫২ মিনিটে জারিনা নরবোয়েভার গোলে ব্যবধান দ্বিগুণ করে উজবেক ক্লাবটি। সংযুক্ত সময়ে খাবিবুল্লাইভার দ্বিতীয় গোলে ৩-০ করে নাসাফ। ইস্টবেঙ্গল কোচ অ্যান্থনি অ্যান্ড্রুজ বলেন, এভাবে বিদায় নেওয়াটা সত্যিই হতাশাজনক। তবে এটা আমাদের জন্য বড় শিক্ষা। এবারের অভিজ্ঞতা আমাদের আরও শক্তিশালী করবে।

জয়ী বাংলাদেশ

ঢাকা : প্রত্যাশামতোই মিরপুর টেস্ট জিতল বাংলাদেশ। তাও আবার ২১৭ রানের ব্যবধানে। একই সঙ্গে আয়ারল্যান্ডের বিরুদ্ধে দু'ম্যাচের সিরিজ ২-০-তে জিতে নিলেন মুশফিকুর রহিমরা। ৫০৯ রান টার্গেট তাড়া করতে নেমে, চতুর্থ দিনের শেষে ৬ উইকেট হারিয়ে ১৭৬ রান তুলেছিল আইরিশরা। রবিবার আয়ারল্যান্ডের ইনিংস গুটিয়ে যায় ২৯১ রানে। কার্টিস ক্যাম্ফার ৭১ রানে অপরাজিত থাকেন। তিনি খেলেছেন ২৫৯ বল! যা চতুর্থ ইনিংসে একজন ব্যাটারের সর্বাধিক বল খেলার টেস্ট রেকর্ড।

চন্দ্রহাসের ২০৫

প্রতিবেদন : কোচবিহার ট্রফির এলিট পর্বে চণ্ডীগড়ের বিরুদ্ধে রানের পাহাড়ে বাংলা। কল্যাণীতে প্রথম দিনের শেষে বাংলার স্কোর ৮৬ ওভারে ৩ উইকেটে ৩৭৮ রান। সৌজন্যে অধিনায়ক চন্দ্রহাস দাসের ডাবল সেঞ্চুরি ও সায়েন পালের সেঞ্চুরি। দিনের শেষে ২১৯ বলে ২০৫ রান করে অপরাজিত রয়েছেন চন্দ্রহাস। সায়েন ১৪১ বলে ১০৪ রান করে অপরাজিত।

আনোয়ার ইস্যুতে হস্তক্ষেপ করবে ফিফা

প্রতিবেদন: দেড় বছরের উপর বুলে থাকা আনোয়ার আলি ইস্যু নিয়ে ক্ষুব্ধ ফিফা। সর্বভারতীয় ফুটবল ফেডারেশন সিদ্ধান্ত নিয়ে না পারায় সম্প্রতি ফিফার দ্বারস্থ হয়েছিল মোহনবাগান। রবিবার বিশ্ব ফুটবলের সর্বেচ্ছা নিয়ামক সংস্থার বিচারবিভাগীয় কমিটি ফেডারেশনের উপর চাপ বাড়িয়ে মোহনবাগানের

মোহনবাগানের চিঠির জবাব

চিঠির জবাব দিয়েছে। জবাবি চিঠির প্রতিলিপি পাঠানো হয়েছে এআইএফএফ-কেও। চিঠিতে মোহনবাগানকে ফিফা লিখেছে, আমরা আপনাদের ফেডারেশনের সঙ্গে যোগাযোগ করব। এই মামলার

নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ আমরা নেব। এই বিষয়ে নোট নেওয়ার জন্য ধন্যবাদ। যে কোনও সাহায্যের জন্য আমরা রয়েছি। আনোয়ার ইস্যুতে ফেডারেশনের গাড়িমসিতে বেশ বিরক্ত ফিফা।



এতদিন ধরে বুলে থাকা মামলার দ্রুত নিষ্পত্তির জন্য উদ্যোগী তারা।



পন্থদের বিপদঘণ্টা বাজালেন এক ভারতীয়

ক্রিকেট না পড়াশোনা, দ্বিধা ছিল মুখুস্বামীর



গুয়াহাটি, ২৩ নভেম্বর : কাওয়াজুলু নাটাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞানের স্নাতক। পড়াশোনা মিডিয়া ও মার্কেটিং নিয়েও। পড়াশোনায় ভাল বলেই

ক্রিকেটকে পেশা করবেন কি না একসময় দ্বিধায় ছিলেন সেনুরান মুখুস্বামী। গুয়াহাটিতে ১০৯ রানের ইনিংস খেলে ফেলার পর এখন মানতেই হচ্ছে তিনি ক্রিকেটে এসে ভুল করেননি। ৩১ বছরের ভারতীয় বংশোদ্ভূত তরুণ বলছিলেন, শতরানের মুহূর্তটা আমার কাছে সেবা। ভরা স্টেডিয়ামে এমন ইনিংস খেলতে পারা বিশেষ এক অনুভূতি। দলকে সাহায্য করতে পেরে আমি খুশি। লক্ষ্য ছিল ভাল জুটি তৈরি করে রানকে এগিয়ে নিয়ে যাওয়া। মার্কে জেনসেন দারুণ খেলল। বাকিদের কাছে থেকেও সাহায্য পেয়েছি। এর আগে মুখুস্বামীর সবেচি রান ছিল পাকিস্তানের বিরুদ্ধে করা ৮৯ রান। ইডেনে তাঁকে খেলায়নি দক্ষিণ আফ্রিকা। সিদ্ধান্ত তুল ছিল এদিন প্রমাণ করে দিলেন। মুখুস্বামীর বাবা-মা ভারতীয়। আত্মীয়রা থাকেন তামিলনাড়ুর নাগাপাতিনামে। তাঁর জন্ম ১৯৯৪-এ ডারবানে। সেখানে থাকলেও ভারতীয় সংস্কৃতির সঙ্গে নিবিড় যোগ পরিবারের। দক্ষিণ আফ্রিকায় থাকলেও যোগ রয়েছে ভারতীয় আত্মীয়দের সঙ্গে। ডারবানে স্কুলে পড়ার সময় ক্রিকেট শুরু। প্রথমে ব্যাটার হতে চাইলেও পরে অলরাউন্ডার হয়ে যান। ২০১৯-এ বিশাখাপত্তনমে বিরাট কোহলির দলের বিরুদ্ধে ৫ উইকেট নিয়েছিলেন। কিন্তু জাতীয় দলে জায়গা স্থায়ী করতে পারেননি। তবে গুয়াহাটিতে এই ইনিংস সেটা করে দেবে।

গুয়াহাটি, ২৩ নভেম্বর : দ্বিতীয় দিনের শেষদিকে কে এল রাহুল যখন বারবার খেলা বন্ধের আবেদন জানাচ্ছেন অসম্পূর্ণ রিচার্জ কেটেলেবোরের কাছে, তখন অনেকের মাথায় ঘুরছে ২২ বছর আগের অ্যাডিলেড টেস্ট। অস্ট্রেলিয়া প্রথম ইনিংসে ৫৫৬ রান করার পরেও ভারত সেই টেস্ট জিতেছিল ৪ উইকেটে। বর্ষাপাড়া দক্ষিণ আফ্রিকা ৪৮৯ রান করেছে। দিনের শেষে ভারত ৯-০। ঠিক কত রান করলে অ্যাডিলেডের মতো ঘটনা এখানে ঘটানো সম্ভব? প্রাক্তনদের কেউ কেউ বলছেন অন্তত ৬০০ করতে হবে প্রথম ইনিংসে। তবে সেই কাজ মোটেই সহজ হবে না বাভুমাদের শক্তিশালী বোলিংয়ের সামনে।

গুয়াহাটিতে বিকেলে দুম করে আলো কমে যায়। নটায় খেলা শুরু করেও সমস্যা আটকানো যায়নি। চেষ্টা অনেক হয়েছে। অভিনব পন্থায় টি ব্রেক এগিয়ে এনে লাঞ্চ পরে করা হচ্ছে। কিন্তু তাতে কতটা লাভ হল কে জানে। রাহুল আর যশস্বীর জন্য অবশ্য চাপের কারণ ছিল। গুঁরা দু'দিন ফিল্ডিং করেছে করে নেমেছেন। তার উপর দিনের শেষে ব্যাট করতে হলে চাপ আরও বাড়ে। কিন্তু ওরা ৬.১ ওভার সামলে দিয়েছেন। কিন্তু সোমবার সকালে নতুন লড়াই। সকালে ব্রহ্মপুত্রের পাড়ের এই শহরে যে মুদুমন্দ হাওয়া বয় সেটা সিমারদের সাহায্য করে। মার্কে জেনসেনকে সামাল দেওয়াই তখন চ্যালেঞ্জ হবে।

কিন্তু এই চাপের পরিস্থিতি তৈরি হওয়ার পিছনে ভারতীয় ড্রেসিংরুম অনেকটা দায়ী। বোলাররা যখন উইকেট পাচ্ছেন না তখন প্ল্যান এ থেকে প্ল্যান বি বা সি-তে যাওয়া উচিত ছিল। যেটা হয়নি। সকালের প্রথম দু'ঘণ্টায় যখন মুখুস্বামী ও ভেরেনকে ফেরানো গেল না তখন ড্রেসিংরুম থেকে কোচের বার্তা আসা উচিত ছিল অধিনায়কের কাছে। সেটা হয়নি। তাছাড়া এখনও পর্যন্ত এই পাটা উইকেটে যখন উইকেট নেওয়ার আদর্শ সময় সকালের দিকেই, তখন ঋষভ পন্থ নেতিবাচক ফিল্ডিং সাজিয়ে রাখলেন কেন? তখন দূরে ফিল্ডার



প্রথম টেস্ট সেধুরি মুখুস্বামী। তাঁকে অভিনন্দন জেনসেনের। রবিবার গুয়াহাটিতে।

রাখবেন কেন তিনি? থার্ড সিমার নীতীশকেই বা ব্যবহার করলেন না কেন ঋষভ?

এসব বলে দক্ষিণ আফ্রিকার লোয়ার অর্ডারের ফাটাফাটি ব্যাটিকে অবশ্য খাটো করা যাবে না। ভারতীয় বংশোদ্ভূত সেনুরান মুখুস্বামীর নাম ছড়িয়েছিল পাকিস্তান সিরিজ থেকে। তবে বোলার হিসাবে। এদিন সাত নম্বরে নেমে তিনি ১০৯ রান করে গেলেন। অষ্টম টেস্টে ৩১ বছরের মুখুস্বামীর এটা প্রথম সেধুরি। তাঁর সঙ্গে মিলে প্রথমে কাইল ভেরেন (৪৫) ও পরে মার্কে জেনসেন (৯৩) দলকে ৪৮৯-তে পৌঁছে দিলেন। সকালে ২৪৭-৬ নিয়ে খেলা শুরু করে বাকি ৪ উইকেটে ২৪২ রান তুলেছে দক্ষিণ আফ্রিকা। শেষ ৩ উইকেটে ১৫৫ রান। শেষদিকে দুটো পার্টনারশিপ তাদের পাঁচশোর কাছে পৌঁছে দিয়েছে।

ভেরেন আউট হওয়ার পর মুখুস্বামীর সঙ্গে জুটি বাঁধেন জেনসেন। সেধুরিয়নে ভারতের বিরুদ্ধে ৮৪ নট আউট ছিল তাঁর সবেচি রান। এদিন ঝোড়ো ব্যাটিংয়ে তাকে পিছনে ফেলে দেন এই অলরাউন্ডার। তাঁর ৯১ বলের ইনিংসে আছে ছ'টি চার ও ৭টি ছক্কা। দীর্ঘকায় জেনসেন একের পর এক বল উড়িয়ে দেন লং অন ও মিড উইকেটের উপর দিয়ে। শেষমেশ কুলদীপ তাঁকে ফিরিয়েছেন। তিনি ১১৫ রানে ৪ উইকেট নেন। ৭৫ রানে ২ উইকেট বুমরার। এছাড়া দুটি করে উইকেট নিয়েছেন জাদেজা এবং সিরাজ। দক্ষিণ আফ্রিকার লোয়ার অর্ডারে হামারি (৫) রান পাননি। কেশব মহারাজ নট আউট থেকে যান ১২ রানে।

প্রথম দিন কুলদীপের একটা স্পেল ম্যাচে ফিরিয়েছিল ভারতকে। কিন্তু এদিন তিনি সেই

ম্যাজিক দেখাতে পারেননি। আর জেনসেন নামার পর দক্ষিণ আফ্রিকার রানের গতি অনেক বেড়ে গিয়েছিল। সিরিজে ভারত যেহেতু ০-১ পিছিয়ে রয়েছে তাই জেতার তাগিদ তাদেরই দেখাতে হবে। দক্ষিণ আফ্রিকার জন্য গুয়াহাটিতে ডু-ই যথেষ্ট। তারা সিরিজ নিয়ে চলে যাবে। তবে ম্যাচের যা অবস্থা আর উইকেট এখনও যেরকম ব্যাটিং ফ্রেন্ডলি তাতে বাভুমারা চালকের আসনে জাঁকিয়ে বসেছেন। তা সে ভারতীয় ড্রেসিংরুম যতই ২০০৩-এর অ্যাডিলেড টেস্ট আঁকড়ে বসে থাকুক। বর্ষাপাড়া অ্যাডিলেড হলে সেটাই হবে অঘটন।

স্টোরবোর্ড

দক্ষিণ আফ্রিকা (প্রথম ইনিংস): এইডেন মার্করাম বোল্ড বুমরা ৩৮, রায়ান রিকেলটন ক পন্থ বো কুলদীপ ৩৫, ট্রিস্টান স্টাবস ক রাহুল বো কুলদীপ ৪৯, টেন্ডা বাভুমা ক জয়সওয়াল বো জাদেজা ৪১, টনি ডি জর্জি ক পন্থ বো সিরাজ ২৮, উইয়ান মুন্ডার ক জয়সওয়াল বো কুলদীপ ১৩, সেনুরান মুখুস্বামী ক যশস্বী বো সিরাজ ১০৯, কাইল ভেরেনি স্টাম্প পন্থ বো জাদেজা ৪৫, মার্কে জেনসেন বোল্ড কুলদীপ ৯৩, সাইমন হামারি বোল্ড বুমরা ৫, কেশব মহারাজ নট আউট ১২। অতিরিক্ত: ২১।
মোট (১৫১.১ ওভারে অল আউট): ৪৮৯ রান। বোলিং: জসপ্রীত বুমরা ৩২-১০-৭৫-২, মহম্মদ সিরাজ ৩০-৫-১০৬-২, নীতীশ রেড্ডি ৬-০-২৫-০, কুলদীপ যাদব ২৯.১-৪-১১৫-৪, ওয়াশিংটন সুন্দর ২৬-৫-৫৮-০, রবীন্দ্র জাদেজা ২৮-২-৯৪-২।
ভারত (প্রথম ইনিংস): যশস্বী জয়সওয়াল নট আউট ৭, কে এল রাহুল নট আউট ২। অতিরিক্ত: ০। মোট (৬.১ ওভারে বিনা উইকেটে): ৯ রান। বোলিং: মার্কে জেনসেন ৩.১-১-৯-০, উইয়ান মুন্ডার ৩-৩-০-০।



চার উইকেট নেওয়ার পর বুমরার সঙ্গে কুলদীপ।

এটা পিচ নয় রাস্তা: কুলদীপ

গুয়াহাটি, ২৩ নভেম্বর : গুয়াহাটি টেস্টের দ্বিতীয় দিনের শেষে ব্যাকফুটে ভারত। রবিবার গোটা দিনে ভারতীয় বোলারদের উপর ছড়ি ঘোরাতে দক্ষিণ আফ্রিকার ব্যাটাররা। দিনের শেষে সাংবাদিক সম্মেলনে এসে বর্ষাপাড়া স্টেডিয়ামের ২২ গজকে রাস্তার সঙ্গে তুলনা টানলেন কুলদীপ যাদব। যদিও তিনি স্বীকার করছেন, এটাই টেস্ট ক্রিকেটের চ্যালেঞ্জ।

চার উইকেট নিয়ে তিনি ভারতীয় বোলারদের মধ্যে সেবা। যদিও কুলদীপের আক্ষেপ, উইকেট থেকে কোনও সাহায্য পাইনি। কলকাতার থেকে এই উইকেট সম্পূর্ণ আলাদা। একেবারে পাটা। শান বাঁধানো রাস্তার মতো। স্পিনার বা পেসার, কেউই সাহায্য পাচ্ছে না। প্রথম দিন পিচ শুরুতে ভিজে থাকায় বল কিছুটা ঘুরেছিল। কিন্তু পরে ব্যাটিংয়ের জন্য সহজ হয়ে যায়। আজও একই

ঘটনা ঘটনা ঘটল। আমি অনেক চেষ্টা করেও বল ঘোরাতে পারিনি। তবে কোনও অভিযোগ করতে চাই না। এটাই টেস্ট ক্রিকেটের চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ উপভোগ করতে হবে।

অনেক চেষ্টা করেও বল ঘোরাতে পারিনি। তবে কোনও অভিযোগ করতে চাই না। এটাই টেস্ট ক্রিকেটের চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ উপভোগ করতে হবে। পিচ নিয়ে অহেতুক মাথা ঘামিয়ে লাভ নেই।

পিচ নিয়ে অহেতুক মাথা ঘামিয়ে লাভ নেই। পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে হবে।

কুলদীপ আরও বলেছেন, দক্ষিণ আফ্রিকার ব্যাটারদেরও কৃতিত্ব দিতে হবে। ওরা দুর্দান্ত

ব্যাটিং করেছে। পিচ থেকে কোনও সাহায্য না পেয়ে ফ্লাইটে ওদের বিভ্রান্ত করার চেষ্টা করেছিলাম। কিন্তু সেটাও ওরা দারুণভাবে মোকাবিলা করেছে। সিরিজে আপাতত ০-১ ব্যবধানে পিছিয়ে রয়েছে ভারত। গুয়াহাটিতে জিততে না পারলে, সিরিজ পকেটে পুরে ফেলবেন টেন্ডা বাভুমারা। দ্বিতীয় দিনের শেষে দুই ভারতীয় ওপেনার নট আউট থাকলেও, দক্ষিণ আফ্রিকা থেকে এখনও ৪৮০ রানে পিছিয়ে রয়েছে দল।

এই পরিস্থিতিতে কুলদীপের বক্তব্য, আমাদের ভাল ব্যাট করতে হবে। পিচ ব্যাটিংয়ের জন্য আদর্শ। আমাদের প্রতিটি সেশন ধরে ধরে এগোতে হবে। আমরা এই মুহূর্তে চতুর্থ বা পঞ্চম দিন নিয়ে মাথা ঘামাচ্ছি না। বরং টার্গেট অন্তত পাঁচটি সেশন ব্যাট করা। তাহলেই আমরা ভাল জায়গায় থাকব।